The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 892 | 17 October 2025 | শুক্রবার ০১ কার্তিক ১৪৩২


Mamdani Maintains Double-Digit Lead in NYC Mayoral Race
→ Page 19


Sanae Takaichi elects Japan's first female prime minister
→ Page 18


Metro-North to extend service to Albany competing with Amtrak service
→ Page 18


Sliwa's boss calls for him to exit NYC mayoral race to boost Cuomo
→ Page 19

## নিউইয়র্কে আইস'র সাঁড়াশি অভিযান

# হাজারো বাংলাদেশি আত্মগোপনে

আজকাল রিপোর্ট



নিউইয়র্কে অবৈধ অভিবাসিদের গ্রেপ্তারের জন্য সিটির বিভিন্ন অঞ্চলে সাঁড়াশি অভিযান চালিয়েছে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্ট আইস। ম্যানহাটন, জ্যাকসন হাইটস ব্রডওয়ে, নর্দার্ণ বুবার্ড, ব্রুকলিনে অভিযান পরিচালনা করেছে। আইস-এর পরিচালক সাংবাদিকদের জানান, 'নিউইয়র্কে আগামী দিনে এই অভিযান আরও জোরদার করা হবে'। ম্যানহাটনের অভিযানে একজন বাংলাদেশির গ্রেপ্তারের খবর ছড়িয়ে পড়লেও পরে তার সত্যতা পাওয়া যায়নি। প্রধান সড়ক, কর্মস্থল, মার্কেটে অভিযান চালানো হয়। এর ফলে কমিউনিটিতে বসবাসরত অবৈধ বাংলাদেশিদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে। হাজারো কাগজপত্রহীন বাংলাদেশি আত্মগোপনে রয়েছেন। লোকালয়ে আসছেন না। অনেকেই কর্মস্থলে যেতে ভয় পাচ্ছেন। অভিযানের খবর সোশ্যাল মিডিয়াসহ গণমাধ্যমে দ্রুত ছড়িয়ে যায়। অনেকে আত্মগোপনে থাকায় বাংলাদেশি অধ্যুষিত এলাকা জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রুকলিনের শতশত মানুষকে সতর্কভাবে চলাফেরা করতে দেখা যাচ্ছে।

গত মঙ্গলবার বিকেলে ম্যানহাটনের চায়না টাউনের ক্যানাল স্ট্রিটে অভিযান চালানোর খবরটি বেশি আলোড়ন সৃষ্টি করে। অভিযানের সময় বেশ কয়েকজন রাস্তার বিক্রেতাকে আটক করা হয়। যারা পথচারী এবং অভিবাসী ↘ এরপর ৫০ পৃষ্ঠায়



# বিজয়ের পথে মামদানি

আজকাল রিপোর্ট

৪ নভেম্বর ২০২৫ নিউইয়র্ক সিটির মেয়র পদে নির্বাচন। মুখোমুখি ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী জোহরান মামদানি। প্রতিপক্ষ সাবেক গর্ভনর এন্ড্রু কুমো। কুমো ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র হিসেবে লড়ছেন। আর তাকে বিজয়ী করতে ↘ এরপর ৪৫ পৃষ্ঠায়

# বিএনপি-জামায়াতের মাঠ দখলের লড়াই

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি দৃশ্যমান হচ্ছে। নির্বাচন কমিশন আইন-শৃঙ্খলা বাহিনীসহ বিভিন্ন পক্ষের সঙ্গে বৈঠক করছে। তবে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন যে, একটি মহল নির্বাচন পিছিয়ে দেওয়ার চেষ্টা করছে। এত কিছুর মধ্যেও আগামী মধ্য ফেব্রুয়ারিতে ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

রায় ১৩ নভেম্বর

# হাসিনার ফাঁসি না যাবজ্জীবন?



আজকাল রিপোর্ট

জুলাই গণঅভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ↘ এরপর ৪৫ পৃষ্ঠায়

# ঐক্যের অভিযাত্রায় ব্রংকস কমিউনিটি

## একক প্রার্থী সিপিএ জাকির চৌধুরী

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের হাব পার্কচেষ্টার এলাকা নিয়ে গঠিত নিউ ইয়র্ক স্টেটের ডিস্ট্রিক্ট-৮৭। এ আসনে একজন অ্যাসেম্বলিম্যান নির্বাচিত হন। পার্কচেষ্টার কনডোমোনিয়াম সহ এ ডিস্ট্রিক্টে বাস করেন প্রায় ৮ হাজার বাংলাদেশি ভোটার। ঐক্যবদ্ধভাবে ↘ এরপর ৫০ পৃষ্ঠায়





আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1212065

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416



# জুলাই যোদ্ধাদের ওপর হামলায় নিউইয়র্কে প্রতিবাদ সমাবেশ

আজকাল রিপোর্ট

বাংলাদেশে জাতীয় সংসদ ভবনের সামনে জুলাই যোদ্ধাদের ওপর পুলিশের লাঠিচার্জ, টিয়ার শেল, সাউন্ড গ্রেনেড ও রাবার বুলেট নিক্ষেপের ঘটনার প্রতিবাদে নিউইয়র্কে প্রতিবাদ সমাবেশ করেছে প্রবাসীরা। সমাবেশ থেকে হামলায় জড়িত ও তাদের নির্দেশদাতাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানানো হয়।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ও প্রবাসী ঐক্য পরিষদ গ্লোবাল এনআরবি'র যৌথ আয়োজনে গত ১৮ অক্টোবর সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভার সিটি প্লাজায় এই এরপর ২৬ পৃষ্ঠায়




# জাবি এলামনাইয়ের সভাপতি মেঘনা সম্পাদক অয়ন

আজকাল রিপোর্ট

প্রবাসের অন্যতম বড় এলামনাই সংগঠন জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশন অব আমেরিকা (জেএএএ)-এর ২০২৬-২০২৭ বর্ষের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন মেঘনা পাল, পরিসংখ্যান বিভাগ এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন প্রশান্ত মল্লিক অয়ন, দর্শন বিভাগ।

গত ১৯ অক্টোবর নিউ ইয়র্কের একটি রেস্টুরেন্টে সংগঠনের একটি জরুরী সভায় সর্বোসম্মতিক্রমে এ কমিটি গঠন করা হয়। এরপর ৩৮ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রের দেড় শতাধিক নাগরিককে ভুল করে গ্রেপ্তার!

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রজুড়ে গত ৯ মাসে কমপক্ষে ১৭০ জন যুক্তরাষ্ট্রের নাগরিককেই গ্রেপ্তার করেছে ইউএস কাস্টমস অ্যান্ড ইমিগ্রেশন এনফোর্সমেন্ট (আইস)। প্রোপাবলিক-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, অভিবাসনবিরোধী অভিযানে ভুলবশত এসব নাগরিককে গ্রেপ্তারের পর অনেককে আবার তাদের আইনজীবী বা পরিবারের সঙ্গে যোগাযোগের সুযোগ না দিয়েই আটকে রাখা হয়েছিল। এই সংখ্যা বাস্তবে আরো বাড়তে পারে বলে প্রতিবেদনে বলা হয়েছে। গ্রেপ্তার হওয়া ১৭০ জনের মধ্যে শিশু, অন্তঃসত্ত্বা নারী ও অসুস্থ নাগরিকও রয়েছেন। অনেককে ভুল পরিচয় বা নামের উচ্চারণকে ভিত্তি করে 'বিদেশি' হিসেবে সন্দেহ করে আটক করা হয়েছে। টেনেসির এক মার্কিন নাগরিক জানান, তিনি পাসপোর্ট ও জন্মসনদ দেখালেও আইসিই কর্মকর্তারা বিশ্বাস করেননি যে, তিনি আমেরিকান। তদন্তে আরো জানা গেছে, অনেককে আটক করার সময় শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে। তাদের কেউ কেউকে টেনেহিঁচড়ে নেওয়া, মাটিতে ফেলে দেওয়া, এমনকি হ্যান্ডকাফ পরিয়ে ঘণ্টার পর ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয়। একাধিক ক্ষেত্রে এজেন্টরা নাগরিকদের গলায় হাঁটু দিয়ে চেপে ধরার মতো নিষ্ঠুর আচরণ করেছেন। প্রোপাবলিকার তথ্যমতে, এই ঘটনাগুলো যুক্তরাষ্ট্রের অন্তত ১২টি অঙ্গরাজ্যে ঘটেছে। বিশেষ করে ক্যালিফোর্নিয়া, টেক্সাস, ফ্লোরিডা, ইলিনয় ও নিউইয়র্কে। সবচেয়ে উদ্বেগজনক তথ্য হলো, ২০ জনেরও বেশি নাগরিকের 'গোপন আটক'-এর ঘটনা। এসব এরপর ২৬ পৃষ্ঠায়




# প্রগ্রেসিভ ফোরামের নতুন কমিটি

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কের প্রগতিশীল সংগঠন প্রগ্রেসিভ ফোরাম, ইউএসএ এর নতুন কমিটি গঠন করা হয়েছে। এতে হাফিজুল হক সভাপতি এবং জাকির হোসেন বাচ্চুকে সাধারণ সম্পাদক করা হয়েছে। গত ১৯ অক্টোবর জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে ফোরামের চতুর্থ সম্মেলনে ৩৭ সদস্য বিশিষ্ট নতুন কার্যকরী কমিটি ঘোষণা করা হয়। ৪১ সদস্যের কার্যকমিটির প্রচার সম্পাদক সহ আরো তিন সদস্য পরবর্তীতে অন্তর্ভুক্ত করা হবে। কার্যকরি এরপর ৩৮ পৃষ্ঠায়




# জাতিসংঘের শীর্ষ আদালতে ইসরায়েলকে তিরস্কার

আজকাল রিপোর্ট

গাজার ত্রাণ আটকানোয় ইসরায়েলকে তিরস্কার করলো জাতিসংঘের শীর্ষ আদালত (আইসিজে)। আইসিজে বলেছে, গাজার মানবিক সহায়তা প্রবাহে বাধা দিয়ে ইসরায়েল আন্তর্জাতিক আইনের লঙ্ঘন করেছে। বুধবার দেওয়া আদালতের আইনি মতামতে বলা হয়, 'দখলদার শক্তি' হিসেবে ইসরায়েলের দায়িত্ব জাতিসংঘের সংস্থাগুলোর সঙ্গে কাজ করা এবং গাজার মানুষের কাছে জরুরি ত্রাণ পৌঁছানো নিশ্চিত করা। বিচারপতি ইওয়াসাওয়া ইউজি রায়ের ব্যাখ্যায় বলেন, কোনো দখলদার শক্তি নিরাপত্তার অজুহাতে মানবিক এরপর ৩৮ পৃষ্ঠায়

# বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ-এর সাহিত্য সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ'র সাহিত্য আসর ১২ অক্টোবর '২৫ (রোববার) সন্ধ্যা ৭টায় মিশিগান স্টেটের হ্যামট্রাম্যাক সিটি'র হলব্রুক এভিনিউয়ের কার্যালয়ে সভাপতি মোহাম্মদ মুজিবুর রহমান শাহিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সংগঠনের সহ-সভাপতি ও মুখপাত্র হাসান কান্তি সেনের সঞ্চালনায় সাহিত্য আসরে প্রধান অতিথি'র ছিলেন সৈয়দ মুশাররফ আলী।বিশেষ অতিথি হিশেবে ছিলেন বিশিষ্ট লেখক/ অধ্যাপক ডক্টর সৈয়দ মুতাকাব্বির (মাসুদ)। আলোচনায় অংশ নেন বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ'র উপদেষ্টা গীতিকার ইশতিয়াক রুপু,বাংলাদেশ সরকারের সাবেক সচিব মোঃ আব্দুর রউফ, কবি সুবিমল সেনাপতি,কবি এরপর ৩০ পৃষ্ঠায়




# মুক্তিযোদ্ধাকে নরসিংদী জেলা সমিতির সম্মাননা

আজকাল রিপোর্ট

নরসিংদী শিবপুর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল গফুর সাহেবকে নিউইয়র্কে সংবর্ধনা ও তার শুভেচ্ছা ও মতবিনিময় করেছে নিউইয়র্কস্থ নরসিংদী জেলা সমিতি। গত ১৮ অক্টোবর এস্টোরিয়ার হেলো বাংলাদেশ রেস্টুরেন্টে সমিতির নেতৃবৃন্দের পাশাপাশি যুক্তরাষ্ট্রে বসবাসরত নরসিংদী বাসী উপস্থিত ছিলেন। নরসিংদী জেলা সমিতির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ আনোয়ার হোসেন এতে সভাপতিত্ব করেন।

নরসিংদী জিলা সমিতির সাধারণ সম্পাদক আহসানুল হক এরপর ৩৮ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999


Suryia Rahman, Esq

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# বিনা ভোট, নিশি ভোট ও ডামি ভোট আর নয়

প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস প্রায়শই বলেন তার সরকারের তত্ত্বাবধানে এবারে এমন একটি চমৎকার ভোট হবে যা এই জাতি ইতিপূর্বে দেখে নাই। ২০২৬ সনের ফেব্রুয়ারির প্রথমার্ধেই তা অনুষ্ঠিত হবে। এবং নির্বাচন শেষে তিনিসহ উপদেষ্টারা যার যার কাজে ফিরে যাবেন। অবশ্য এমন কথাও তিনি বলেছেন অনেকেই তাকে ৫ বছর, ১০ বছর এমনকি ৫০ বছর পর্যন্ত ক্ষমতায় দেখতে চায়। সেটা কীভাবে সম্ভব তা তিনি ব্যাখ্যা করেননি। অবশ্য একটা সময় কোনো কোনো মহল 'সংস্কার সংস্কার মাতম' তুলে নির্বাচনের বিরোধিতা করে আসছিলেন। এখন আবার একই মহল সুর ঘুরিয়ে বলছেন 'সাংবিধানিক আদেশের মাধ্যমে জুলাই সনদ কার্যকর করে নভেম্বর মাসে গণভোটের আয়োজন করে তারপর জাতীয় নির্বাচন। পত্রিকান্তরে প্রকাশ, বিশেষ আদেশের ভিত্তিতে জুলাই সনদকে গণভোটে দেওয়ার সুপারিশ করার কথা নাকি ঐকমত্য কমিশনও ভাবছে। জাতীয় নির্বাচনকে ঝুলিয়ে দেয়ার 'সংস্কারবাদী নতুন বন্দোবস্ত' কিনা কে জানে!

> উপদেষ্টাদের সভায় কি আলোচনা হয় সেটাও নাকি তারা সব জানেন। এসব কথার যদি সত্যতা থাকে তবে এ ধরনের সরকারের কাছে কি আইনের শাসন ও নিরপেক্ষতা আশা করা যায়? এ ধরনের সরকারের পক্ষে কি দেশের সেরা নির্বাচন তো দূরের কথা একটি শান্তিপূর্ণ, নিরপেক্ষ ও স্বাভাবিক নির্বাচন আয়োজন করা সম্ভব?

তবে তার চেয়ে বড় প্রশ্ন জনমনে উত্থাপিত হয়েছে গত কয়েকদিনে এনসিপি, জামাত ও বিএনপি নেতৃবৃন্দকর্তৃক অন্তর্বর্তী সরকার সম্পর্কে কতক কঠোর মন্তব্য। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম সম্প্রতি মন্তব্য করেছেন, 'অন্তর্বর্তী সরকারের উপদেষ্টারা আখের গুছিয়ে নিয়েছেন এবং সেফ এক্সিট খুঁজছেন।' এনসিপি নেত্রী সামান্থা শারমিন বলছেন, 'অন্তর্বর্তী সরকারের প্রত্যেক উপদেষ্টা নিজের আখের গোছানোর কাজ করে রেখেছেন।' আরো এক কাঠি উপরে উঠে এনসিপির দক্ষিণ অঞ্চলের সিপাহসালার অন্তর্বর্তী সরকারকে মোনাফেক সরকার হিসেবে আখ্যায়িত করেছেন। জামায়াতে ইসলামের নায়েবে আমীর সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের আরো গুরুতর অভিযোগ করে বলেছেন, সরকারের কোনো কোনো উপদেষ্টা ষড়যন্ত্রে লিপ্ত, এমনকি তাদের 'কণ্ঠরেকর্ড' পর্যন্ত আছে। তিনি ইঙ্গিত করেছেন, প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের নিকটতমদের কেউ কেউ নীলনকশার নির্বাচন আয়োজনের চেষ্টা করছেন। তারা মিটিংয়ে কী আলোচনা করেন তার খবরও নাকি তাদের কাছে আছে।

বিএনপি নেতৃবৃন্দ অবশ্য কিছুটা নরম কণ্ঠে বলছেন, কিন্তু উপদেষ্টার আচরণ সরকারের নিরপেক্ষতাকে ক্ষুণ্ণ করছে। বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, 'অন্তর্বর্তী সরকারের প্রশাসনে খুঁজে খুঁজে শিবির ক্যাডার ও জামায়াতে ইসলামী মতাদর্শের লোকজনকে' বসানো হচ্ছে। আবার উপদেষ্টা মাহফুজ আলম আগেই বলেছেন, 'অন্তর্বর্তী সরকার গঠনের পর বিএনপি ও জামায়াতে ইসলামী কাড়াকাড়ি করে প্রশাসনিক জায়গাগুলোতে তাদের লোক নিয়োগ করিয়েছে।' অন্তর্বর্তী সরকার গঠনে ভূমিকা রাখা দলগুলো–জামায়াত, এনসিপি ও বিএনপি বিশেষত প্রধান উপদেষ্টার নিয়োগকর্তারা এবং যাদের সাথে নিয়ে তিনি বিশ্ব মঞ্চ মাতিয়ে এলেন তারাই যখন তার সরকারের বিরুদ্ধে গুরুতর সব অভিযোগ তুলেছেন তাতে করে সরকারের নৈতিক কর্তৃত্ব নড়বড়ে হয়ে যাওয়ার কথা। ইউনূস বলছেন, সেরা নির্বাচন উপহার দেবেন আর জামায়াত বলছে প্রধান উপদেষ্টার নিকটতম লোকজন নীল নকশার নির্বাচন আয়োজনের চেষ্টা করছেন। আর তার নিয়োগকর্তারা বলছেন, সরকারের প্রত্যেক উপদেষ্টা আখের গুছিয়ে এখন সেফ এক্সিট খুঁজছেন। এটা সবারই জানা, অন্তর্বর্তী সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে ও দায়িত্বে বিএনপি, জামায়াতসমর্থিত ব্যক্তিরা রয়েছেন। এনসিপি ঘনিষ্ঠ দুজন ছাত্র উপদেষ্টা এখনো সরকারে আছেন এবং সরকার ও প্রশাসনের বিভিন্ন স্তরে নানা কৌশলে এনসিপিও জায়গা করে নিয়েছে। কার্যত সরকার তিনদলীয় অন্তর্বর্তী সরকারে রূপ নিয়েছে। নির্বাচন হলে ক্ষমতার কেন্দ্র থেকে নিজেদের বাদ পড়ার ভয়ে উদ্বিগ্ন নেতারা নানা উক্তি হয়তোবা করছেন। কিন্তু উপদেষ্টাদের কলরেকর্ড জামায়াতের কাছে কিভাবে পৌঁছেছে? উপদেষ্টাদের সভায় কি আলোচনা হয় সেটাও নাকি তারা সব জানেন। এসব কথার যদি সত্যতা থাকে তবে এ ধরনের সরকারের কাছে কি আইনের শাসন ও নিরপেক্ষতা আশা করা যায়? এ ধরনের সরকারের পক্ষে কি দেশের সেরা নির্বাচন তো দূরের কথা একটি শান্তিপূর্ণ, নিরপেক্ষ ও স্বাভাবিক নির্বাচন আয়োজন করা সম্ভব?

# বিমানবন্দরে অগ্নিকাণ্ড : নিছক দুর্ঘটনা না ষড়যন্ত্র!!

আহবাব চৌধুরী খোকন



দেশে হটাৎ করে দুর্ঘটনার পরিমান আশংখা জনক ভাবে বৃদ্ধি পাওয়ার জনমনে নানা সন্ধেহ ও অবিশ্বাসের সৃষ্টি হয়েছে। সপ্তাহ খানেকের ব্যবধানে ঢাকা ও চট্টগ্রামে সংঘটিত তিনটি অগ্নিকাণ্ডে রাষ্ট্রের বিপুল পরিমাণ সম্পদের ক্ষতি হয়েছে। স্বৈরাচারী সরকারের পতনের পর দায়িত্বপ্রাপ্ত বর্তমানের তত্ত্বধায়ক সরকার যখন নানা চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কাজ শুরু করেছে তখন উপর্যুপরি সংঘঠিত অনভিপ্রেত এই ঘটনা গুলোকে দেশবাসী নিছক দূর্ঘটনা হিসাবে মেনে নিতে পারছে না। অনেকেই মনে করছে স্বাধীণতার অব্যবহিত পরে যেভাবে দেশের পাটকল গুলোতে আগুন দেয়া হয়েছিল এখন ঠিক একই কায়দায় একটি মহল দেশের বিভিন্ন স্থাপনায় আগুন লাগিয়ে পুরো দেশেকে অস্থিতিশীল করার চেষ্টা চালাচ্ছে। এদেরকে কঠোর হস্তে দমন করা প্রয়োজন।

উল্লেখ্য গত ১৮ই অক্টোবর সময় দুপুর ২ টায় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে একটি বড় ধরনের অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এই অগ্নিকাণ্ডে কার্গো গুদামে মওজুদকৃত ১ বিলিয়ন ডলারের পণ্য আগুনের লেলিহান শিখায় পুড়ে ভষ্মিভূত হয়। ঘটনার পর আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের সময় লেগেছে সাত ঘন্টা। এতে পুরোপুরি ভেঙ্গে পড়ে বিমানবন্দরের স্বাভাবিক কার্যক্রম। সাত ঘন্টা অভ্যন্তরিন ও আন্তর্জাতিক রুটের সকল ফ্লাইট চলাচল বন্ধ ছিল। আগুনের সূত্রপাত কীভাবে হয়েছে সেটি নিশ্চিত করতে পারেনি ফায়ার সার্ভিস। ঘটনা তদন্তে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ঢাকা বিমানবন্দরে সংগঠিত অগ্নিকাণ্ডের পূর্বে আমরা চট্টগ্রাম ইপিজেডে এলাকায় একই ভাবে একটি পোষাক কারখানা ভষ্মিভূত হতে দেখেছি। এর আগে দেখেছি ঢাকার মিরপুরে এক রাসায়নিক গুদামে আগুন লেগে ১৬ জন নিরিহ মানুষের সলিল সমাদি। তিনটি অগ্নিকান্ডেই প্রত্যেক্ষ ও পরোক্ষ ভাবে আঘাত এসেছে রফতানি যোগ্য পোষাক শিল্পের ওপর।

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মত একটি স্পর্শকাতর জায়গায় অগ্নিকাণ্ডকে অনেক শিল্পমালিক ও অর্থনীতিবিদগন স্বাভাবিক ভাবে মেনে নিতে পারছে না। তারা মনে করে নেপথ্যে বড় ধরনের ষড়যন্ত্র জড়িত। একটির পর একটি অঘটন ঘটিয়ে আন্তর্জাতিক অঙ্গনে দেশের ভাবমুর্তিকে নষ্ট করা হচ্ছে। পোষাক শিল্পের ওপর এভাবে হামলা চলতে থাকলে এই শিল্প মুখ থুবড়ে পড়বে। অথচ শুধু এই খাত থেকে দেশ প্রতিবছর প্রচুর বৈদেশিক মুদ্রা উপার্জন করে থাকে। অগ্নিকাণ্ডের পর পোষাক শিল্পে নিয়োজিত শ্রমিকদের নিরাপত্তা ও কাজের পরিবেশ নিয়ে আন্তর্জাতিক মহলে প্রশ্ন উঠছে। এর ফলে এই সেক্টরের আন্তর্জাতিক বাজার হুমকির মুখে পড়েছে। ২০২৪ এর গণঅভ্যুত্থানের পর পতিত স্বৈরাচারী সরকারের দোষরদের একই ভাবে আমরা দেখেছিলাম সাভার,আশুলিয়া ও গাজীপুরসহ দেশের বিভিন্ন জায়গায় বড় বড় পোষাক কারখানায় হামলা চালিয়ে আতংক ছড়াতে। এখন মনে হচ্ছে সেই মহলেরই উপদ্রপ আবার মাথা ছাড়া দিয়ে উঠেছে।

> আমি মনে করি সারাদেশে অগ্নিকাণ্ডের ঘটনার সাথে পতিত স্বৈরাচারী শক্তির যোগসাজশ রয়েছে। দেশে অনুষ্ঠিতব্য নিরপেক্ষ নির্বাচন ও কষ্টার্জিত গণতন্ত্রকে বাধাগ্রস্থ করাই হচ্ছে এদের আসল উদ্দেশ্য। তাই সময় থাকতে সরকারের উচিত কঠোর হস্তে সকল ষড়যন্ত্র মোকাবেলা করা। শত সহস্র শহিদের আত্নদানকে বৃথা যাক এমনটি দেশের সচেতন মানুষ আর দেখতে চায় না

এহেন পরিস্থিতিতে সরকারের উচিত হবে ঘন ঘন আগুন লেগে যাওয়ার ঘটনাগুলো নিছক দুর্ঘটনা না নাশকতা এর কারণ অনুসন্ধান। বাংলাদেশে পোষাক শিল্প একটি রফতানীমুখী খাত। সরকার প্রতি বছর এই খাত থেকে মিলিয়ন মিলিয়ন ডলার উপার্জন করে থাকে। এখন এই খাত ধ্বংস করে দেয়ার ষড়যন্ত্র দেশ বিরোধী নাশকতা ছাড়া অন্য কিছু নয়। বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের শাসনামলে যখন আন্তর্জাতিক মানবতা বিরোধী ট্রাইবুনাল স্বৈরাচারী শেখ হাসিনার পরিকল্পিত গনহত্যার বিচার কাজ শুরু করেছে তখন এই বিচার ব্যবস্থা বাধাগ্রস্থ করতে উঠে পড়ে লেগেছে দেশ বিরোধী একটি শক্তি।

তারা সুযোগ খোঁজছে যে কোন মুল্যে দেশকে অস্থিতিশীল করার।এই ষড়যন্ত্র এখনই বন্ধ করে দিতে না পারলে দেশ কঠিন সংকটের মুখোমুখি হতে পারে। আমি মনে করি সারাদেশে অগ্নিকাণ্ডের ঘটনার সাথে পতিত স্বৈরাচারী শক্তির যোগসাজশ রয়েছে। দেশে অনুষ্ঠিতব্য নিরপেক্ষ নির্বাচন ও কষ্টার্জিত গণতন্ত্রকে বাধাগ্রস্থ করাই হচ্ছে এদের আসল উদ্দেশ্য। তাই সময় থাকতে সরকারের উচিত কঠোর হস্তে সকল ষড়যন্ত্র মোকাবেলা করা। শত সহস্র শহিদের আত্নদানকে বৃথা যাক এমনটি দেশের সচেতন মানুষ আর দেখতে চায় না।

লেখক : কলামিষ্ট ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট, নিউইয়র্ক।

# খাটের খবর হাটে বিক্রি!

রাজু আহমেদ

> ফেসবুক টিকটকের সেলিব্রিটি হতে যারা হুঁশ হারিয়ে নেশাগ্রস্ত ওদেরকেও এই সমাজ ও রাষ্ট্রের বহন করতে হবে। কাজেই প্রতিষেধক প্রদান করা শুরু হওয়া উচিত। ধ্বংসের ভয়াল গ্রাস থেকে যে সমাজকে মিডিয়া বাঁচাতে পারে তাদের অনেকেই বিবেকে ক্যান্সারে আক্রান্ত। হিরো আলমের কর্মকাণ্ডকে যারা হিরোগিরি বলে প্রচার করে, নেতিবাচকতাকে পুঁজি করে যারা ব্যবসা করে এবং যারা সাধারণদের আবেগকে কেন্দ্র করে খেলা করে তাদের বদ মতলব আছে!



মৃত্যু শোক ফিকে হয়ে যায় নষ্টামিতে! তিস্তা নিয়ে বিএনপির উদ্যোগে ভুক্তভোগীদের বোধ মৃতদেরই অনেকগুলো মিডিয়ায় গুরুত্ব সহকারে জায়গা পায়না ভ্রষ্টামিতে। ষোলোটি তাজা প্রাণ পুড়ে মারা গেলো অথচ কারোরই মনে বলার বোধও উদয় হলো না! উস্তাদজী-উস্তাদজার প্রেম-পরকীয়া নাটকে বুঁদ হয়ে থাকা প্রবৃত্তির দাস-বাদীরা বিবেক হারিয়ে ফেলেছে!

তনির বিয়ে আর কেকের হাটে মানসিকতা ও মূল্যবোধ ভর্তা করে এখানে এখন মানুষ সুখ খোঁজে! অসুস্থতার বাজার সর্বগামী। রিপন মিয়ায় আবারো প্রমাণ করলো- মিডিয়া আসলে কতিপয় কাঙাল মনোভাবাপন্ন অপ-সাংবাদিকতার সাংবাদিকদের দখলে! কোথাও ভালো কিছু নাই, মানে ভালোর প্রচার ও প্রসার নাই! সবকিছুতে রঙ খোঁজা এবং চরিত্রের বাজে চিত্র আঁকার তুলিটা গুলতেকিনদের দিকে ঘুরেফিরে চোখ রাখে। অথচ মিরপুরে ঝলসে যাওয়া হালি চারেক সস্তা জীবন আমাদেরকে ব্যথিত করতে না পারার প্রতিযোগিতা মানুষের রাস্তা থেকে ছিটকে ফেলছে! এখানে এখন পদ-পদবি, বিত্ত-প্রতিপত্তি দেখে সুখ ও শোকের পারদ ওঠানামা করে।

তিস্তা পাড়ের মানুষের দুর্ভোগ কমাতে এবং প্রতিবেশির বিমাতৃসুলভ আচরণের প্রতিবাদে বৃহত্তর রাজনৈতিক দল ও শক্তি বিএনপির তরফে যে উদ্যোগ নিয়েছে তাতেও রাজনীতির কালোর কদর্যতা খুঁজে সমর্থন ও চুপথাকা ভাগাভাগি করে ফেলেছি! অথচ সমগ্র বাংলাদেশী মনোভাবাপন্নদের মোটকথা মানুষদের এই দাবিতে সোচ্চার হওয়া সময়ের দাবি। মিডিয়ায় এসব নিয়ে কপচানো নাই! কোথায় রঙ হচ্ছে, কে ঢঙ দেখাচ্ছে ক্যামেরা-বুম সেদিকেই ছুটছে! ওসবের টিআরপি বেশি! ভিউ মানেই যেখানে ব্যবসা সেখানে রঙ-তামাশার গ্রাহক বেশি। বিবেকের জানাযা হয়ে গেছে কিনা- কেউ খোঁজ নিয়ে জানালে ভালো হয়!

রিপন মিয়ার সংসার, তনির বিয়ে- এসবে জাতির লাভ-ক্ষতি কী? ফেসবুক সেলিব্রেটিকে যারা হীনের দাঙ্গ মনে করে তারা আলেমের সংজ্ঞাই জানে না। ধর্ম জানার জন্য বোধ বিবেক খাটাতে হয়। কাজেই তুহার পরকীয়া, সাবিকুন্নাহারের মাইর খাওয়া- এসব সংবাদে ব্যথিত হওয়া এবং বিশ্বাস ভাঙা- এসব আমাদের মূর্খামির খেসারত। ওদের জীবন নিয়ে এত চর্চার দরকারটাই বা কী! কোথায় আবেগী হওয়া দরকার, আর কোথায় অপশক্তির চোখে চোখ রাখা দরকার- সেই বোধ এই জনতার কয় শতাংশের আছে? পাঁচশ টাকায় যারা পাঁচ বছর বিক্রি করে দেয় তারা না বোঝে ব্যক্তিত্ব আর না জানে গণতন্ত্র! রিলস আর শর্টস যাদের জীবন ও জীবিকার মাধ্যম, শরীর আর সঙ্গী-সাথীর সাথের গোপনীয়তা বিক্রি করে যারা ডলার কামানোর স্বপ্নে বিভোর তারা আধুনিক ভিক্ষুক- বুঝি তো এসব?

কেক নিয়ে কী কাণ্ডটাই না করলো ঢাকাবাসী! দেশবাসী তা দেখে পাছার কাপড় তুলে নাক-চোখ ঢাকার মতো অবস্থা! আমরা পারিও বটে! খাটের খবর হাটে বিক্রি করতে আমাদের বিবেক বাঁধা দেয় না! অথচ পরীক্ষার ফলাফল যে চিত্র অঙ্কিত করেছে তাকে অনেকেই শিক্ষাখাতের ধ্বস বলে হালকা করে বিনোদনের হাওয়া এরপর ২৬ পৃষ্ঠায়

> ভাইরালের লোভে বিকৃত হচ্ছে ব্যক্তিত্ব। সহমর্মিতা ও সহযোগিতার যেটুকু অবশিষ্ট আছে তাও লোক দেখানো। মানুষের মারামারি, সহিংসতা, খুন-জখম এখন উপভোগ্যের পর্যায়! গুজব ও মিথ্যাচার জাতীয় তথ্যে পরিনত হচ্ছে! সত্যের প্রচার ও প্রসারে শয়তান লাগাম টেনে রেখেছে। যত কু- তাই এখন বাজারে হরদম চলছে। মুক্তি না পেলে ধ্বংস অনিবার্য। সেই ধ্বংস প্রতিবেশীর দুয়ারে দাঁড়ানো মানে আমার ঠিকানাও তার পকেটে!

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# জুলাই সনদ ও এনসিপি: এক ঐতিহাসিক ট্র্যাজেডি

শহীদুল্লাহ ফরায়জী



জুলাই গণ-অভ্যুত্থানের অগ্নিশিখা জ্বালিয়েছিল 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'। সাধারণ ছাত্র-জনতা ও তরুণ প্রজন্মের নির্ভীক নেতৃত্বে শ্রমজীবী, কর্মজীবী ও পেশাজীবী জনতার যুগান্তকারী এই সংগ্রামে রাজপথ পরিণত হয়েছিল অন্যায় ও স্বৈরাচারের বিরুদ্ধে জ্বলন্ত এক যুদ্ধক্ষেত্রে। শেখ হাসিনার দীর্ঘমেয়াদি দমননীতি ও ক্ষমতার পরাক্রমের মুখে তারা বুক চিতিয়ে দাঁড়িয়েছিল নিরস্ত্র, অথচ অদম্য সাহস নিয়ে। টিয়ারগ্যাস, রাবার বুলেট, এমনকি গুলি-কিছুই তাদের থামাতে পারেনি। প্রতিটি বিশ্ববিদ্যালয়, প্রতিটি হল, প্রতিটি সড়ক পরিণত হয়েছিল প্রতিরোধের দুর্গে। তারা জানতো, এই লড়াই জীবনের জন্য নয়- মুক্তির জন্য। একের পর এক তরুণের তাজা রক্ত জাতিকে জাগিয়ে তুললো। তাদের আত্মত্যাগ, সংগঠিত প্রতিরোধ ও নৈতিক-সাহসের প্রবল জোয়ারে শেখ হাসিনার পরাক্রমশালী সরকার ভেসে গেল ইতিহাসের অতলে।

সংস্কারের প্রক্রিয়া- জুলাই সনদ: জুলাই গণ-অভ্যুত্থানের পর প্রণীত জুলাই সনদ-যা ভবিষ্যৎ রাষ্ট্র পরিচালনা ও গণতান্ত্রিক পুনর্গঠনের ভিত্তিপত্র, তা থেকে আন্দোলনের মূল চালিকাশক্তি ও স্থপতিদের পূর্ণ অংশগ্রহণ বা সম্মতি বাদ পড়া কেবল একটি আনুষ্ঠানিক ত্রুটিই নয়; এটি রাজনৈতিক বাস্তবতার গুরুতর অবমূল্যায়ন। এই অনুপস্থিতি গণ-অভ্যুত্থানের নৈতিক ও গণতান্ত্রিক বৈধতাকে দুর্বল করে এবং ভবিষ্যতের রাজনৈতিক প্রক্রিয়ায় নতুন বিভাজনের ঝুঁকি সৃষ্টি করে। যাদের ত্যাগ, নেতৃত্ব ও রক্তের বিনিময়ে স্বৈরশাসনের পতন ঘটেছিল, তাদের সিদ্ধান্ত প্রণয়ন-প্রক্রিয়া থেকে দূরে রাখা মানে জনগণের মূল শক্তিকে কোণঠাসা করা। তবে, একইসঙ্গে স্বীকার করতে হবে- জুলাই সনদ প্রণয়নে এনসিপি'র যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। কোনো জাতীয় সনদ বা চুক্তি চিরকালের জন্য নিরঙ্কুশ হতে পারে না, ত্রুটি-সীমাবদ্ধতা নিয়েই শুরু হতে পারে। কিন্তু জাতীয় সনদের সীমাবদ্ধতা বা মতভেদের অজুহাতে বা আইনি ভিত্তির দাবিতে সনদ বাস্তবায়নের জাতীয় ঐকমত্যের প্রেক্ষাপট এবং স্বাক্ষর অনুষ্ঠানের ঐতিহাসিক ঘটনা থেকে নিজেদের সরিয়ে নেয়া-একটি আত্মঘাতী পদক্ষেপ। এই অবস্থান রাজনৈতিকভাবে নেতিবাচক সংকেত দেয়। ইতিহাস বারবার প্রমাণ করেছে- যে শক্তি আন্দোলনের সূচনায় নেতৃত্ব দেয় কিন্তু পরবর্তী ঐক্য প্রক্রিয়া থেকে সরে যায়, তারা শেষ পর্যন্ত জনগণের এজেন্ডাকে প্রভাবিত করার নৈতিক ও রাজনৈতিক সক্ষমতা হারায়। গণ-অভ্যুত্থানে নেতৃত্ব প্রদানকারী তরুণ প্রজন্মের এই বিচ্ছিন্নতা তাই কেবল কৌশলগত নয়, বরং নৈতিক নেতৃত্বের ক্ষেত্রেও এক শূন্যতা সৃষ্টি করতে পারে, যা দ্রুত পূরণ করে নেয়া জরুরি। অন্যদিকে, জাতীয় নাগরিক পার্টিকে বাইরে রেখে জুলাই সনদ স্বাক্ষর করা বিপজ্জনক রাজনীতির বার্তা দেয়। এটি এমন এক প্রবণতার প্রতিফলন, যেখানে আন্দোলনের প্রকৃত শক্তিকে বাদ দিয়ে ক্ষমতার পুনর্বিন্যাসের চেষ্টা চলছে। এই প্রবণতা জাতীয় ঐক্য ও ন্যায়ভিত্তিক রাষ্ট্রগঠনের ধারণাকে দুর্বল করে এবং দীর্ঘমেয়াদে রাজনৈতিক অবিশ্বাসকে গভীর করে তুলতে পারে। এখন প্রয়োজন সংহতি ও পুনর্মিলনের রাজনীতি- যেখানে জুলাই গণ-অভ্যুত্থানের সকল অংশীজন, বিশেষ করে তরুণ প্রজন্ম ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্ব, পারস্পরিক আস্থা ও দায়িত্ববোধের ভিত্তিতে একত্র হবে। কারণ, জুলাই সনদের প্রকৃত শক্তি নিহিত রয়েছে সেই তরুণ প্রজন্মের রক্ত, ত্যাগ ও আদর্শে। তাদের বাদ দিয়ে কোনো চুক্তি বা সনদ জাতীয় পুনর্গঠনের কার্যকর দলিল হতে পারে না।

ড. ইউনূসের 'নিয়োগদাতাদের' নির্বাসন: ড. মুহাম্মদ ইউনূস ছাত্রসমাজকে 'নিয়োগদাতা' হিসেবে অভিহিত করে তাদের রাজনৈতিক সার্বভৌমত্ব ও নৈতিক কর্তৃত্বকে স্বীকৃতি দিয়েছিলেন। কিন্তু জুলাই সনদ স্বাক্ষরের প্রক্রিয়া সেই তত্ত্বকে কার্যত প্রশ্নবিদ্ধ করার সুযোগ তৈরি করে। গণ-অভ্যুত্থানে নেতৃত্ব প্রদানকারী তরুণ নেতৃত্ব ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অনুপস্থিতি প্রমাণ করে, 'নিয়োগদাতা'কে বাদ দিয়ে নয়া মেরুকরণের প্রবণতা দেখা যাচ্ছে।

যে তত্ত্বে ছাত্রসমাজকে রাষ্ট্র ও সমাজ পুনর্গঠনের নৈতিক কেন্দ্র হিসেবে ধরা হয়েছিল, তা এখন কৌশলগত ও নৈতিকভাবে চ্যালেঞ্জের মুখে পড়ছে। কারণ, এতে তাদের জনগণের নেতৃত্ব ও ঐক্য প্রক্রিয়া থেকে দূরে সরে পড়ার সম্ভাবনা দেখা দিচ্ছে। কিন্তু একইসঙ্গে জাতীয় নাগরিক পার্টিকে এই জাতীয় ঐকমত্য থেকে দূরে রাখা বা যুক্ত করতে ব্যর্থ হওয়াও সরকারের গুরুতর রাজনৈতিক ব্যর্থতা। সনদটি যেহেতু গণ-অভ্যুত্থানের ফসল, তাই এর স্বাক্ষর অনুষ্ঠানে গণ-অভ্যুত্থানের মূল চালিকাশক্তিদের উপস্থিতি কেবল সৌজন্যই নয়, এটি ছিল প্রক্রিয়াগত ন্যায্যতার মূল ভিত্তি। যেকোনো ঐতিহাসিক রাজনৈতিক দলিলে তার উৎপত্তির উৎসকে সম্মান জানানো অপরিহার্য।

জুলাই সনদের ঐতিহাসিক তাৎপর্য: জুলাই সনদ নিরঙ্কুশ নয়। তবে, ফ্যাসিবাদী ব্যবস্থাকে ভেঙে দেয়া এবং কর্তৃত্ববাদী কাঠামো থেকে বেরিয়ে আসার প্রাথমিক পদক্ষেপ। এই দলিলটির তাৎপর্য অনুধাবন করতে হলে বুঝতে হবে যে, গণ-অভ্যুত্থান ছিল একটি বিপ্লবী মুহূর্ত (বিপ্লবী বীজ), যা আমূল পরিবর্তনের শক্তি বহন করে এনেছিলো। কিন্তু এই শক্তির টেকসই রূপান্তরের জন্য প্রয়োজন ছিল একটি কৌশলগত সংস্কারের প্রক্রিয়া। এরপর ২৬ পৃষ্ঠায়




> বিভাজিত শক্তির মধ্যে ন্যূনতম ঐক্য ধরে রাখাই হলো ফ্যাসিবাদ পুনরাবৃত্তি ঠেকানোর প্রধান পথ। রাজনৈতিক পরিমণ্ডল বিশ্বাস করে বিকাশের স্বার্থে এনসিপি তাত্ত্বিক দর্শন চর্চাকে অগ্রাধিকার দেবে। গণতান্ত্রিক, মানবিক, নৈতিক প্রজাতন্ত্র নির্মাণে- পথ, তত্ত্ব ও পদ্ধতির প্রশ্নেও সমভাবে যত্নশীল হবে। জুলাই সনদে গণ-অভ্যুত্থানের পথিকৃৎদের অনুপস্থিতি তাই কেবল একটি 'দুর্ঘটনা' নয়; এটি উভয় পক্ষেরই ন্যূনতম ঐক্য ধরে রাখতে না পারার ঐতিহাসিক ব্যর্থতা। এই ট্র্যাজেডি থেকে শিক্ষা নিয়ে সরকারকে যেমন ঐক্যের উদ্যোগ নিতে হবে, তেমনি এনসিপিকেও তার ঐতিহাসিক দায়বদ্ধতা পূরণে জাতীয় সনদে যুক্ত হয়ে বৃহত্তর স্বার্থে জাতীয় ঐক্য বজায় রেখে গণ-অভ্যুত্থানের অভিপ্রায়ভিত্তিক রাষ্ট্র বিনির্মাণে ভূমিকা অব্যাহত রাখতে হবে

# জুলাই সনদ: কাগজের অঙ্গীকার, নাকি বাস্তবায়নের পথচলা?

আওরঙ্গজেব কামাল



১৮ অক্টোবর ২০২৫ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচিত হলো। "জুলাই সনদ" নামে বহুল আলোচিত রাজনৈতিক চুক্তি প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূসসহ ২৫টি রাজনৈতিক দলের নেতাদের স্বাক্ষরের মধ্য দিয়ে কার্যকর রূপ পেল। দীর্ঘদিন ধরে বিরোধপূর্ণ রাজনীতির অচলাবস্থা নিরসনের আশায় এই উদ্যোগ নেওয়া হলেও, এর বাস্তবায়ন কতটা সম্ভব-এখন সেটিই জনমনে প্রধান প্রশ্ন।

প্রথমেই মনে রাখতে হবে, রাজনৈতিক চুক্তি মানেই বাস্তব প্রয়োগ নয়। বিগত দিনে যখন যে সরকার ক্ষমতায় এসেছে তখন সেই তার ইচ্ছামত গঠনতন্ত্র পরিবর্তন করেছে। বাংলাদেশের অভিজ্ঞতা বলছে, অতীতের বহু অঙ্গীকার ও সমঝোতা কাগজেই সীমাবদ্ধ থেকেছে। যেটা অনেক প্রমাণ দিতে গেলে আমার অনেক সময় লাগবে। একটি দেশের স্বৈরাচার তখনই শুরু হয় যখন দেশের মধ্যে গণতন্ত্র নিপাত যায়। বিগত পনেরো বছর যাবত এই ধারাবাহিকতা দেশে বিরাজ করেছে। আমার মনে হয় গণতন্ত্র কোমায় থেকে চোখ মেলে তাকাচ্ছে। সুস্থ সবল দেহ নিয়ে সঠিকভাবে চলতে পারবে কিনা তা আমি জানিনা। গণতন্ত্রের চিকিৎসকের অনেক যশ খ্যাতি রয়েছে। এখন প্রশ্ন হল সঠিক সময় সঠিক চিকিৎসা দিতে পারবে কিনা। জুলাই সনদে গণমাধ্যমের স্বাধীনতা, নিরপেক্ষ নির্বাচন কমিশন, স্বচ্ছ ভোটার তালিকা, বিচার বিভাগের স্বাধীনতা এবং রাজনৈতিক দলগুলোর পারস্পরিক সহযোগিতার মতো গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত হয়েছে। নিঃসন্দেহে এগুলো গণতান্ত্রিক রাষ্ট্রের জন্য অপরিহার্য শর্ত। কিন্তু প্রশ্ন হচ্ছে-দলগুলো আদৌ কি নিজেদের স্বার্থের ঊর্ধ্বে উঠে এই প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নে আন্তরিক হবে? যে দল ক্ষমতায় আসবে তার ভূমিকা কি হবে। এর কি গ্যারান্টি রয়েছে। বাংলাদেশের রাজনৈতিক চরিত্র সমালোচনা করতে যে বিরোধী জড়িয়ে পড়ে। যে কারণে ফ্যাসিবাদী জন্ম হয়। আর এই ফ্যাসিবাদী রুখে দেয়ার জন্য জুলাই সনদ জন্ম নিয়েছে। তবে আমি মনে করি, এখানে দুটি বড় চ্যালেঞ্জ সামনে এসেছে। প্রথমত, দলগুলোর পারস্পরিক আস্থাহীনতা। একে অপরকে বিশ্বাস করতে না পারার প্রবণতা আমাদের রাজনৈতিক সংস্কৃতির একটি বড় দুর্বলতা। বিএনপি চায় নির্বাচনের সঙ্গে সমান্তরালভাবে রেফারেন্ডাম হোক, অপরদিকে কিছু দল চাইছে ভোটের আগেই গণভোট অনুষ্ঠিত হোক। এ ধরনের মতবিরোধ কেবল সময়ক্ষেপণই নয়, সনদের কার্যকর প্রয়োগকেও বাধাগ্রস্ত করছে। দ্বিতীয়ত, প্রশাসন ও নির্বাচন ব্যবস্থার নিরপেক্ষতা নিয়ে সন্দেহ। জনগণ এখনো বিশ্বাস করতে পারছে না যে আইনশৃঙ্খলা বাহিনী ও নির্বাচন কমিশন রাজনৈতিক প্রভাবমুক্ত থাকবে। অতীতের অভিজ্ঞতা ও অভিযোগ এ সন্দেহকে আরও ঘনীভূত করেছে। বিগত দিনে আমরা দেখেছি, নির্বাচনে পেশী শক্তির ব্যবহার হয়েছে, নির্বাচন কমিশন এর কর্তারা একটা পক্ষ পাত করছে। দিনের ভোট, ভোটের আগের রাতেই ব্যালট বাক্স পূর্ণ করেছে। কখনো কখনো ভোট বেশি হয়ে যাওয়ায় তা আবার ফেলে দিতে দেখা গেছে। নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত প্রিজাইটিং অফিসার কোন না কোন দল বা ব্যক্তি কে অবস্থান নিতে দেখা গেছে। প্রশাসনের ভিতর এখনো ফ্যাসিবাদের দোষ রয়েছে। সব মিলিয়ে জনগণ এখনো একটি অবাধ স্বচ্ছ নির্বাচন হবে এই আশা করতে পারছে না। একটি জরিপে (ইওএই-এর চঁষংব ঝঁৎাবু, জুলাই ২০২৫) দেখা গেছে, ৪৮.৫ শতাংশ মানুষ এখনো সিদ্ধান্ত নিতে পারেনি তারা কাকে ভোট দেবে। এর মূল কারণ তারা ভালো প্রার্থী খুঁজে পাচ্ছে না।

অন্যদিকে প্রায় ৫১ শতাংশ মানুষ বলেছে-প্রয়োজনীয় সংস্কার ছাড়া নির্বাচন অর্থহীন। অর্থাৎ জনমতের বড় একটি অংশ নির্বাচনের আগে বাস্তব পরিবর্তন দেখতে চায়। আর জুলাই সনদ স্বাক্ষরের দিন আহত ছাত্র-জনতার যে আন্দোলন তাতে লক্ষ্য করা গেছে জুলাই সনদে তাদের মনোবাসনা পূরণ হয়নি।জুলাই আন্দোলনে অংশ নেওয়া "জুলাই যোদ্ধারা" সনদে প্রত্যাশিত স্বীকৃতি ও সুযোগ-সুবিধা পাননি-এ নিয়ে ইতিমধ্যেই ক্ষোভ রয়েছে। আহত ছাত্র-জনতা ও আন্দোলনে অংশ নেওয়া সাধারণ মানুষদের দাবি, সনদে তাদের আত্মত্যাগের মূল্যায়ন স্পষ্টভাবে উঠে আসেনি। বরং রাজনৈতিক দলগুলোর স্বার্থই প্রাধান্য পেয়েছে। এর ফলে যারা গণতান্ত্রিক আন্দোলনের সম্মুখসারিতে ছিল, তারা নিজেদের বঞ্চিত মনে করছে। সে যাই হোক ভালোই ভালোই জুলাই সনদে স্বাক্ষর করেছেন অধিকাংশ রাজনৈতিক দল। এখন প্রশ্ন হচ্ছে-ফেব্রুয়ারি ২০২৬-এর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কি জুলাই সনদের ভিত্তিতে অনুষ্ঠিত হবে? প্রধান উপদেষ্টা ঘোষণা করেছেন, ফেব্রুয়ারিতেই নির্বাচন হবে। কিন্তু কীভাবে হবে, তার সিদ্ধান্ত রাজনৈতিক সমঝোতার মাধ্যমে নিতে হবে। অর্থাৎ, সনদের সফল বাস্তবায়ন নির্ভর করছে দলগুলোর সদিচ্ছা ও পরস্পরের প্রতি ন্যূনতম আস্থার ওপর। অবশ্যই কিভাবে নির্বাচন হবে সেটা রাজনৈতিক দলদের একটি বিভি বসে সিদ্ধান্ত নিতে হবে। কিন্তু বর্তমানে সে রূপরেখা উল্টো পথে হাঁটছে। জামাত এখনো সেই এরপর ২৬ পৃষ্ঠায়



> "জুলাই সনদ" নিঃসন্দেহে একটি শুভ উদ্যোগ এবং গণতান্ত্রিক সংস্কারে প্রতিশ্রুতিশীল পদক্ষেপ। বাংলাদেশের গণতন্ত্রের টিকে থাকা, আসন্ন নির্বাচনকে স্বচ্ছ করা এবং জনগণের আস্থা পুনরুদ্ধার-সবকিছুর ভিত্তি এখন এই সনদের সফল প্রয়োগের ওপর নির্ভর করছে। আমরা ঐ সময় জুলাই সনদের সফলতা ভোগ করব। যখন রাজনৈতিক দলগুলো ঐক্যবদ্ধ হতে পারবে। আর গণমাধ্যম নিরপেক্ষ ভূমিকা পালন করবে। আর এসব কিছুই এখন সময়ের ব্যাপার।আমরা "জুলাই সনদ" এর সাফল্য ভোগ করব তখনই, যখন রাজনৈতিক দলগুলো সত্যিকার অর্থে ঐক্যবদ্ধ হবে, জুলাই যোদ্ধাদের ন্যায্য প্রাপ্য নিশ্চিত করবে এবং গণমাধ্যমকে নিরপেক্ষভাবে কাজ করার স্বাধীনতা দেবে। অন্যথায় ইতিহাসের পাতায় এটি যুক্ত হবে আরেকটি ব্যর্থ চুক্তির তালিকায়

# যে কথা কেউ শোনে না; সম্ভাবনা যেখানে সম্ভব না

> আন্দোলনে বিক্ষুব্ধতা অন্যতম অনুষঙ্গ। কিন্তু রাজনৈতিক চর্চায় বিচক্ষণতা জরুরি। ভয়ভীতি দেখানোর কৌশল সবসময় কাজ করে না। তা ছাড়া, দলে শৃঙ্খলার অভাব ও নেতাকর্মীদের চাঁদাবাজির অব্যাহত অভিযোগ ভালোভাবে নিচ্ছে না মানুষ। আন্দোলনের গ্রাফিতিই শেষ কথা নয়। প্রতিদিন দেয়াল লিখন পড়তে হয়। আন্দোলন দেখতে দেখতে এবং প্রতিশ্রুতি শুনতে শুনতে মানুষ মহাবিরক্ত। সম্ভাবনা বাস্তবায়ন করে দেখাতে হবে। নিয়ন্ত্রণহীন আইনশৃঙ্খলা পরিস্থিতি ও নাজুক অর্থনীতির কারণে হতাশা বাড়ছে। কেউ কেউ এখন এক-এগারোর মতো ভয়ংকর সরকার কামনা করছে। এজন্য আমলা-ব্যবসায়ীদের দায় থাকলেও জাতি রাজনীতিবিদদেরই দুষবে। এটা হলে সব সম্ভাবনা উড়ে যাবে। রক্তে কেনা সম্ভাবনাগুলো সম্ভব করতেই হবে

ইলিয়াস হোসেন



গণতন্ত্র প্রতিষ্ঠা ও বৈষম্যহীন সমাজ গড়ার প্রত্যয়ে বাংলাদেশ স্বাধীন হয় ১৯৭১ সালে। দীর্ঘ সংগ্রাম ও রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয় স্বাধীনতা। নতুন স্বপ্ন নতুন আশা নিয়ে যাত্রা করে বাংলাদেশ। কিন্তু শুরুতেই হোঁচট খায় দীর্ঘদিনের পরীক্ষিত নেতা শেখ মুজিবুর রহমানের চরিত্রের বাঁকবদলে। নিপীড়িত মানুষের পাশে থেকে দিনের পর দিন নিজেকে বঙ্গবন্ধু হিসেবে গড়ে তুলেছিলেন। তিনিই শাসক দল ও সরকারপ্রধান হয়ে ক্ষমতার মোহে জমিদারি আচরণ শুরু করেন। তার কথাই আইন। স্বজনপ্রীতি ও দুর্নীতিতে আকণ্ঠ নিমজ্জিত হলেও দলীয় নেতাকর্মী এবং স্বজনদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হন। রণাঙ্গনের মুক্তিযোদ্ধা ও সংগঠকদের চেয়ে থিয়েটার রোডের গল্পবাজদের সঙ্গ উপভোগ করেন বেশি। খন্দকার মোশতাক আর তাজউদ্দীনের মধ্যে পার্থক্য নিরূপণের জ্ঞানও হারিয়ে ফেলেন অতি আত্মবিশ্বাসের দম্ভে। স্বাধীন দেশে ১৯৭৩ সালে প্রথম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় বিতর্কিতভাবে। জবরদখল ও ক্ষমতাসীন আওয়ামী লীগের একচেটিয়া প্রভাবে নির্বাচনী ইতিহাস শুরু হয় কলঙ্ক দিয়ে। সারাজীবন গণতন্ত্রের জন্য সংগ্রাম করে বাকশাল প্রতিষ্ঠার মাধ্যমে, গণতন্ত্রের কবরও রচনা করেন তিনি। মুক্তিকামী জনতার অবিসংবাদিত নেতা হয়ে স্বাধীনতা অর্জন করলেও, সার্বভৌমত্বের পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেননি। সারা দুনিয়ার জন্য এক পররাষ্ট্রনীতি, আর ভারতের জন্য ভিন্ননীতি তাকে সমালোচিত করেছে। রক্তের দাগ শুকানোর আগেই জুলফিকার আলি ভুট্টোকে স্বাধীন বাংলাদেশে লাল গালিচা সংবর্ধনা দিয়েও প্রশ্নের জন্ম দিয়েছেন শেখ মুজিব। প্রশাসনিক দক্ষতার অভাব ও জনপ্রিয়তার অহমিকায় রাষ্ট্র পরিচালনায় লেজেগোবরে পরিস্থিতির সৃষ্টি করেন। পরিবারসহ নিষ্ঠুর হত্যাকাণ্ডের শিকার হয়ে তিনি তার ভুলের মাশুল গুনেছেন। বাংলাদেশ জুড়ে তার সরব উপস্থিতি মুহূর্তেই বিস্মরণের বিরাণ পাথারে রূপ নেয়। একটি নতুন দেশের সম্ভাবনার গল্প সর্বনাশা বিষাদে ছেয়ে যায়।

বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পর সেনানিবাসে ক্যু-পাল্টা-ক্যুর মাধ্যমে ক্ষমতার পাদপ্রদীপে আসেন রণাঙ্গনের মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান। নিজের ও পরিবারের জীবনের ঝুঁকি নিয়ে স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন তিনি। ৯ মাস যুদ্ধের পর মুক্ত-স্বাধীন দেশে চাকরিতে ফিরে যান জিয়া। সেনানিবাসে উচ্চাভিলাষী কর্মকর্তাদের নানারকম পরীক্ষা-নীরিক্ষার মাঝে তিনি ছিলেন আশ্চর্যরকমের নির্লিপ্ত। অর্পিত দায়িত্ব ও স্ত্রী-সন্তান নিয়ে মধ্যবিত্ত সুখী জীবনই ছিল তার ব্রত। কিন্তু ভাগ্যের খেলায় দেশ রক্ষায় তিনি চলে আসেন ক্ষমতার কেন্দ্রবিন্দুতে। প্রথমে সেনাশাসক পরে নির্বাচিত সরকারপ্রধান হয়ে জনগণের সামনে মেলে ধরেন নতুন সম্ভাবনার দুয়ার। বহুদলীয় গণতন্ত্রের উদ্দেশ্যে আওয়ামী লীগ-জামায়াতসহ সবাইকে দেন রাজনীতি করার সুযোগ। একপর্যায়ে তিনিও গঠন করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি। সৎ, মেধাবী ও পরিশ্রমী জিয়া ও তার দল খুব কম সময়েই জনপ্রিয়তা অর্জন করে। ক্ষণজন্মা এ পুরুষ দ্রুত সিদ্ধান্ত নিতে এবং বাস্তবায়ন করতে পারতেন। শিক্ষা-স্বাস্থ্য-জনশক্তি-পোশাক শিল্প-নিরাপত্তায় যুগান্তকারী পদক্ষেপ নেন তিনি। তার জাদুকরী নেতৃত্বে দীর্ঘদিনের ঝানু রাজনীতিবিদরা চ্যালেঞ্জের মুখে পড়েন। শুধু কথামালা নয়, উৎপাদনমুখী রাজনীতি চালু করেন তিনি। কিন্তু কপালের লিখন তো খণ্ডানো যায় না! এত এত ভালো উদ্যোগের মাঝেও তো ভুল হয়ে যায়। সুযোগসন্ধানীরা সে সুযোগ নিতে ওত পেতে বসে থাকে। হুসেইন মুহম্মদ এরশাদের মতো বিতর্কিত ব্যক্তিকে সেনাপ্রধান নিয়োগ করাটা বিরাট ভুল ছিল বলে মনে করেন অনেকে। সবাইকে নিয়ে তার দেশ গড়ার উদ্যোগের সমালোচনা করেন কোনো কোনো বিশ্লেষক। তারা মনে করেন, রাজনীতির সুযোগ পেয়ে আওয়ামী লীগ ও স্বাধীনতাবিরোধী জামায়াত তার বিরুদ্ধে কাজ করেছে। আদর্শের দিক দিয়ে দল দুটি বিপরীত মেরুর হলেও জিয়াকে অভিন্ন শত্রু মনে করত। মুক্তিযুদ্ধে ভূমিকার জন্য জামায়াত আর শেখ মুজিবের পর ক্ষমতা গ্রহণের জন্য আওয়ামী লীগ জিয়াউর রহমানকে প্রতিপক্ষ মনে করে। এ ছাড়া মুক্তিযোদ্ধা-অমুক্তিযোদ্ধা সেনা কর্মকর্তাদের দ্বন্দ্ব শেষ পর্যন্ত তিনি সামাল দিতে পারেননি। প্রায় ২১টি ক্যু মোকাবিলা করতে হয়েছে তাকে। তবে, অসততা-স্বজনপ্রীতি তাকে স্পর্শ করতে পারেনি কখনো। যে কারণে জিয়ার আদর্শকে এখনো সম্ভাবনাময় মনে করা হয়।

সেনানিবাসে ঘাপটি মেরে থাকা ভারতপন্থি কর্মকর্তাদের ষড়যন্ত্রেই নিষ্ঠুর হত্যাকাণ্ডের শিকার হন শহীদ জিয়া। পরবর্তী সময়ে এরশাদ অবৈধভাবে ক্ষমতা দখল করায় সে অভিযোগের সত্যতা মেলে। তবে দুঃখের বিষয়, জিয়াবিরোধী অভ্যুত্থানে বিভ্রান্ত কয়েকজন মুক্তিযোদ্ধা সেনা কর্মকর্তাও ছিলেন। জিয়া সরকার ও তার দলে মুক্তিযোদ্ধার পাশাপাশি কয়েকজন স্বাধীনতাবিরোধী রাজনীতিকও স্থান পান। তেল-জল যেমন মেশে না, তাদের মাঝেও সে দূরত্ব কোনো দিন ঘোচেনি। জিয়া হত্যার পর ক্ষমতা হারিয়ে বিএনপি খালেদা জিয়ার নেতৃত্বে রাজপথে থিতু হয়। জিয়ার আমলে পাইপলাইনে থাকা সম্ভাবনা, প্রতিশ্রুতি হাতিয়ে উন্নয়ন দেখায় এরশাদ। স্বৈরাচারবিরোধী আন্দোলনের ডাক দিয়ে বিএনপি আর ঘরে ফেরেনি। তবে, এরশাদের কূটকৌশলের কাছে মাঝেমধ্যে বশ্যতা স্বীকার করেছে আওয়ামী লীগ ও জামায়াত। তা না হলে হয়তো এরশাদ ৯ বছর ক্ষমতায় থাকতে পারত না। নব্বইয়ের গণঅভ্যুত্থানের আগে একাধিক সম্ভাবনা নষ্ট হয়েছে আওয়ামী লীগের বেঈমানির কারণে। পরে অবশ্য এরপর ২৬ পৃষ্ঠায়





# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

## 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# অগ্নিকাণ্ডের বিভীষিকা: কেন আমরা মৌলিক নিরাপত্তা নিশ্চিত করতে পারছি না?

জীবন রক্ষা, অর্থনৈতিক সম্পদ সুরক্ষিত করা এবং বাংলাদেশের শিল্প ও পরিবহন ব্যবস্থায় আস্থা পুনরুদ্ধারের জন্য সরকারি নেতৃত্ব, শিল্প জবাবদিহিতা এবং সামাজিক সম্পৃক্ততা সমন্বিত করা আবশ্যক। সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনাগুলি তাই একটি সতর্কতামূলক বার্তা এবং একই সঙ্গে একটি সুযোগ উভয়ই উপস্থাপন করে। কাঠামোগত দুর্বলতা মোকাবিলা করে এবং ব্যাপক সংস্কার বাস্তবায়নের মাধ্যমে, বাংলাদেশ এই ট্র্যাজেডি থেকে প্রাপ্ত শিক্ষাগুলিকে স্থায়ী স্থিতিস্থাপকতায় রূপান্তর করতে পারে। এটি নিশ্চিত করবে যে অর্থনৈতিক প্রবৃদ্ধি যেন মানুষের জীবন অথবা পদ্ধতিগত অস্থিরতার বিনিময়ে অর্জিত না হয়। কেবল ইচ্ছাকৃত, সমন্বিত এবং টেকসই পদক্ষেপের মাধ্যমেই জাতি ভবিষ্যতের অগ্নিকাণ্ড রোধ করতে এবং একটি নিরাপদ, আরও স্থিতিস্থাপক শিল্প ভবিষ্যত নিশ্চিত করতে পারে

ড. মতিউর রহমান



বাংলাদেশ তার উদ্যমী শিল্প কর্মীবাহিনী এবং দ্রুত বর্ধনশীল সরবরাহ অবকাঠামোর জন্য বিশ্বজুড়ে সুপরিচিত ও প্রশংসিত। সম্প্রতি দেশটিকে এক ভয়াবহ পদ্ধতিগত দুর্বলতার মুখোমুখি হতে হচ্ছে। একের পর এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে কেবল জীবন ও বস্তুগত ক্ষতিই হয়নি, বরং এটি জনসাধারণের আস্থা এবং দেশের শিল্প স্থিতিশীলতা উভয়কেই মারাত্মকভাবে বিপর্যস্ত করেছে। ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজ এবং মিরপুর ও চট্টগ্রামের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (সিইপিজেড) পোশাক কারখানায় সংঘটিত সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনাগুলি কিছু সুস্পষ্ট ঘাটতি প্রকাশ করেছে। এই ঘাটতিগুলি হল: অগ্নি নিরাপত্তা প্রস্তুতি, নিয়ন্ত্রক তদারকি এবং জরুরি প্রতিক্রিয়ার সক্ষমতা। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য অপরিহার্য এসব ক্ষেত্রেই মানবিক ও অর্থনৈতিক ভঙ্গুরতা প্রকটভাবে উন্মোচিত হয়েছে।

২০২৫ সালের ১৮ অক্টোবর বিকেলে ঢাকা বিমানবন্দরের কার্গো ভিলেজে ঘটে যাওয়া অগ্নিকাণ্ড এই ধরনের দুর্যোগের মাত্রা এবং অর্থনৈতিক তাৎপর্যের এক সুস্পষ্ট উদাহরণ। আনুমানিক দুপুর ২:৩০ মিনিটে আগুনের লেলিহান শিখা আমদানিকৃত পণ্যের জন্য নির্ধারিত কার্গো স্টোরেজ এলাকার একটি গুরুত্বপূর্ণ অংশকে গ্রাস করে। এই ভয়াবহতার কারণে কর্তৃপক্ষ সাত ঘণ্টারও বেশি সময় ধরে সমস্ত বিমান চলাচল স্থগিত রাখতে বাধ্য হয়, যার ফলে আন্তর্জাতিক বাণিজ্যের সরবরাহ ব্যবস্থায় (লজিস্টিক) বড় ধরনের ব্যাঘাত ঘটে এবং কলকাতা ও চট্টগ্রাম সহ বিকল্প বিমানবন্দরে অসংখ্য আন্তর্জাতিক বিমানের পথ পরিবর্তন করতে হয়।

জরুরি পরিস্থিতিতে সাড়া দিতে, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী এবং বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর অতিরিক্ত সহায়তায় ১৩টি ফায়ার স্টেশনের প্রায় ৩৭টি অগ্নিনির্বাপক ইউনিট মোতায়েন করা হয়। রাত ৯:১৮ নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হলেও, অগ্নিনির্বাপক ও নিরাপত্তা কর্মীসহ মোট ৩৫ জন আহত হন, যার মধ্যে ২৫ জন আনসার বাহিনীর সদস্য ছিলেন।

এই দুর্ঘটনায় যে বিপুল পরিমাণে বস্তুগত ক্ষয়ক্ষতি হয়েছে, তা মানুষের প্রাণহানির ঝুঁকিকে আরও বাড়িয়ে তোলে। প্রচুর পরিমাণে আমদানিকৃত পণ্য ধ্বংস হয়ে যায়। এর ফলে সময়মতো পণ্য পরিবহনের উপর নির্ভরশীল স্থানীয় ও আন্তর্জাতিক ব্যবসা এবং সরবরাহ শৃঙ্খলের ওপর দীর্ঘমেয়াদী অর্থনৈতিক প্রভাব নিয়ে গভীর উদ্বেগ দেখা দিয়েছে। যদিও রপ্তানি পণ্য পরিবহন বিভাগটি আপাতদৃষ্টিতে অক্ষত ছিল, এই ঘটনা দেশের প্রধান সরবরাহ কাঠামোর অন্তর্নিহিত ভঙ্গুরতাকে আরও স্পষ্ট করে তুলেছে।

কর্তৃপক্ষ অগ্নিকাণ্ডের উৎস নির্ণয় এবং প্রতিরোধমূলক ব্যবস্থা বাস্তবায়নের জন্য তাৎক্ষণিকভাবে উচ্চ পর্যায়ের তদন্তের ঘোষণা দেয়। তবুও, বৃহত্তর প্রশ্নটি রয়ে গেছে: কীভাবে একটি ক্রমবর্ধমান অর্থনীতির দেশ তার গুরুত্বপূর্ণ অবকাঠামো কেন্দ্রগুলিতে এত গুরুতর অপারেশনাল দুর্বলতার সম্মুখীন হতে পারে, যা এর আন্তর্জাতিক বাণিজ্য এবং জাতীয় ভাবমূর্তিকে সরাসরি চ্যালেঞ্জ জানায়?

সাম্প্রতিক বছরগুলিতে, শুধু তৈরি পোশাক (আরএমজি) খাতেই বেশ কয়েকটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এর ফলে ক্রমবর্ধমানভাবে উল্লেখযোগ্য প্রাণহানি, অর্থনৈতিক বিপর্যয় এবং বিদেশী বিনিয়োগের আস্থা হ্রাস পেয়েছে। ২০২৫ সালের অক্টোবরে এক সপ্তাহের মধ্যে তিনটি বড় অগ্নিকাণ্ডের ঘটনা এই উদ্বেগগুলিকে আরও তীব্র করে তোলে। এটি দুর্যোগ, প্রতিক্রিয়া এবং অপর্যাপ্ত প্রতিরোধমূলক পদক্ষেপের পুনরাবৃত্তিমূলক চক্রকে চিত্রিত করে। প্রতিটি ঘটনা অগ্নি নিরাপত্তা মান, পর্যবেক্ষণ এবং জবাবদিহিতা ব্যবস্থায় ব্যাপক এবং পদ্ধতিগত সংস্কারের জরুরি প্রয়োজনীয়তাকে আরও জোরদার করে।

টাইফয়েড জ্বর উন্নয়নশীল দেশগুলোতে (developing country) একটি বিরাট জনস্বাস্থ্য সমস্যা। বন্যার সময় এর প্রাদুর্ভাব বেশি দেখা যায়। প্রচণ্ড পেটব্যথা, তীব্র জ্বরে তাপমাত্রা ১০৩-১০৪ ফারেনহাইট, মাথা ব্যথা ডায়রিয়া বা কোষ্ঠকাঠিন্য, চামড়ায় লালচে দানা দেখা দেওয়া, শরীর খুব দুর্বল হয়ে যাওয়া, প্রচণ্ড কাশি ইত্যাদি লক্ষণ দেখা দিতে পারে। বাংলাদেশ এ প্রথমবারের মতো শুরু টাইফয়েডের টিকা মাসব্যাপী চলবে ১৩ নভেম্বর পর্যন্ত ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি প্রায় পাঁচ কোটি শিশুদেরকে বিনামূল্যে এক ডোজ টিকা বা ভ্যাক্সিন দেওয়া হবে। দেশে টাইফয়েডের এরপর ৪৫ পৃষ্ঠায়

# শীতে খসখসে হাত সুন্দর রাখার উপায়

ডা. মিজানুর রহমান কল্লোল



শীত এলেই প্রকৃতি বদলে যায়। প্রকৃতির সেই প্রভাব পড়ে মানুষের ওপরেও। ত্বক হয়ে ওঠে রুক্ষ ও খসখসে। ঠোঁট ফেটে যায়। পায়ের গোড়ালি থেকে চামড়া উঠতে থাকে। চুল ভরে ওঠে খুশকিতে। এ রকম আরো নানা সমস্যা দেখা দেয় শীতে।

যদি ঠিকঠাক মতো নিয়ম মেনে চলা যায় তাহলে শীতে আর সৌন্দর্য হানি হয় না, ত্বকও থাকে মসৃণ ও সুন্দর। শীতে কীভাবে ত্বকের যত্ন নেবেন? কীভাবে বজায় রাখবেন হাত স্বাভাবিক সৌন্দর্য? কীভাবে কাটিয়ে উঠবেন এ জাতীয় সমস্যা? এসবের উত্তর দেওয়া হলো। আশা করি শীতের এই বিরূপ আবহাওয়া আপনার হাত সৌন্দর্যে কোনো বিরূপ প্রতিক্রিয়া ফেলতে পারবে না।

খসখসে হাতের যত্নে

শীত এলে অনেকের হাতের ত্বক খুব অমসৃণ ও খসখসে হয়ে যায়। এ সময় ত্বক সুন্দর রাখার উপায় কী? চমৎকার ফল লাভের জন্য এখানে অল্প কিছু সহজ ঘরোয়া প্রতিকার ব্যবস্থার উল্লেখ করা হলো:

১. এক টেবিল চামচ দুধের সর বা মাখনে কয়েক ফোঁটা লেবুর রস ও গিসারিন মিশিয়ে রাতে ঘুমাতে যাওয়ার আগে দুই হাতে সেটা ঘষে লাগিয়ে নিন।

২. ঘুমাতে যাওয়ার আগে হাত ও আঙুলগুলো বাদাম তেল দিয়ে মালিশ করে নিন।

৩. হাতের ত্বক খসখসে হয়ে থাকলে এক চা চামচ চিনি ও লেবুর রস নিন। তারপর দুই হাতের তালুতে নিয়ে ঘষতে থাকুন, যতক্ষণ না চিনি গলে যায়। এরপর ঠাণ্ডা পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন। চিনির পরিবর্তে মধুও ব্যবহার করতে পারেন।

৪. গিসারিনের সাথে গোলাপ পানি মিশিয়ে কটন উল সোয়াব দিয়ে তা দুই হাতে ঘষুন। দেখবেন ত্বক কেমন চমৎকারভাবে পরিষ্কার হয়।

৫. যদি আপনার ত্বক গরম পানি, সোডা, কাপড় কাচার সাবান বা ডিটারজেন্টের জন্য ক্ষতিগ্রস্ত হয় তাহলে ভিনেগারের সাথে পানি মিশিয়ে হাত ধোবেন, এতে ভালো ফল পাবেন।

৬. যদি আপনার ত্বক খুব শুষ্ক হয় তাহলে ভ্যাসলিনের সাথে কার্বোলিক অ্যাসিড মিশিয়ে দুই হাতে ঘষে নিন।

# ময়দায় স্বাস্থ্যঝুঁকি বাড়ে : বিকল্প হতে পারে যে ৫ খাবার

এডউইনা রাজ

আমাদের প্রতিদিনের খাবার থেকে ময়দা বাদ দেওয়া সহজ কাজ নয়। কারণ বর্তমান ব্যস্ত জীবনে অনেক সময় নিজের বা পরিবারের জন্য খাবার তৈরি করার মতো সময়টুকুও থাকে না। তখন বাইরে থেকে কেনা ময়দার বিভিন্ন খাবারই কিনে খেতে হয়। আবার বাড়িতে তৈরি অনেক খাবারেও ময়দা ব্যবহার না করলেই নয়। কিন্তু বিশেষজ্ঞরা সব সময় ময়দার বিরুদ্ধেই অবস্থান নেন। নিয়মিত ময়দা খেলে তা শরীরের জন্য ক্ষতিকর হতে পারে।

*পুষ্টিবিদরা কেন ময়দা সম্পর্কে সতর্ক করেন? চলুন জেনে নেওয়া যাক-*

কম ফাইবার : পুষ্টিবিদদের মতে, ময়দায় ফাইবারের পরিমাণ অত্যন্ত কম। ময়দা বেশি খেলে কোষ্ঠকাঠিন্য হতে পারে। যেহেতু এতে ফাইবারের অভাব থাকে, তাই এটি হজম প্রক্রিয়াকে ধীর করে দেয় এবং পেট ফাঁপা এবং অনিয়মিত মলত্যাগের কারণ হতে পারে।

রক্তে শর্করার পরিমাণ বৃদ্ধি করে : ডায়াবেটিস রোগীদের জন্য ময়দা বিশেষভাবে ক্ষতিকারক হতে পারে। এর গাইসেমিক সূচক বেশি, যার অর্থ এটি দ্রুত গুকোজে ভেঙে যায় এবং খাওয়ার পরপরই রক্তে শর্করার মাত্রা বাড়িয়ে দিতে পারে। তাই ডায়াবেটিসে আক্রান্ত ব্যক্তিদের যতটা সম্ভব ময়দায় তৈরি খাবার এড়িয়ে চলা উচিত।

শুধু ক্যালোরি : ময়দার পরিশোধন প্রক্রিয়া প্রয়োজনীয় ভিটামিন, খনিজ এবং ফাইবার অপসারণ করে। যা অবশিষ্ট থাকে তা হলো মূলত স্টার্চও মূলত শুধু ক্যালোরি। যা শক্তি সরবরাহ করে কিন্তু প্রকৃত পুষ্টি সরবরাহ করে না।

ওজন বৃদ্ধি এবং চিনির ক্রেভিং : ময়দা দ্রুত হজম হয় এবং তাৎক্ষণিকভাবে চিনির ক্রেভিং তৈরি করে, কিন্তু এর প্রভাব স্থায়ী হয় না। খাওয়ার পরপরই শক্তির মাত্রা



কমে যায়, যার ফলে আরও কার্বোহাইড্রেট এবং মিষ্টি খাবার খাওয়ার ক্রেভিং হতে থাকে। এটি ধীরে ধীরে ওজন বৃদ্ধি, অতিরিক্ত খাওয়া এবং এমনকী ইনসুলিন প্রতিরোধের দিকে পরিচালিত করতে পারে।

সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি : রিসার্চগেটের একটি গবেষণাপত্র যার শিরোনাম ডার্ক সাইড অফ দ্য হোয়াইট ময়দা, সেখানে উল্লেখ করা হয়েছে যে দীর্ঘ সময় ধরে পরিশোধিত ময়দা খাওয়ার সঙ্গে বিপাকীয় ব্যাধি, স্থূলতা এবং হৃদরোগের সম্পর্ক রয়েছে। যেহেতু ময়দা প্রচুর পরিমাণে প্রক্রিয়াজাত করা হয় এবং বেশিরভাগ ক্ষেত্রে ব্লিচ করা হয়, তাই এতে এমন রাসায়নিক পদার্থও থাকতে পারে যা পরিপাকতন্ত্রকে জ্বালাতন করতে পারে।

ময়দা কি সবসময় খারাপ : সব সময় নয়। উৎসবের খাবার বা মাঝে মাঝে বেকারির মতো ময়দা খাওয়া ক্ষতিকারক নয়, যদি আপনার সামগ্রিক খাদ্য সুষম এবং ফাইবার, প্রোটিন এবং পুষ্টিগুণে সমৃদ্ধ হয়। সমস্যাটি নিয়মিত, অতিরিক্ত খাওয়ার মধ্যে রয়েছে। বিশেষ করে প্যাকেটজাত খাবার যেমন রুটি, পিৎজা, পাস্তা, নুডলস এবং বিস্কুট যেখানে ময়দা প্রধান উপাদান হিসেবে ব্যবহার করা হয়।

ময়দার পরিবর্তে ভরসা রাখতে পারেন যে পাঁচ খাবারে-

মানুষ সুন্দরের পূজারী। তাই কী করলে সৌন্দর্য্য ধরে রাখা যায় আর কীভাবে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখা যায়, এটি নিয়ে চিন্তায় মশগুল স্বাস্থ্য সচেতনরা। কারণ রক্তে শর্করার হঠাৎ বৃদ্ধি মানেই অস্বাস্থ্যকর খাবার খাওয়ার ইচ্ছা বাড়বে। আর সেটা হলে বাড়বে ওজন, যা সুস্বাস্থ্যের অন্তরায়। সেই ভাবনা থেকেই অতি প্রক্রিয়াজাত শর্করা যেমন চিনি, ময়দাড় ইত্যাদির বিরুদ্ধে একরকম যুদ্ধ ঘোষণা করেছে স্বাস্থ্য সচেতনরা। সে ক্ষেত্রে ময়দার পরিবর্তে কোন কোন স্বাস্থ্যকর বিকল্প বেছে নিতে পারেন। তেমনই পাঁচ বিকল্প খাবারের সন্ধান দিলেন ভারতের এক বেসরকারি হাসপাতালের ক্লিনিক্যাল পুষ্টিবিদ এডউইনা রাজ।

লাল আটা : লাল আটা গোটা গম পিষে তৈরি করা হয়। এটি পরিশোধন করা হয় না। ফলে এর ভিতরে গমের সমস্ত উপাদান অক্ষুণ্ন এরপর ৩০ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক বর্ণনা অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর বর্ণনাও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি বর্ণনা পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৩৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহুকারাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র দৈবাৎ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# New York Bangladesh Press Club
# নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব

## নির্বাচনী তফসিল ২০২৫

এতদ্বারা নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর ১১ (এগার) সদস্য বিশিষ্ট নতুন কার্যকরী পরিষদ '২৫ গঠনের নিমিত্তে গঠনতন্ত্র মোতাবেক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠ, সুন্দর, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে আপনাদের সকলের প্রতি সর্বোপরি সহায়তা ও সহযোগিতা নির্বাচন কমিশনের পক্ষে আমাদের একান্তই কাম্য।

### নির্বাচন- ২০২৫ ইং

ক) ভোটার তালিকা প্রকাশঃ ৩১ অক্টোবর ২০২৫, শুক্রবার।
খ) মনোনয়ন প্রদান ও গ্রহন: ১-২ নভেম্বর ২০২৫, (শনি-রবিবার) সন্ধ্যা ৬টা -রাত ১১টা
স্থান: ৩৫-৩৫,৭২ ষ্ট্রিট, জ্যাকসন হাইটস (বেইজমেন্ট)
গ) মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ৩ নভেম্বর, সোমবার, ২০২৫
ঘ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ: ৩ নভেম্বর, সোমবার, ২০২৫
ঙ) নির্বাচন অনুষ্ঠান ঃ ৮ নভেম্বর, শনিবার ২০২৫ সময়: বিকাল ৩.০০ সন্ধ্যা ৬:০০ ঘটিকা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

নির্বাচন
৮ নভেম্বর
রবিবার
সময়:
বিকাল ৩:০০ সন্ধ্যা: ৬:০০টা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট
37-22 73rd Street
Jackson Heights, NY 11372

### নির্বাচন কমিশনারবৃন্দ

**মঈনুদ্দীন নাসের**
প্রধান নির্বাচন কমিশনার

**এবিএম সালেহ উদ্দিন**
নির্বাচন কমিশনার

**চৌধুরী এম আলী কাজল**
নির্বাচন কমিশনার

বি: দ্রঃ নির্বাচন সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত, তফসিল (বিধিমালা) পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধনের ক্ষমতা নির্বাচন কমিশন সংরক্ষণ করে।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## অগ্নিকাণ্ডের বিভীষিকা: কেন আমরা মৌলিক নিরাপত্তা নিশ্চিত করতে পারছি না?

১০ পৃষ্ঠার পর

এবং সম্মতি প্রয়োগের ক্ষেত্রে পদ্ধতিগত ত্রুটিগুলিকেই বারবার তুলে ধরে এবং রাষ্ট্রীয় নিয়ন্ত্রক ব্যবস্থার কার্যকারিতাকে প্রশ্নবিদ্ধ করে।

এই সম্মিলিত ঘটনাগুলিকে সামগ্রিকভাবে বিবেচনা করলে, বাংলাদেশের অগ্নি নিরাপত্তা ব্যবস্থার গভীর কাঠামোগত দুর্বলতা প্রকাশ পায়। বিশেষজ্ঞ ও বিশ্লেষকরা বেশ কয়েকটি পুনরাবৃত্তিমূলক কারণের দিকে ইঙ্গিত করেছেন: শিল্প ও সরবরাহ সুবিধাগুলিতে অপর্যাপ্ত অগ্নি সুরক্ষা অবকাঠামো; বিদ্যমান অগ্নি নিরাপত্তা বিধিমালার দুর্বল ও অসামঞ্জস্যপূর্ণ প্রয়োগ; অপর্যাপ্ত জরুরি প্রস্তুতি; মানুষের কর্মক্ষেত্রের কাছাকাছি বিপজ্জনক রাসায়নিকের অনিরাপদ ও অনিয়ন্ত্রিত সংরক্ষণ।

নিম্নমানের বৈদ্যুতিক স্থাপনা এবং পুরানো বা অনুপযুক্তভাবে রক্ষণাবেক্ষণ করা সরঞ্জাম এই ঝুঁকিগুলিকে আরও বাড়িয়ে তোলে। এমন এক পরিস্থিতি তৈরি হয়, যেখানে একটি মাত্র স্ফুলিঙ্গ ব্যাপক ধ্বংসের দিকে এগিয়ে যেতে পারে। এই দুর্বলতাগুলি মূলত দ্রুত শিল্পায়ন এবং নিয়ন্ত্রক সক্ষমতার মধ্যেকার অসুস্থ ভারসাম্যহীনতার ফল।

এই দুর্যোগের বিস্তৃত পরিণতি তাৎক্ষণিকভাবে মানুষের হতাহতের চেয়েও অনেক বেশি সুদূরপ্রসারী।বাংলাদেশের রপ্তানি অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ ভিত্তি এবং লক্ষ লক্ষ মানুষের কর্মসংস্থানের উৎস হলো পোশাক শিল্পখাত। এই শিল্পখাতে, এই ধরনের অগ্নিকাণ্ড কেবল জীবনই নয়, দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং সামাজিক নিরাপত্তাও হুমকির মুখে ফেলে।

শ্রমিকের মৃত্যু এবং আহত হওয়ার ফলে উৎপাদন ব্যাহত হয়। এর ফলে আন্তর্জাতিক বিনিয়োগকারী এবং ক্রেতাদের আস্থা নষ্ট হয় এবং শ্রমিক অস্থিরতা দেখা দিতে পারে। যা এই খাতের বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক অবস্থানকে মারাত্মকভাবে বিপন্ন করে তোলে।

ঢাকা বিমানবন্দরের অগ্নিকাণ্ডের ঘটনাটি জাতীয় সরবরাহ এবং বাণিজ্য অবকাঠামোর দুর্বলতাগুলিকেও তীব্রভাবে তুলে ধরে। এর ফলে আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খল, আমদানি-রপ্তানি প্রবাহ এবং সামগ্রিক অর্থনীতিতে সম্ভাব্য নেতিবাচক প্রভাব পড়তে পারে।

সাম্প্রতিক বছরগুলিতে, শুধু তৈরি পোশাক (আরএমজি) খাতেই বেশ কয়েকটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এর ফলে ক্রমবর্ধমানভাবে উল্লেখযোগ্য প্রাণহানি, অর্থনৈতিক বিপর্যয় এবং বিদেশী বিনিয়োগের আস্থা হ্রাস পেয়েছে। ২০২৫ সালের অক্টোবরে এক সপ্তাহের মধ্যে তিনটি বড় অগ্নিকাণ্ডের ঘটনা এই উদ্বেগগুলিকে আরও তীব্র করে তোলে। এটি দুর্যোগ, প্রতিক্রিয়া এবং অপর্যাপ্ত প্রতিরোধমূলক পদক্ষেপের পুনরাবৃত্তিমূলক চক্রকে চিহ্নিত করে। প্রতিটি ঘটনা অগ্নি নিরাপত্তা মান, পর্যবেক্ষণ এবং জবাবদিহিতা ব্যবস্থায় ব্যাপক এবং পদ্ধতিগত সংস্কারের জরুরি প্রয়োজনীয়তাকে আরও জোরদার করে।

নীতিগত দৃষ্টিকোণ থেকে এই ঘটনাগুলি বিশ্লেষণ করলে বেশ কিছু গুরুত্বপূর্ণ ফাঁক দেখা যায়।

প্রথমত, নিয়ন্ত্রক কাঠামোর আদর্শ এবং মাঠ পর্যায়ের বাস্তবায়নের মধ্যে প্রায়শই গুরুতর ব্যবধান লক্ষ্য করা যায়। অগ্নি নিরাপত্তাসংক্রান্ত বিধিমালাগুলি কাগজে-কলমে বিদ্যমান থাকলেও, সেগুলির প্রয়োগে ধারাবাহিকতার অভাব দেখা যায়। অবহেলা ও বিধি লঙ্ঘনের জন্য নির্ধারিত শাস্তি খুব কম ক্ষেত্রেই পর্যাপ্ত কঠোরতার সঙ্গে কার্যকর করা হয়।

দ্বিতীয়ত, শিল্প সম্প্রসারণ প্রায়শই সহায়ক সুরক্ষা অবকাঠামোকে ছাড়িয়ে যায়, যার ফলে দুর্ঘটনার ঝুঁকি তৈরি হয়।

তৃতীয়ত, রাসায়নিক সংরক্ষণ এবং বিপজ্জনক পদার্থের পদ্ধতিগত তদারকি অপর্যাপ্ত। এটি বিস্ফোরণ বা তীব্র আগুন লাগার সম্ভাবনা সৃষ্টি করে।

এই বিপর্যয়ের অর্থনৈতিক প্রভাবও সমানভাবে তাৎপর্যপূর্ণ। অগ্নিকাণ্ডের কারণে সৃষ্ট বাধাগুলি কেবল উৎপাদন বন্ধ করে দেয় না, বরং আন্তর্জাতিক ক্রেতাদের সাথে চুক্তিবদ্ধ বাধ্যবাধকতাগুলিকেও হুমকির মুখে ফেলে। এর ফলে আর্থিক জরিমানা এবং সুনামের অপূরণীয় ক্ষতি হতে পারে। একইভাবে, ঢাকা বিমানবন্দরের মতো গুরুত্বপূর্ণ পরিবহন কেন্দ্রগুলিতে পণ্য প্রবাহকে বাধাগ্রস্ত করে। এটি বিদেশী বিনিয়োগের আস্থাকে প্রভাবিত করে এবং একাধিক ক্ষেত্রে ব্যাপক ক্ষতির কারণ হতে পারে।

এই অগ্নিকাণ্ডের মানবিক দিকটি কোনোভাবেই অতিরঞ্জিত করা যায় না। তাৎক্ষণিক প্রাণহানির বাইরেও, বিশেষ করে কারখানার মজুরির উপর নির্ভরশীল পরিবারগুলি তীব্র মানসিক আঘাত এবং আর্থিক অনিশ্চয়তার সম্মুখীন হয়। এর সামাজিক প্রভাব, যা সম্প্রদায়ের উপর গভীর মানসিক চাপ সৃষ্টি করে এবং প্রাতিষ্ঠানিক সুরক্ষা ব্যবস্থার উপর আস্থা ক্ষুণ্ণ করে, তা গভীরভাবে অনুভূত হয়।

ঢাকা ও চট্টগ্রামের সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনাগুলি প্রাতিষ্ঠানিক সমন্বয় এবং জরুরি ব্যবস্থাপনা নিয়েও প্রশ্ন তুলেছে। কার্যকর দুর্যোগ মোকাবেলার জন্য কেবল সুসজ্জিত অগ্নিনির্বাপক ইউনিটই নয়, বরং সংস্থাগুলির মধ্যে নিরবচ্ছিন্ন যোগাযোগ, সম্পদ রক্ষায় দ্রুত মোতায়েন এবং উচ্চ-প্রভাবশালী অবকাঠামোর জন্য সুচিন্তিত জরুরি পরিকল্পনা প্রয়োজন।

ভবিষ্যতের দিকে তাকালে, ব্যাপক অগ্নি নিরাপত্তা সংস্কারকে কেবল একটি নিয়ন্ত্রক বাধ্যবাধকতা হিসেবে নয়, বরং জাতীয় উন্নয়নের জন্য একটি কৌশলগত অপরিহার্যতা হিসেবে দেখা উচিত।

জীবন এবং অর্থনৈতিক সম্পদ রক্ষার জন্য অগ্নি-প্রতিরোধী অবকাঠামো, আধুনিক শনাক্তকরণ ও দমন ব্যবস্থা এবং কর্মী প্রশিক্ষণে বিনিয়োগ অপরিহার্য। স্বচ্ছ পর্যবেক্ষণ ব্যবস্থা, স্বাধীন নিরাপত্তা নিরীক্ষা এবং জবাবদিহিতা কাঠামো স্থিতিস্থাপকতাকে আরও শক্তিশালী করতে পারে। এর মাধ্যমে নিশ্চিত করা যাবে যেন দুর্যোগের পুনরাবৃত্তি এই ধরনের দুঃখজনক পরিণতিতে পর্যবসিত না হয়।

শিল্প সুরক্ষার ক্ষেত্রে আন্তর্জাতিক সেরা অনুশীলনসমূহ, বাংলাদেশের প্রেক্ষাপট-নির্দিষ্ট অভিযোজনের সাথে মিলিত হয়ে, এই সামগ্রিক প্রচেষ্টায় মূল্যবান দিকনির্দেশনা প্রদান করতে পারে।

ঢাকা বিমানবন্দরের কার্গো ভিলেজ এবং মিরপুর ও চট্টগ্রামের পোশাক কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা বাংলাদেশের শিল্প ও সরবরাহ ব্যবস্থার পদ্ধতিগত ভঙ্গুরতার স্পষ্ট স্মারক হিসেবে কাজ করে। এই বিপর্যয়গুলি কাঠামোগত দুর্বলতার বিরুদ্ধে সম্মিলিত ও টেকসই পদক্ষেপের গুরুত্বকে তুলে ধরে।

জীবন রক্ষা, অর্থনৈতিক সম্পদ সুরক্ষিত করা এবং বাংলাদেশের শিল্প ও পরিবহন ব্যবস্থার আস্থা পুনরুদ্ধারের জন্য সরকারি নেতৃত্ব, শিল্প জবাবদিহিতা এবং সামাজিক সম্পৃক্ততা সমন্বিত করা আবশ্যক।

সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনাগুলি তাই একটি সতর্কতামূলক বার্তা এবং একই সঙ্গে একটি সুযোগ উভয়ই উপস্থাপন করে। কাঠামোগত দুর্বলতা মোকাবিলা করে এবং ব্যাপক সংস্কার বাস্তবায়নের মাধ্যমে, বাংলাদেশ এই ট্র্যাজেডি থেকে প্রাপ্ত শিক্ষাগুলিকে স্থায়ী স্থিতিস্থাপকতায় রূপান্তর করতে পারে। এটি নিশ্চিত করবে যে অর্থনৈতিক প্রবৃদ্ধি যেন মানুষের জীবন অথবা পদ্ধতিগত অস্থিরতার বিনিময়ে অর্জিত না হয়। কেবল ঐক্যবদ্ধ, সমন্বিত এবং টেকসই পদক্ষেপের মাধ্যমেই জাতি ভবিষ্যতের অগ্নিকাণ্ড রোধ করতে এবং একটি নিরাপদ, আরও স্থিতিস্থাপক শিল্প ভবিষ্যত নিশ্চিত করতে পারে।

## প্রফেসর ইউনূস ভেবে দেখবেন কি

১২ পৃষ্ঠার পর

নিতে পারে। তিনি বংশানুক্রমিক রাজনৈতিক নেতৃত্বের তীব্র সমালোচক। সেনাবাহিনীতে যারা পদস্থলিত হয়েছে, তাদের বিচার সঠিক হলেও সামরিক বাহিনীর সর্বাত্মক মর্যাদা ক্ষুণ্ন করা আত্মঘাতী কাজ। তবে তিনি যা বলেননি তা হলো, ইউনূস সরকার কীভাবে আরও এক থেকে দেড় বছর ক্ষমতায় থাকতে পারে। এ সরকারের অন্যতম উপদেষ্টা প্রফেসর ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছেন, আমলারা সরকারের প্রতি সহযোগিতা করছে না। অন্যদিকে পুলিশের আইজি বাহারুল আলম বলেছেন, তার বাহিনী এখনো অনেক ক্ষেত্রে নির্দেশ কার্যকর করছে না। এ অবস্থায় ইউনূস সরকারের পক্ষে নির্বিবাদে কতদিন দায়িত্ব অব্যাহত রাখা সম্ভব, তা নিয়ে প্রশ্ন তুললেও কি তা অসংগত হবে?

খুব সাম্প্রতিককালে মানবতাবিরোধী অপরাধের অভিযুক্ত সেনা কর্মকর্তাদের বিচার নিয়েও স্পর্শকাতর প্রশ্ন উঠেছে। চিফ প্রসিকিউটর ব্যারিস্টার তাজুল ইসলাম বলেছেন, এটাচ হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে এসব সামরিক কর্মকর্তাকে আইসিটিতে হাজির করতে হবে। তাদের কোথায় আটক রাখা হবে, তা নির্ধারণ করবে বিচারিক আদালত। অবশ্য ইতোমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনে জানিয়েছে, তাদের ক্যান্টনমেন্টের একটি ভবনে রাখা হবে। যাই হোক, বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে উত্তেজনাকর পোস্ট-পালটা পোস্ট বের হচ্ছে। এসব পোস্ট প্রদানকারীদের মধ্যে অনেকে যেমন তাজুল ইসলামের অবস্থান সমর্থন করেছেন, আবার অনেকে আশঙ্কা প্রকাশ করেছেন, এতে সামরিক বাহিনীর মর্যাদা ক্ষুণ্ন হবে এবং সামরিক বাহিনীর মনোবল ভেঙে পড়বে, যা কোনোক্রমেই কাম্য নয়। যে কোনো বিচারেই মনে হয় আমরা একটি অত্যন্ত কঠিন সময়ের মুখোমুখি। এ সময়ে যদি জাতিরাষ্ট্রের হাল ঠিকভাবে ধরে রাখা না যায়, তাহলে জাতীয় অস্তিত্ব মহাবিপর্যয়ের মধ্যে নিক্ষিপ্ত হবে।

শুরু করেছিলাম এই প্রশ্ন নিয়ে যে নির্ধারিত ফেব্রুয়ারির নির্বাচনটি আদৌ অনুষ্ঠিত হবে কিনা। কিন্তু যে প্রশ্নটি অনেকেই তুলছেন না অথবা তুলতে অস্বস্তিবোধ করছেন, সেটি হলো, দেশের কী হবে? অভিযুক্ত সামরিক কর্মকর্তাদের বিচার নিয়ে যখন মত-অমতের প্রসঙ্গ উঠেছে, তখন তিনটি ভয়াবহ অগ্নিকাণ্ড চিন্তাশীল মানুষদের প্রচণ্ডভাবে ভাবিয়ে তুলেছে। এ অগ্নিকাণ্ডগুলোর মধ্যে রয়েছে হযরত শাহজালাল বিমান বন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ড এবং তজ্জনিত বিপুল আর্থিক ক্ষয়ক্ষতি, রাজধানী মিরপুরের শিয়ালবাড়িতে রাসায়নিক গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডে ১৬ জনের মৃত্যু এবং চট্টগ্রামে ইপিজেডে একটি কারখানায় অগ্নিকাণ্ডে পুরো কারখানাটি বিধ্বস্ত হওয়া। এসব অগ্নিকাণ্ডের ঘটনা পরপর ঘটে। অভিযোগ আছে শাহজালাল বিমানবন্দরের অগ্নিকাণ্ড থামাতে, বিমানবন্দরের নিজস্ব দমকল বাহিনীর ব্যবহার হয়নি এবং বাইরে থেকে আনা দমকলগুলোকে আটকে দেওয়া হয়েছিল। প্রশ্ন উঠেছে, এ অগ্নিকাণ্ডগুলো নাশকতা কিনা। নাশকতা হলে ভবিষ্যতে আরও এ ধরনের নাশকতার ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। নাশকতাকারীদের সম্ভাব্য টার্গেট মেট্রোরেল, কেপিআই ও বহুতল ভবন বলে মনে করা হচ্ছে। অভিযোগ আছে সরকারের গুরুত্বপূর্ণ গোয়েন্দা সংস্থাগুলো এসব অগ্নিকাণ্ডের ব্যাপারে সরকারকে আগাম কোনো সংকেত দিতে পারেনি। সব মিলিয়ে অভিযোগগুলোর মধ্যে কতটা সত্য নিহিত আছে, তার বিচারে প্রবেশ না করেও বলা যায়, আমরা এক জাতীয় বিপর্যয়ের মুখোমুখি। এ বিপর্যয় থেকে কীভাবে মুক্ত থাকা যায়, তা নিয়ে সবার চিন্তাভাবনা করা উচিত। সীমান্তের ওপার থেকে শেখ হাসিনার অনুসারীরা গেরিলা যুদ্ধ শুরু করার হুমকি দিচ্ছে বলে সামাজিক যোগাযোগমাধ্যম থেকে জানা গেছে। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে এক নদী রক্ত দিয়েও আমরা প্রকৃত স্বাধীনতা অর্জন করতে পারিনি। ৭ দফা গোপন চুক্তি, ২৫ বছরের মৈত্রী চুক্তি, অভিন্ন নদীর পানি নিয়ে ভারতের বৈরী আচরণ আমাদের স্বাধীনতাকে অরক্ষিত করে ফেলেছে। ২০২৪-এর জুলাই অভ্যুত্থানে সেই অরক্ষিত স্বাধীনতা উদ্ধারে বিপুল পরিমাণে রক্ত দিতে হয়েছে। স্বাধীনতাবিরোধী শেখ হাসিনা এবং তার দলবল ভারতে আশ্রয় নিয়ে বাংলাদেশের স্বাধীনতাকে বিপন্ন করার জন্য একের পর এক পাঁয়তারা চালাচ্ছে। অন্যদিকে শেখ হাসিনা ক্ষমতায় থাকতে রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানকে ধ্বংস করেছে এবং রাষ্ট্রযন্ত্রের ওপর দলীয় মালিকানা প্রতিষ্ঠিত করেছিল। সামরিক বাহিনীকে এরা চরম ঘৃণা করত এবং এখনো করে। ক্ষমতায় এসে সামরিক বাহিনীকে দখলে নিতে গিয়ে বহুবিধ অন্যায় আচরণ করেছে, যার ফলে সামরিক বাহিনীর কাঠামোতে চিড় ধরেছে। তাই আজকের কর্তব্য হলো, সামরিক বাহিনীসহ রাষ্ট্রের সব প্রতিষ্ঠানকে নিজ নিজ মহিমায় পুনঃপ্রতিষ্ঠিত করা। প্রয়োজন জুলাই অভ্যুত্থানের সহযোগী রাজনৈতিক দল ও শক্তিগুলোর ঐক্য। অধ্যাপক ইউনূস ভেবে দেখতে পারেন এ সংকট মুহূর্তে দেশ ও জাতিকে রক্ষা করার জন্য সব দেশপ্রেমিক রাজনৈতিক দল ও সামাজিক শক্তির একটি কনভেনশন আয়োজন করা যায় কিনা। যে কনভেনশন থেকে সমগ্র জাতিকে আহ্বান জানাতে হবে, যে কোনো মূল্যে ভারত ও তার দোসরদের আগ্রাসন থেকে বাংলাদেশের প্রতি ইঞ্চি জমি রক্ষা করতে হবে। আহ্বান জানাতে হবে সমগ্র জাতি যেন আধিপত্যবাদীদের রক্তচক্ষু উপেক্ষা করে মেরুদণ্ড সোজা করে দাঁড়ায়। এ প্রেক্ষাপটে মনে করা যেতে পারে, ১৯৭৬-এর ২১ ফেব্রুয়ারি পালিত হয়েছিল প্রতিরোধের ২১ হিসাবে।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# ইসলামে সিন্ডিকেট হারাম

মিনহাজুল আরিফীন

সিন্ডিকেট ইংরেজি শব্দ। অর্থ- গুদামজাত করা, মজুত করে রাখা। সিন্ডিকেটের আরবি প্রতিশব্দ হচ্ছে 'আল-ইহতিকার'। প্রথম আরবি অভিধান রচয়িতা খলিল ইবনে আহমদ আল-ফারাহিদি (রহ.) বলেন, 'খাদ্যদ্রব্য বা খাদ্যজাত অন্যান্য জিনিস মজুত করাকে ইহতিকার বলে।

এর অর্থ- জমা করা। সুতরাং যে ব্যক্তি মূল্যবৃদ্ধির অপেক্ষায় খাদ্যদ্রব্য জমা করে রাখে, তাকে মজুতদার বলে।' (আল-আইন: ৩/৬২)। সিন্ডিকেট বা মজুতদারির পারিভাষিক অর্থ প্রসঙ্গে হাফেজ ইবনে হাজার আসকালানি (রহ.) বলেন, 'নিজের প্রয়োজন মুক্ত থাকা ও জনগণের প্রয়োজন সত্ত্বেও মূল্যবৃদ্ধির অপেক্ষায় খাদ্যদ্রব্য বিক্রি করা থেকে বিরত থাকাকে সিন্ডিকেট বা মজুতদারি বলে।' (ফাতহুল বারি ফি শরহিল বুখারি : ৪/৪৪০)। ইমাম আওজায়ি (রহ.) বলেন, 'যে ব্যক্তি পণ্য বাজারজাত করার পথে প্রতিবন্ধক হয়, সে-ই মজুতদার। অর্থাৎ বাজারে বাজারে ঘুরে মানুষের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুতকরণের উদ্দেশ্যে ক্রয় করার কাজে যে নিজেকে নিয়োজিত করে, তাকে মজুতদার বলে।' (নাইলুল আওতার : ৩/৬০৫)।

সমকালীন বাজারের হালচিত্র: ইদানিং দেশে সিন্ডিকেটের ফলে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারগুলোর নাভিশ্বাস উঠে যাওয়ার উপক্রম। সংকোচ ভুলে তারা টিসিবির লাইনে সিরিয়াল দিয়ে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে কম মূল্যে পণ্য কিনছেন। এর পেছনের কারণ হচ্ছে, এ অভিশপ্ত সিন্ডিকেট। সরকার প্রতিটি পণ্যের অল্প মূল্য নির্ধারণ করে দেয়। এ নির্ধারণকৃত মূল্যের সুযোগ নিয়ে কুচক্রী মহল পণ্য রপ্তানি করা বন্ধ করে। পরবর্তী সময়ে যখন বাজারে পণ্যের সংকট দেখা দেয়, তখন পণ্যের মূল্যবৃদ্ধি করে তারা বাজারজাত করে। ফলে পণ্যের মূল্য আকাশচুম্বী হয়। যা ক্রয় করা সাধারণ জনগণের সাধ্যের বাইরে চলে যায়।

এরপর ২৮ পৃষ্ঠায়



## দুনিয়াতেই জান্নাতের নেয়ামত পেয়েছিলেন যারা

ডা. মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ

আল্লাহ তায়ালা কুরআনে জান্নাতের বর্ণনা দিয়েছেনযেখানে থাকবে চিরস্থায়ী সুখ, প্রশান্তি ও অপরিসীম নাজাত। জান্নাতের মানুষ সেখানে পাবে ফলমূল, মাংস ও বিশুদ্ধ পানীয়, যা কখনও শেষ হবে না। সেখানে নেই ক্লান্তি, নেই কষ্ট, নেই দুঃখের ছোঁয়া। তবে কুরআন ও তাফসিরের আলোকে আমরা জানতে পারি, আল্লাহ তার কিছু প্রিয় বান্দাকে দুনিয়াতেই এমন এক বিশেষ রিজিক দান করেছেন-যা জান্নাতীয় খাবারের অনুরূপ।

অর্থাৎ, এমন রিজিক যা মানবিক প্রচেষ্টা ছাড়াই সরাসরি আল্লাহর পক্ষ থেকে আসে। এই অলৌকিক অনুগ্রহপ্রাপ্তদের মধ্যে সবচেয়ে মহীয়সী ব্যক্তিত্ব ছিলেন নবী ঈসা (আ.)-এর মা মরিয়ম (আলাইহাস সালাম)। মরিয়ম (আ.)-তিনি দুনিয়াতেই জান্নাতের রিজিক পেয়েছিলেন। কুরআনের বর্ণনায় আমরা পড়ি-যখনই জাকারিয়া (আ.) তার মেহরাবে প্রবেশ করতেন, তিনি মরিয়মের কাছে রিজিক দেখতে পেতেন। তিনি বলতেন, 'হে মরিয়ম! এগুলো তোমার কাছে কোথা থেকে আসে?' তিনি বলতেন, 'এগুলো আল্লাহর পক্ষ থেকে।' (সুরা আলে ইমরান : ৩৭)। তাফসির ইবনু কাসির ও অন্যান্য ব্যাখ্যাকাররা বলেনমরিয়ম (আ.)-এর কাছে এমন ফল ও খাবার আসত, যা দুনিয়ার নিয়মে পাওয়া সম্ভব নয়। শীতকালে গ্রীষ্মের ফল, গ্রীষ্মকালে শীতের ফল পাওয়া যেত তার কাছে। এগুলো কোনো মানুষের কাছ থেকে নয়, বরং আল্লাহর পক্ষ থেকে আসা এক বিশেষ রিজিক ছিল। কেউ কেউ বলেনএগুলো ছিল জান্নাতের খাবারের অনুরূপ, বরকতময় ও অলৌকিক রিজিক।

এরপর ২৮ পৃষ্ঠায়



## তরুণ-তরুণীর বন্ধুত্ব নিয়ে ইসলাম কী বলে

জাহেদুল ইসলাম আল রাইয়ান



ইসলাম মানবিক সম্পর্ককে অনুমোদন করলেও, তরুণ-তরুণীর অবাধ মেলামেশা বা 'স্মার্ট বন্ধুত্ব' নৈতিকতার সীমানা টেনেছে। নির্জনতা ও অপ্রয়োজনীয় ঘনিষ্ঠতা থেকে বিরত থাকতে কঠোর নির্দেশ দেওয়া হয়েছে।

সময়ের পালাবদলে মানুষের সম্পর্কও বদলে যায়। একসময় বন্ধুত্ব মানে ছিল সহমর্মিতা, দায়িত্ব আর সম্মানের বন্ধন। এখন সেই বন্ধুত্বে যোগ হয়েছে এক নতুন রঙ অবাধ মেলামেশা, সোশ্যাল মিডিয়ার কথোপকথন, অন্তহীন 'চ্যাট' আর আবেগের লেনদেন।

আধুনিকতার ফলকে এই সম্পর্কগুলো দেখতে যতই সুন্দর লাগুক, এর অন্তরালে লুকিয়ে থাকে এক সূক্ষ্ম নৈতিক সংকট। প্রশ্নটা জাগে ইসলাম এই বন্ধুত্বকে কীভাবে দেখে?

ইসলাম মানবিক সম্পর্ককে সীমাবদ্ধ করে না, বরং তা পরিশুদ্ধতার আলোয় স্নাত করতে শেখায়।

আল্লাহ তাআলা বলেন, 'মুমিন পুরুষদের বলুন, তারা যেন দৃষ্টি নত রাখে ও লজ্জাস্থান সংরক্ষণ করে। এটাই তাদের জন্য অধিক পবিত্র।' (সুরা আন-নূর, আয়াত ৩০)।

এবং নারীদের উদ্দেশে একই আদেশ, 'মুমিন নারীদের বলুন, তারা যেন দৃষ্টি নত রাখে, লজ্জাস্থান সংরক্ষণ করে এবং নিজেদের সৌন্দর্য প্রকাশ না করে।' (সুরা আন-নূর, আয়াত ৩১)।

এই আয়াতদ্বয় আসলে সম্পর্কের এক দার্শনিক সীমানা টেনে দেয় যেখানে শালীনতা হচ্ছে আত্মার বর্ম, আর সংযম হচ্ছে চরিত্রের অলংকার। রাসুলুল্লাহ সা. সতর্ক করে বলেছেন, 'যখন কোনো নারী ও পুরুষ নির্জনে অবস্থান করে, তখন তাদের তৃতীয় জন হয় শয়তান।' (তিরমিজি, হাদিস ১১৭১)।

এরপর ২৭ পৃষ্ঠায়



## আল্লাহ যাদের ভালোবাসেন

মাহমুদ আহমদ

মানুষের প্রতি অনুগ্রহ বা দয়া করা এটি একটি মহৎ গুণ। এ মহৎ গুণটি বর্তমান সমাজে যেন ধীরে ধীরে লোপ পাচ্ছে। মহান আল্লাহ রাব্বুল আলামিন তার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি মানুষকে অত্যন্ত ভালোবাসেন। পবিত্র কুরআনে বলা হয়েছে, 'আল্লাহ তাদের ভালোবাসেন এবং তারা আল্লাহকে ভালোবাসে'। (সুরা মায়েদা : আয়াত ৫৪)। আবার আল্লাহপাক ইরশাদ করেন, 'আর তিনি (আল্লাহ) তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা ও দয়া সৃষ্টি করেছেন'। (সুরা আর রুম : আয়াত ২১)।

আল্লাহতায়ালা আমাদের শ্রেষ্ঠ সৃষ্টি হিসাবে এজন্যই সৃষ্টি করেছেন, আমরা যেন আল্লাহ রাব্বুল আলামিনের নির্দেশের ওপর আমল করি। যদিও আমাদের আল্লাহপাক সৃষ্টি করেছেন শুধু তার ইবাদতের জন্য, অথচ আজ আমরা আমাদের সৃষ্টির মূল উদ্দেশ্য ভুলে নানা মন্দ কাজে লিপ্ত রয়েছি। এমন কোনো অন্যায় কাজ নেই যা আমাদের দ্বারা সংঘটিত না হচ্ছে। আজ আমাদের মাঝে দয়ামায়া এতটাই কমে গেছে যে, আমাদের সামনে বা আমাদের প্রতিবেশী কেউ না খেয়ে দিনাতিপাত করলেও তার প্রতি আমাদের অন্তর

এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City অক্টোবর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 18 | 5:55 | 7:11 | 12:41 | 3:43 | 6:11 | 7:26 |
| 19 | 5:56 | 7:12 | 12:41 | 3:42 | 6:09 | 7:25 |
| 20 | 5:57 | 7:13 | 12:41 | 3:41 | 6:08 | 7:23 |
| 21 | 5:58 | 7:14 | 12:41 | 3:40 | 6:06 | 7:22 |
| 22 | 6:00 | 7:15 | 12:40 | 3:39 | 6:05 | 7:21 |
| 23 | 6:01 | 7:16 | 12:40 | 3:38 | 6:04 | 7:19 |
| 24 | 6:02 | 7:17 | 12:40 | 3:36 | 6:02 | 7:18 |

Source: salahtimes.com

## খাটের খবর হাটে বিক্রি!

৫ পৃষ্ঠার পর

দিতে চাচ্ছেন। বাস্তবতা তো মানতেই হবে। গত দুই দশকের সাথে তুলনা করলে শিক্ষার মান বিপর্যয় হয়নি বরং বিগত অনেক দিনে শিক্ষায় যে কোনো মানই ছিল না তা ফুটে উঠেছে। গত দুই পাবলিক পরীক্ষার ফলাফলে সে চিত্র স্পষ্ট হয়েছে। যারা হারিয়ে যাচ্ছে তারাও আমাদের সন্তান। বিপথে যে তরুণ-তরুণী চলছে তারাও

এই দেশের আগামী। শঙ্কা জাগে না? ফেসবুক টিকটকের সেলিব্রিটি হতে যারা হুঁশ হারিয়ে দেশদ্রোহ ওদেরকেও এই সমাজ ও রাষ্ট্রের বহন করতে হবে। কাজেই প্রতিবেদক প্রয়োগ করা শুরু হওয়া উচিত। ধ্বংসের অতল গ্রাস থেকে যে সমাজকে মিডিয়া বাঁচাতে পারে তাদের অনেকেই বিবেককে ক্যাশ্যের আক্রান্ত। হিরো আলমের কর্মকাণ্ডকে যারা হিরোগিরি বলে প্রচার করে, সেলিব্রিটিকে পুঁজি করে যারা ব্যবসা করে এবং যারা সাধারণদের আবেগকে কেন্দ্র করে খেলা করে তাদের বদ মতলব আছে। আমাদের যাত্রাপথ পাল্টাও যারা। কী করছি, কেন করছি তা জানিও না বোঝারও। মনিটাইজেশন মানুষকে জন্তুজানোয়ারের পর্যায়ে নিয়ে গেছে। ভাইরালের লোভে বিকৃত হচ্ছে ব্যক্তিত্ব। সহমর্মিতা ও সহযোগিতার সেতুবন্ধ অবশিষ্ট আছে তাও লোক দেখানো। মানুষের মারামারি, সহিংসতা, খুন-জখম এখন উপভোগের পর্যায়। গুজব ও মিথ্যাচার জাতীয় তথ্যে পরিণত হচ্ছে। সত্যের বাজার ও প্রনারে শয়তান লাগাম টেনে রেখেছে। যত কু- তাই এখন বাজারে হরদম চলছে। মুক্তি না পেলে ধ্বংস অনিবার্য। সেই ধ্বংস প্রতিবেশীর দুয়ারে দাঁড়ালো মানে আমার ঠিকানাও তার পকেটে।

## যুক্তরাষ্ট্রের ডিভি লটারিতে বাদ পড়লো যে সকল রাষ্ট্র

৬২ পৃষ্ঠার পর

ইসরায়েল, জাপান, জর্ডান, কুয়েত, লাওস, লেবানন, মালয়েশিয়া, মালদ্বীপ, মঙ্গোলিয়া, নেপাল, উত্তর কোরিয়া, ওমান, কাতার, সৌদি আরব, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, সিরিয়া, তাইওয়ান, থাইল্যান্ড, পূর্ব তিমুর, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেন। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর প্রতিবছর 'ডাইভারসিটি ভিসা' (ডিভি) প্রোগ্রামের মাধ্যমে নির্দিষ্টসংখ্যক অভিবাসন ভিসা প্রদান করে। কম হারে অভিবাসন হয়ে থাকে এমন দেশগুলোর নাগরিকরা এ কর্মসূচির আওতায় আবেদন করতে পারেন। প্রতি বছর সর্বোচ্চ ৫৫ হাজার অভিবাসী এই প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রে প্রবেশের সুযোগ পান।

## জুলাই সনদ: কাগজের অঙ্গীকার, নাকি বাস্তবায়নের পথচলা?

৬ পৃষ্ঠার পর

পি আর পদ্ধতি নিয়েই পড়ে রয়েছে। এনসিপিও কি ভিন্ন মত পোষণ করছে। আর বাংলাদেশের সর্ব বৃহত্তম দল বিএনপি পূর্বের নির্বাচনের নিয়মের পক্ষেই অনড় রয়েছেন। তাহলে জুলাই সনদ বাস্তবায়ন হবে কিভাবে? আমার মতে, জুলাই সনদের যে অংশগুলো বাস্তবায়নের সম্ভাবনা তুলনামূলক বেশি, তা হলো-নিরপেক্ষ নির্বাচন কমিশনের পুনর্গঠন ও দায়িত্ব বণ্টন। এ ক্ষেত্রে অবশ্যই কঠোর নজরদারি করতে হবে যে দায়িত্বপ্রাপ্তদের মধ্যে কোন ফ্যাসিবাদ লুকিয়ে রয়েছে কেন। ভোটার তালিকা ও ভোটগ্রহণ পদ্ধতিতে স্বচ্ছতা আনা। এবং সীমানা নির্ধারণের জটিলতা অতি দ্রুত নিরাশন করা। এছাড়া যে বিষয়টি রয়েছে সেটা হল গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করা। নির্বাচনে গণমাধ্যম কর্মীদের যথাযথভাবে নির্বাচন পর্যবেক্ষণের সুযোগ করে দেওয়া। এবং গণমাধ্যম কর্মীদের অভিযোগের উপর দৃষ্টি রেখে নির্বাচন পরিচালনা কমিটির যথাযথ দ্রুত ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া বিচার বিভাগের কার্যকর স্বাধীনতা ও সংস্কার ভিন্ন সব শর্ত একসাথে ও দ্রুত বাস্তবায়ন করা অত্যন্ত কঠিন হবে। বিশেষ করে রেফারেন্ডাম, সংবিধান সংশোধন ও নির্বাচনের সময়সূচি নিয়ে দ্বিমত নিরসন না হলে সনদটি কেবল প্রতীকী চুক্তি হিসেবেই থেকে যাবে। এটা বাস্তবে আলোর মুখ দেখবে না। নির্বাচন কমিশন কি গ্যারান্টি দিতে পারবে ফেব্রুয়ারি নির্বাচনে কোন প্রাণহানির ঘটনা ঘটবে না। এইজন্য নির্বাচন কমিশনকে অত্যন্ত যাচাই-বাছাই করে নির্বাচন পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বেছে নিতে হবে এটাই হবে সবচেয়ে বড় চ্যালেঞ্জ। "জুলাই সনদ" নিঃসন্দেহে একটি শুভ উদ্যোগ এবং গণতান্ত্রিক সংস্কারে প্রতিশ্রুতিশীল পদক্ষেপ। বাংলাদেশের গণতন্ত্রের টিকে থাকা, আসন্ন নির্বাচনকে স্বচ্ছ করা এবং জনগণের আস্থা পুনরুদ্ধার-সবকিছুর ভিত্তি এখন এই সনদের সফল প্রয়োগের ওপর নির্ভর করছে। আমরা ঐ সময় জুলাই সনদের সফলতা ভোগ করব। যখন রাজনৈতিক দলগুলো ঐক্যবদ্ধ হতে পারবে। আর গণমাধ্যম নিরপেক্ষ ভূমিকা পালন করবে। আর এসব কিছুই এখন সময়ের ব্যাপার।আমরা "জুলাই সনদ" এর সাফল্য ভোগ করব তখনই, যখন রাজনৈতিক দলগুলো সত্যিকার অর্থে ঐক্যবদ্ধ হবে, জুলাই যোদ্ধাদের ন্যায্য প্রাপ্য নিশ্চিত করবে এবং গণমাধ্যমকে নিরপেক্ষভাবে কাজ করার স্বাধীনতা দেবে। অন্যথায় ইতিহাসের পাতায় এটি যুক্ত হবে আরেকটি ব্যর্থ চুক্তির তালিকায়।

## জুলাই সনদ ও এনসিপি: এক ঐতিহাসিক ট্র্যাজেডি

৬ পৃষ্ঠার পর

সনদ সেই সুযোগটিই তৈরি করেছে। এটি রাজনৈতিক বাস্তবতার নিরিখে একটি জাতীয় সনদ- যা একটি মৌলিক অর্জন হিসেবে প্রতিষ্ঠিত। এই অর্জন পরবর্তীকালে সংবিধান, বিচারবিভাগ ও প্রশাসনিক কাঠামোর বৃহত্তর গণতান্ত্রিক রূপান্তরের ভিত্তিপ্রস্তর হিসেবে কাজ করবে। ন্যূনতম অর্জনকে প্রত্যাখ্যান করা মানে, ইতিহাসের অনিবার্যতাকে অস্বীকার করা; কারণ, তা কেবল বর্তমান স্থিতিশীলতাকেই নষ্ট করবে না, বরং বিপ্লবী শক্তির সুফলকে নৈরাজ্য বা পশ্চাৎ-বিপ্লবের দিকে ঠেলে দিয়ে ভবিষ্যতে একটি টেকসই গণতান্ত্রিক বৃক্ষ রোপণের সুযোগও নস্যাৎ করবে। তাই, রাজনৈতিক দলগুলোকে দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে এই ন্যূনতম অর্জনকে ধারণ ও কার্যকর করার মাধ্যমেই অভ্যুত্থানের শহীদদের প্রতি প্রকৃত দায়বদ্ধতা প্রদর্শন করতে হবে।

ফ্যাসিবাদের পুনরাবৃত্তির ঝুঁকি: বাংলাদেশের বিভাজিত পরিসর, প্রথাগত রাজনৈতিক-সংস্কৃতি, পরাজিত শক্তির আস্ফালন, প্রাতিষ্ঠানিক দুর্বলতা, জটিল কাঠামোগত বাধা এবং ভূ-রাজনৈতিক প্রেক্ষাপটে অভ্যুত্থানের অগ্রগামী অংশ তথা এনসিপি'র জাতীয় সনদে স্বাক্ষর না করার সিদ্ধান্ত বা কৌশল, শুধু রাজনৈতিক অসন্তুষ্টিই সৃষ্টি করবে না, বরং এটি সম্ভাব্য ফ্যাসিবাদের পুনরাবৃত্তির জন্যও একটি মারাত্মক ঝুঁকির জন্ম দিতে পারে। প্রকারান্তরে বিভাজনকে উৎসাহিত করবে এবং ফ্যাসিবাদের পুনরাবৃত্তির জন্য একটি উর্বর ক্ষেত্র তৈরি করে দেবে।

ইতিহাসের দায়বদ্ধতা হলো প্রথমে প্রাথমিক মৌলিক অর্জনগুলো নিশ্চিত ও বাস্তবায়ন করা এবং সেই ভিত্তির ওপর দাঁড়িয়ে বৃহত্তর গণতান্ত্রিক রূপান্তরের দিকে অগ্রসর হওয়া। যেকোনো অভ্যুত্থানের অগ্রগামী অংশকে অবশ্যই এই কঠিন বাস্তবতা মেনে নিতে হবে যে, প্রকৃত গণতান্ত্রিক স্থিতিশীলতা রাতারাতি অর্জিত হয় না, বরং এটি একটি ধীর, কৌশলী এবং সাংবিধানিক প্রক্রিয়ার মাধ্যমে সঞ্চিত হয়। স্থিতিশীলতা বজায় রাখা এবং সমাজের সকল বিভাজিত গণতন্ত্রপন্থি গোষ্ঠীর মধ্যে একটি কার্যকরী ও 'ন্যূনতম ঐক্য' ধরে রাখা অপরিহার্য। বিভাজিত শক্তির মধ্যে ন্যূনতম ঐক্য ধরে রাখাই হলো ফ্যাসিবাদ পুনরাবৃত্তি ঠেকানোর প্রধান পথ। রাজনৈতিক পরিমণ্ডল বিশ্লেষণ করে বিকল্পের স্বার্থে এনসিপি তাত্ত্বিক দর্শন চর্চাকে অগ্রাধিকার দেবে। গণতান্ত্রিক, মানবিক, নৈতিক প্রজাতন্ত্র নির্মাণে- পথ, তত্ত্ব ও পদ্ধতির প্রশ্নেও সমন্বয়ে যত্নশীল হবে। জুলাই সনদে গণ-অভ্যুত্থানের পথিকৃৎদের অনুপস্থিতি তাই কেবল একটি 'দুর্ঘটনা' নয়; এটি উভয় পক্ষেরই ন্যূনতম ঐক্য ধরে রাখতে না পারার ঐতিহাসিক ব্যর্থতা। এই ট্র্যাজেডি থেকে শিক্ষা নিয়ে সরকারকে যেমন ঐক্যের উদ্যোগ নিতে হবে, তেমনি এনসিপিকেও তার ঐতিহাসিক দায়বদ্ধতা পূরণে জাতীয় সনদে যুক্ত হয়ে বৃহত্তর স্বার্থে জাতীয় ঐক্য বজায় রেখে গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষাভিত্তিক রাষ্ট্র বিনির্মাণে ভূমিকা অব্যাহত রাখতে হবে।

লেখক: গীতিকবি ও রাজনৈতিক বিশ্লেষক।

## আন্দোলনের বয়ান থেকে ক্ষমতার বয়ান: পিআর দাবি ও সুচিন্তিত রাজনৈতিক প্রতারণার নতুন অধ্যায়

১২ পৃষ্ঠার পর

গড়ে ওঠে জনগণের বাস্তব অভিজ্ঞতা, বঞ্চনা ও প্রত্যাশার সংমিশ্রণে। কিন্তু যখন কোনো গোষ্ঠী সেটিকে নিজেদের স্বার্থে নতুন অর্থে ব্যবহার করে, তখন আন্দোলনের চেতনা বিকৃত হয়ে যায়। আন্দোলনের নাম, প্রতীক ও ভাষা তখন আর জনগণের নয়; হয়ে যায় কোনো সংগঠন বা দলের। ইতিহাস প্রমাণ করে, এই রকম ন্যারেটিভ-হাইজ্যাক বাংলাদেশে বহুবার ঘটেছে। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, এরশাদবিরোধী গণআন্দোলন কিংবা সাম্প্রতিক শিক্ষার্থীদের প্রতিবাদ-প্রতিটি ক্ষেত্রেই শেষ পর্যন্ত লাভবান হয়েছে ক্ষমতার কাছাকাছি অবস্থানকারীরাই, জনগণ নয়।

আন্দোলনের সময় সাধারণ মানুষ রাস্তায় নেমে স্বপ্ন দেখে পরিবর্তন, ন্যায়বিচার, মুক্তির। কিন্তু যখন আন্দোলন সফল হয়, তখন দেখা যায় সেই স্বপ্ন দখল করে নেয় রাজনৈতিক উচ্চাভিলাষী একটি গোষ্ঠী। এভাবে জনগণ থেকে আন্দোলন ক্রমেই বিচ্ছিন্ন হয়ে পড়ে। ইতিহাস যেন বারবার ঘুরে দাঁড়ায় একই জায়গায়-একটি জাতি, যারা মুক্তির আকাঙ্ক্ষায় লড়ে যায়, কিন্তু প্রতিবারই পায় হতাশার ফলাফল।

আজকের বাংলাদেশে রাজনীতি এমন এক স্তরে এসে পৌঁছেছে যেখানে ন্যারেটিভই হয়ে উঠেছে ক্ষমতার সবচেয়ে শক্তিশালী অস্ত্র। সামাজিক যোগাযোগমাধ্যম থেকে শুরু করে টেলিভিশনের টকশো, এমনকি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান পর্যন্ত-সর্বত্র চলছে বয়ানের নিয়ন্ত্রণ দখলের প্রতিযোগিতা। কোন দল আগে জনগণের কাছে নিজের গল্পটি পৌঁছে দিতে পারবে, সেটিই এখন নির্ধারণ করে তাদের রাজনৈতিক প্রভাব। এই অবস্থায় জনগণ ক্রমেই পরিণত হচ্ছে দর্শকে। তারা আন্দোলনের মাঠে প্রাণ দেয়, কিন্তু আন্দোলনের পরিণতি নির্ধারিত হয় অন্য কোথাও, বন্ধ দরজার ভেতর, যেখানে চায়ের কাপের পাশে বসে লেখা হয় ক্ষমতার নতুন কাহিনি।

বাংলাদেশের জনগণ রাজনৈতিকভাবে আবেগপ্রবণ, কিন্তু ঐতিহাসিকভাবে বারবার প্রতারিত। আন্দোলনের সাফল্য এখানে পরিমাপ হয় না জনগণের লাভক্ষতির হিসাবে, বরং নির্ধারিত হয় কে ক্ষমতায় এল, কার বয়ান সমাজের ওপর প্রভাব বিস্তার করতে পারল। ফলে রাজনীতি হয়ে দাঁড়িয়েছে গল্প বলার প্রতিযোগিতা, যেখানে সত্যের চেয়ে বেশি গুরুত্ব পায় কে কতটা প্রভাবশালীভাবে নিজের বয়ান প্রতিষ্ঠা করতে পারে।

২০২৪ সালের ধারাবাহিক আন্দোলন এখনো শেষ হয়নি, কিন্তু ইতোমধ্যেই এর ন্যারেটিভ পুনর্গঠনের চেষ্টা শুরু হয়েছে। জনগণ দাবি করছে স্বচ্ছতা, ন্যায়ভিত্তিক রাষ্ট্রব্যবস্থা ও রাজনৈতিক দায়বদ্ধতা। অপরদিকে, পুরনো রাজনৈতিক শক্তিগুলো চেষ্টা করছে সেই দাবিকে নিজেদের প্রেক্ষিতে পুনরুৎপাদিত করতে। ইতিহাস আমাদের শেখায়, এ ধরনের সময়েই ঘটে আন্দোলনের বিকৃতকরণ। তাই প্রশ্ন জাগে-এইবার কি ইতিহাস নতুন কোনো পথে হাঁটবে, নাকি আবারও আন্দোলনের আসল দাবিগুলো হারিয়ে যাবে দলীয় স্লোগানের আড়ালে?

মোটকথা, বাংলাদেশের মানুষ বারবার রাস্তায় নেমেছে, কখনো ভাষার জন্য, কখনো ভোটের জন্য, কখনো ন্যায়ের জন্য। কিন্তু প্রতিবারই দেখা গেছে, আন্দোলনের পরিণতি তাদের হাতে থাকে না। যে স্বপ্ন তারা লালন করেছে, তা শেষ পর্যন্ত দখল করে নিয়েছে নতুন কোনো ক্ষমতাকেন্দ্র। রাজনৈতিক বিশ্লেষকেরা একে বলেন "ন্যারেটিভ হাইজ্যাক"। অর্থাৎ আন্দোলনের বয়ানকে দখল করে সেটিকে নতুন অর্থে ব্যবহার করা। ইতিহাসের নিরিখে এটি শুধু রাজনৈতিক কৌশল নয়, বরং রাষ্ট্রীয় প্রতারণার এক দীর্ঘ ধারাবাহিকতা।

আজকের বাংলাদেশের সবচেয়ে বড় চ্যালেঞ্জ এই প্রশ্নে নিহিত-জনগণ কি কখনো নিজেদের আন্দোলনের মালিক হতে পারবে? নাকি তারা বারবারই হবে সেই দর্শক, যারা ইতিহাসের প্রান্তে দাঁড়িয়ে দেখে, কিন্তু সিদ্ধান্ত নিতে পারে না? এই প্রশ্নের উত্তরই নির্ধারণ করবে বাংলাদেশের ভবিষ্যৎ রাজনৈতিক গতি।

যদি জনগণ নিজেদের ন্যারেটিভ পুনরুদ্ধার করতে না পারে, তবে স্বাধীনতার পূর্ব থেকে শুরু হওয়া চক্রটি অব্যাহত থাকবে। আন্দোলন, আশা, প্রতারণা, আবার আন্দোলন-এই অন্তহীন পুনরাবৃত্তি চলতেই থাকবে। তখন বাংলাদেশের ইতিহাসকে একটিমাত্র বাক্যে সংক্ষেপ করা যাবে: "তারা লড়েছিল মুক্তির জন্য, কিন্তু পেয়েছিল প্রতারণা।"

প্রফেসর ড. খলিলুর রহমান: পরিসংখ্যান বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

## সালমানের সঙ্গে বিচ্ছেদ প্রসঙ্গে কেন চুপ ছিলেন ঐশ্বরিয়া

৪৬ পৃষ্ঠার পর

সমস্যা' রয়েছে।"

'হাম দিল দে চুকে সানাম'-এর শুটিং চলাকালে ঐশ্বরিয়া রাই ও সালমান খানের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। তিন বছরের সম্পর্ক শেষে ২০০২ সালে তাদের বিচ্ছেদ হয়। এই বিচ্ছেদ ছিল অত্যন্ত আলোচিত। ঐশ্বরিয়া রাই পরে বেশ কয়েকটি সাক্ষাৎকারে জানিয়েছেন, সেই সম্পর্কে তিনি শারীরিক নির্যাতনের শিকারও হয়েছিলেন।

পরে অভিষেক বচ্চনের সঙ্গে বচ্চন পরিবারে ঐশ্বরিয়া থিতু হলেও সালমান খান এখনও রয়েছেন সিঙ্গেল।

## যুক্তরাষ্ট্রের দেড় শতাধিক নাগরিককে ভুল করে গ্রেপ্তার!

৩ পৃষ্ঠার পর

ক্ষেত্রে আটক ব্যক্তিদের কয়েক ঘণ্টা থেকে তিন দিন পর্যন্ত পরিবারের সদস্য বা আইনজীবীর সঙ্গে যোগাযোগের সুযোগ দেওয়া হয়নি।

কিছু পরিবার প্রিয়জনকে খুঁজে পেতে হাসপাতাল, পুলিশ বিভাগ ও ডিটেনশন সেন্টারে ঘুরে বেড়িয়েছে। এক অভিভাবক সংবাদমাধ্যমকে বলেন, আমরা ভেবেছিলাম, সে অপহৃত হয়েছে। পরে জানতে পারি, সে আসলে নিজের দেশেই সরকারের হাতে বন্দি। এছাড়া প্রতিবেদনে উঠে এসেছে, আটক হওয়া অন্তত ২০ জন শিশু গুরুতর অনুভূতির শিকার ছিল। তাদের মধ্যে দুজন ক্যানসার আক্রান্ত, যাদের টেক্সাসের একটি ডিটেনশন সেন্টারে ৪৮ ঘণ্টার বেশি সময় চিকিৎসা ছাড়াই রাখা হয়েছিল। আবার ৭০ বছরের বেশি বয়সী অনেক নাগরিককে পাতলা পোশাকে প্রবল ঠান্ডায় ঘণ্টার পর ঘণ্টা বাইরে দাঁড়িয়ে থাকতে বাধ্য করা হয়।

প্রতিবেদন প্রকাশের পর যুক্তরাষ্ট্র কংগ্রেসে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। সিনেটর এলিজাবেথ ওয়ারেনসহ একাধিক ডেমোক্র্যাট আইনপ্রণেতা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস)-এর কাছে জানতে চেয়েছেন, কীভাবে নাগরিকদের ভুলভাবে আটক করা হচ্ছে এবং বর্তমানে কতজন মার্কিন নাগরিক আইসিই হেফাজতে রয়েছেন।

সিনেটর ওয়ারেন এক বিবৃতিতে বলেন, 'একজন আমেরিকান নাগরিককে ভুলবশত আটক করা সরকারের সবচেয়ে গুরুতর ব্যর্থতা। এটি শুধু প্রশাসনিক ভুল নয়, এটি মৌলিক নাগরিক অধিকারের লঙ্ঘন।'

প্রতিবেদন প্রকাশের পর আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন এবং ইমিগ্র্যান্ট জাস্টিস সেন্টারের মতো মানবাধিকার সংগঠনগুলো আইনের নীতিকে তীব্রভাবে সমালোচনা করেছে। তাদের মতে, এই ভুল আটক কেবল প্রশাসনিক ব্যর্থতা নয়, বরং নাগরিক স্বাধীনতার প্রতি গভীর হুমকি। তারা ট্রাম্প প্রশাসনের কাছে ভবিষ্যতে ভুল আটক এড়াতে উন্নত নাগরিকত্ব যাচাই ব্যবস্থার প্রবর্তন তার সঙ্গে পূর্ণাঙ্গ, স্বচ্ছ তদন্তও ক্ষতিপূরণ প্রদান দাবি জানিয়েছে।

## জুলাই যোদ্ধাদের ওপর হামলায় নিউইয়র্কে প্রতিবাদ সমাবেশ

৩ পৃষ্ঠার পর

বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আন্দোলনে পুলিশের বিনা উসকানিতে হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বক্তরা বলেন, জুলাই যোদ্ধাদের ওপর রক্তাক্ত হামলা চালানো মানে জুলাই চেতনার সঙ্গে বিশ্বাসঘাতকতা। নতুন বাংলাদেশ গঠনের এই সন্ধিক্ষণে জনগণ গণতান্ত্রিক সংস্কৃতি ও সহনশীলতা প্রত্যাশা করেছিল। অথচ সেনা ও পুলিশ সদস্যদের মব-হামলা ফ্যাসিবাদের অন্ধকার দিনগুলোর কথা মনে করিয়ে দিচ্ছে।

প্রবাসীরা বলেন, ছাত্র-জনতার রক্তক্ষয়ী অভ্যুত্থানে সহস্রাধিক শহীদ ও আহত যোদ্ধার রক্তের বিনিময়ে বাংলাদেশ ফ্যাসিবাদমুক্ত হয়েছে। সেই রক্তের বিনিময়েই বহুল আকাঙ্ক্ষিত রাষ্ট্রীয় সংস্কারের দলিল 'জুলাই সনদ' হচ্ছে। এই সনদের স্বাক্ষর অনুষ্ঠানের পূর্বে অভ্যুত্থানের যোদ্ধাদের ওপর হামলা কেবল নিন্দনীয়ই নয়; বরং এটি জুলাইয়ের রক্তের সঙ্গেও বিশ্বাসঘাতকতা এবং অন্তর্বর্তী সরকারের ব্যর্থতা।

সমাবেশ থেকে একইসঙ্গে এই হামলার সাথে জড়িত পুলিশ সদস্য এবং তাদের নির্দেশদাতাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানানো হয়। অনুষ্ঠানের সঞ্চালনা করেন মুসা হাক্কানী এবং তৌফিক আহমেদ।

বক্তব্য দেন জি এম লিমন, তানভীর মোনায়েম তন্ময়, রওশন হক, এম এইচ পাভেল, সেলিম উদ্দিন, মাহমুদুল আলিম, তৌফিক চৌধুরী, রাকিবুদ্দিন, জাহিদ খান, ফজলুর রহমান, মোসলেহ উদ্দিন, ফয়সাল, তানজিল ইসলাম, সাইফেদ মাসুদ ও মাজহারুল ইসলাম আরো সহ অনেকে।

প্রতিবাদ সভা থেকে পুলিশ বাহিনী থেকে ফ্যাসিস্ট দোসরদের বিতাড়ন এবং হামলার তদন্ত ও বিচারের জোর দাবি করা হয়।

রাজধানীর জাতীয় সংসদ ভবন এলাকায় জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানকে কেন্দ্র করে মানিক মিয়া এভিনিউতে জুলাই যোদ্ধাদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। গত শুক্রবার সকাল থেকে বিকেল ৩টা পর্যন্ত সংঘর্ষের এই ঘটনা ঘটে। এ সময় পুলিশ আন্দোলনকারী জুলাই যোদ্ধাদের ওপর সাউন্ড গ্রেনেড, রাবার বুলেট, টিয়ার শেল নিক্ষেপ করে। সেই সঙ্গে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর লাঠিপেটায় অর্ধশতাধিক জুলাই যোদ্ধা আহত হয়েছেন।

## 'সুপার ফুড' বিট রুটের অসাধারণ সব উপকারী ক্ষমতা

২০ পৃষ্ঠার পর

* বিট রুট অ্যান্টি এজিং হিসেবে কাজ করে। অর্থাৎ বয়স ধরে রাখতে তারুণ্য ধরে রাখতে সাহায্য করে বিটরুট। কারণ বিট রুটে রয়েছে এমন কিছু পুষ্টি উপাদান যা আমাদের ত্বকের তারুণ্য বৃদ্ধি করতে সাহায্য করে এবং ত্বকে বার্ধক্যজনিত যে রিংকেল পরে তার বিরুদ্ধে কাজ করতে পারে।

* বিট রুট অন্ত্রে ভালো ব্যাকটেরিয়ার পরিমাণ বৃদ্ধি করে রোগের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে।

কিভাবে খাবেন?

বিট রুট কাঁচা কিংবা রান্না করে- দুভাবেই খাওয়া যায়। বিট রুট কাঁচা সালাদে কিংবা জুস করে অথবা সবজিতে বিট রুট, গাজর, ফুলকপি, ব্রকলি, বাঁধাকপি ইত্যাদি মিশিয়ে মিক্সড সবজি রান্না করে খাওয়া যেতে পারে। এছাড়া বাচ্চাদের জন্য স্যুপ কিংবা মিল্কশেক করেও দেওয়া যেতে পারে এই বিট রুট দিয়ে। অথবা অনেকে বাসায় একটু মিষ্টি জাতীয় খাবার পছন্দ করেন, সে ক্ষেত্রে বিট রুটের হালুয়া কিংবা কোনো ডেজার্ট তৈরি করেও কিন্তু খাওয়া যেতে পারে।

বিটরুট কারা খাবেন না বা কারা পরিমাণ নিয়ন্ত্রণ করে খেতে পারেন?

একটা খাবার যতই ভালো হোক না কেন তা যদি অপরিমিতভাবে বা অতিরিক্ত পরিমাণে গ্রহণ করা হয়, তার কিন্তু বিপরীত প্রতিক্রিয়া দেখা দেবে শারীরিক জটিলতা হিসাবে। তাই বিট রুট খাওয়ার ক্ষেত্রে কিছুটা সাবধানতা অবলম্বন করা উচিত।

* যারা দীর্ঘদিন ডায়াবেটিসে ভুগছেন তাদের প্রতিদিন বিট রুট খাওয়া যাবে না। কারণ বিট রুটের গ্লাইসেমিক ইনডেক্স অত্যন্ত বেশি, যার ফলে রক্তে শর্করার মাত্রা বেড়ে যেতে পারে খুব দ্রুত।

* যারা কিডনিতে পাথরের সমস্যায় ভুগছেন, তাদের বিট খাওয়া থেকে বিরত থাকতে হবে। যারা সিকেডি পেশেন্ট বা ক্রিয়েটিনিন বেশি তাদের ক্ষেত্রেও বিট রুট না খাওয়ার পরামর্শ দেওয়া হয়।

* অনেকের বিট রুটে এলার্জি হতে পারে, যার ফলে ত্বকে ফুসকুড়ি, চুলকানি কিংবা জ্বালাপোড়া হতে পারে। এলার্জির সমস্যা থাকলে বিট রুট না খাওয়াই ভালো।

পরিশেষে বলা যায়, সুস্থ স্বাভাবিক থাকতে চাইলে যারা বিভিন্ন রোগে আক্রান্ত তারা খাদ্য তালিকায় অবশ্যই পুষ্টিবিদের পরামর্শ অনুযায়ী বিট রুট গ্রহণ করবেন।

লেখক: ক্লিনিক্যাল নিউট্রিশনিস্ট অ্যান্ড ডায়েটিশিয়ান, উত্তরা ক্রিসেন্ট হসপিটাল, উত্তরা, ঢাকা।

## যে কথা কেউ শোনে না সম্ভাবনা যেখানে সম্ভব না

৭ পৃষ্ঠার পর

তিন জোটের ঐক্যবদ্ধ আন্দোলনে এরশাদের পতন হয়। তিন জোটের রূপরেখা অনুযায়ী দেশ পরিচালনার সিদ্ধান্ত হয়। '১০টি আসনের বেশি পাবে না'-শেখ হাসিনার এ ভবিষ্যদ্বাণী মিথ্যা প্রমাণের মধ্য দিয়ে সরকার গঠন করে বিএনপি। রূপরেখা অনুযায়ী সংসদীয় সরকার ব্যবস্থাসহ বেশ কিছু সংস্কার বাস্তবায়নে উদ্যোগী হয় খালেদা জিয়ার সরকার। এরই মধ্যে, সরকারকে একমুহূর্তের জন্যও শান্তিতে থাকতে দেবে না বলে ঘোষণা দেন তৎকালীন বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা। একপর্যায়ে তাদের সঙ্গে যোগ দেয় জামায়াত। নব্বইয়ের গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে তৈরি হওয়া সম্ভাবনা তিন জোট মিলেই 'সম্ভব না' করে দেয়। নূর হোসেন, ডা. মিলন, সেলিম-দীপালি-দেলওয়ার-বসুনিয়া-জাফর-জিহাদসহ অসংখ্য শহীদের রক্ত পানি হয়ে যায়। এরপর তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থাকে প্রথমে প্রশ্নবিদ্ধ; পরে উধাও করে দেওয়া হয়। মাঝে ষড়যন্ত্রের মাধ্যমে আনা এক-এগারোর সরকার প্রথম তিন মাস সম্ভাবনা জাগিয়েছিল। পরে তারা অরণ্যকালের অভাবহ দুর্নীতিতে জড়িয়ে পড়ে। সেফ এক্সিটের নিশ্চয়তা আদায় করে আওয়ামী লীগের হাতে ক্ষমতা দিয়ে বিদায় নেয়। ২০০৮ সালের ওই নির্বাচন পাতানো বলে সমালোচনা থাকলেও মেনে নেয় সব দল। কিন্তু ক্ষমতায় আরোহণের পর নির্বাচনের পুরো ধারণাই পাল্টে দেন শেখ হাসিনা। আজীবন প্রধানমন্ত্রী থাকার বাসনায় রাষ্ট্রের সব গুরুত্বপূর্ণ সংস্থাকে পথে বসিয়ে দেন তিনি।

দেড় দশক লড়াই-সংগ্রামের পর জগদ্দল পাথরের মতো চেপে বসা ফ্যাসিস্ট সরকারকে পালাতে বাধ্য করে দেশের আপামর জনগণ। শিক্ষার্থী-জনতার এ গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে বিএনপি-জামায়াতসহ ভুক্তভোগী দলগুলো। দেড় সহস্রাধিক শহীদ ও কয়েক হাজার আহত ব্যক্তির আত্মত্যাগে নির্বাসিত গণতন্ত্র ফেরার সম্ভাবনা দেখা দেয় রক্তাক্ত এ জনপদে। ফ্যাসিবাদবিরোধী দলগুলো দিন-রাত বৈঠক শুরু করে আগামীর সুন্দর বাংলাদেশ গড়তে। দেশ-বিদেশ থেকে উন্নত জীবন ত্যাগ করে অনেকে অন্তর্বর্তী সরকারকে প্রাণবন্ত করে তোলেন। বিশাল সম্ভাবনা দেখা দেয় আকাশে-বাতাসে। কিন্তু সময় গড়ানোর সঙ্গে সঙ্গে আলাদা আলাদা এজেন্ডা, প্রত্যাশার চাপ বাড়তে থাকে। সরকার এবং অংশীজনরা বারবার ফেব্রুয়ারির প্রথমার্ধের কথা বললেও নির্বাচন নিয়ে সংশয় কাটছে না। সাধারণ মানুষ মনে করছে, উপদেষ্টারা আরও অনেক দিন উপদেশ দিতে চান। তারা জনতার উপদেশ শুনতে চান না। ক্ষমতা প্রায় নিশ্চিত মনে করে বিএনপির কিছু নেতাকর্মী আওয়ামী আচরণ করছেন। মওকা পেয়ে জামায়াত এমন প্রচার করে ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখছে। আন্দোলনে অকুতোভয় শিক্ষার্থীরা মুনশিয়ানা দেখালেও তাদের গড়া দল এনসিপিতে সমন্বয়ের প্রচণ্ড অভাব দেখা যাচ্ছে। তাদের অতিকথন আর রহস্যময় মিত্রের কারণে অবস্থান অস্পষ্ট হচ্ছে। আন্দোলনে বিক্ষুব্ধতা অন্যতম অনুঘটক। কিন্তু রাজনৈতিক চর্চায় বিচক্ষণতা জরুরি। অস্থিরতা দেখানোর কৌশল সবসময় কাজ করে না। তা ছাড়া, দলে শৃঙ্খলার অভাব ও নেতাকর্মীদের চাঁদাবাজির অব্যাহত অভিযোগ ভালোভাবে নিচ্ছে না মানুষ। আন্দোলনের প্রাক্তিতিই শেষ কথা নয়। প্রতিদিন দেয়াল লিখন পড়তে হয়। আন্দোলন দেখতে দেখতে এবং প্রতিশ্রুতি শুনতে শুনতে মানুষ মহাবিরক্ত। সম্ভাবনা বাস্তবায়ন করে দেখাতে হবে। নিয়ন্ত্রণহীন আইনশৃঙ্খলা পরিস্থিতি ও নাজুক অর্থনীতির কারণে হতাশা বাড়ছে। কেউ কেউ এখন এক-এগারোর মতো অসংবিধ সরকার কামনা করছে। এজন্য আমলা-ব্যবসায়ীদের দায় থাকলেও জাতি রাজনীতিবিদদেরই দুষবে। এটা হলে সব সম্ভাবনা উড়ে যাবে। রক্তে কেনা সম্ভাবনাগুলো সফল করতেই হবে।

লেখক: হেড অব নিউজ, আরটিভি।

## আস্থার সেতু ভাঙল কোথায়

১০ পৃষ্ঠার পর

দুর্নীতি ও বৈষম্য: কর দিয়ে নাগরিক দেখে সেই টাকায় ক্ষমতাবানদের বিলাসিতা গড়ে ওঠে। ন্যায়বিচারের অভাব: দুর্বল অপরাধী শাস্তি পায়, কিন্তু শক্তিশালী অপরাধী আইনের ফাঁকফোকর দিয়ে বেরিয়ে যায়। গণতন্ত্রের সীমাবদ্ধতা: ভোটাধিকার ক্ষুণ্ন হলে নাগরিকের কণ্ঠস্বর হারিয়ে যায়। সেবার ঘাটতি: শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, রাস্তা-সবক্ষেত্রেই ব্যর্থতা আস্থা ধসায়। এমন অবস্থায় নাগরিক রাষ্ট্রকে আর মাতৃস্বরূপ মনে করে না, বরং দূরের এক যন্ত্র মনে করে। অন্যদিকে রাষ্ট্রও অভিযোগ তোলে, মানুষ আইন মানে না, দায়িত্ব এড়িয়ে চলে। এই দ্বন্দ্বে সম্পর্ক ভেঙে যায়। তবে ইতিহাস বলছে, রাষ্ট্র যখন আন্তরিকভাবে নাগরিকের পাশে দাঁড়িয়েছে, দুর্যোগে সেবা দিয়েছে, তখনই আস্থার সেতু আবার গড়ে উঠেছে। তাই এ সম্পর্ক ভাঙন সত্ত্বেও পুনর্গঠন সম্ভব। কোনো নদী তার স্রোত হারালে যেমন শুকিয়ে যায়, তেমনি রাষ্ট্র তার আস্থার স্রোত হারালে শুকিয়ে যায় মানুষের বিশ্বাস। অথচ রাষ্ট্রের আসল শক্তি অস্ত্র বা সম্পদ নয়, আসল শক্তি হলো মানুষের আস্থা। আজকের পৃথিবীতে রাষ্ট্রকে স্বচ্ছ, দায়বদ্ধ ও মানবিক হতে হবে। নাগরিককে পেতে হবে সেবা, ন্যায়বিচার ও মর্যাদা। অন্যদিকে নাগরিককেও দায়িত্ব নিতে হবে রাষ্ট্রকে ভালোবাসার, রক্ষার। কবি জীবনানন্দ দাশ যেমন বলেছেন, মানুষের কাছে ফিরে আসতে হবে, মানুষের কাছে যেতে হবে। রাষ্ট্র যদি মানুষের কাছে ফিরে আসে, নাগরিকও রাষ্ট্রকে বুকে টেনে নেবে। আর তখনই আমরা বলতে পারব রাষ্ট্র ও নাগরিক: আস্থার সেতু ভাঙেনি, বরং দৃঢ় হয়ে আছে হৃদয়ের গভীরে।

জুয়েল হাসান: প্রকৌশলী।

## তরুণ-তরুণীর বন্ধুত্ব নিয়ে ইসলাম কী বলে

২৫ পৃষ্ঠার পর

অতএব, ইসলাম বন্ধুত্ব নিষিদ্ধ করেনি, কিন্তু সীমাহীন বন্ধুত্বের দরজায় স্পষ্টভাবে 'সতর্কতা'র সাইনবোর্ড ঝুলিয়েছে। ইমাম ইবনু কাইয়্যিম (রহ.) বলেন, 'নারী-পুরুষের অপ্রয়োজনীয় ঘনিষ্ঠতা হৃদয়ের রোগ সৃষ্টি করে, যা পাপের দ্বার উন্মুক্ত করে।' (আল-জাওয়াবুল কাফি, পৃ. ১২৪)। ইমাম নববী (রহ.) মন্তব্য করেন, 'যে সম্পর্ক মানুষকে আল্লাহর স্মৃতি থেকে দূরে নিয়ে যায়, তা বন্ধুত্ব নয়, বরং তা ফিতনার সূচনা।' আজকের তথাকথিত 'স্মার্ট বন্ধুত্ব' বা 'বেস্ট ফ্রেন্ড কালচার' অনেক সময় আবেগের জোয়ারে গুনাহের স্রোতে পরিণত হয়।

মোবাইল স্ক্রিনের আড়ালে জন্ম নেয় এমন সম্পর্ক, যা শুরু হয় নিরীহ কথোপকথনে-শেষ হয় আত্মিক শূন্যতায়। ইসলাম এই ঝুঁকি থেকে বাঁচার জন্যই শালীনতা ও সংযমের কঠোর বিধান দিয়েছে।

তবে বাস্তবতার মাটিতে দাঁড়িয়ে ইসলাম কোনো কাল্পনিক বিচ্ছিন্নতা চায় না। শিক্ষা, কর্মক্ষেত্র বা সামাজিক দায়িত্বে নারী পুরুষের সহযোগিতা হতে পারে, কিন্তু তা যেন উদ্দেশ্যনির্ভর, লজ্জানির্ভর এবং সীমার মধ্যে আবদ্ধ থাকে। বন্ধুত্ব তখনই পবিত্র, যখন তা আত্মার উন্নতি ঘটায়, নয়তো তা পরিণত হয় আত্মপ্রবঞ্চনায়।

আজকের তরুণ প্রজন্মের জন্য এটাই ইসলামের বার্তা,অন্যের হৃদয় নয়, নিজের নৈতিকতাকে জয় করো। বন্ধুত্ব নয়, ভ্রাতৃত্বই ইসলামের ভাষা; যেখানে সম্পর্কের ভিত্তি আবেগ নয়, ঈমান।

লেখক: শিক্ষার্থী, আল-আজহার বিশ্ববিদ্যালয়, কায়রো, মিশর।







## আমার কোনো অনুশোচনা নেই : সাকিব

৫২ পৃষ্ঠার পর

মুখে পড়েছিলেন সাকিব। এরপর গত বছরের ৫ আগস্টে বাংলাদেশের ক্ষমতার পটপরিবর্তনের পর থেকেই কার্যত দেশে ফেরাও বন্ধ হয়ে যায় তার। পতিত আওয়ামী লীগ সরকারের সংসদ সদস্য ছিলেন সাকিব। জুলাই গণঅভ্যুত্থানের পর তার বিরুদ্ধে দেশে বেশ কয়েকটি মামলাও হয়েছে, যার মধ্যে হত্যা মামলাও আছে। যে কারণে ফিরতে পারছেন না দেশেও। আপাতত তার জাতীয় দলে ফেরারও সম্ভাবনা নেই।

জনপ্রিয়তার চূড়া থেকে হৃদপতনও দেখে ফেলেছেন সাকিব। যদিও এসব নিয়ে আক্ষেপ নেই টাইগার এই অলরাউন্ডারের। জুলাই আন্দোলন চলাকালে কানাডায় এক ভক্তের সাথে মাঠে বাকবিতণ্ডা হয় সাকিবের। এ ছাড়া প্রায় একই সময়ে সাকিব তার পরিবারের সাথে কানাডায় সময় কাটাচ্ছেন এমন ছবিও ছড়িয়ে পড়ে সোশ্যাল মিডিয়ায়। সব মিলিয়ে সমর্থকরা তার ওপর ক্ষুব্ধ হয়ে ওঠেন। সাকিব অবশ্য পরে দাবি করেছিলেন, ঐ সময় তিনি দেশের পরিস্থিতি জানতেনই না।

ক্রিকবাজকে দেওয়া সাক্ষাৎকারেও একই কথা বললেন। সাকিব বলেন, 'এটা এমন এক মুহূর্ত যা আমার বিপক্ষে চলে গেছে। কারণ তারা (সমর্থকরা) ভিন্ন কিছু প্রত্যাশা করছিল। আমি আবার ওরকম পরিস্থিতিতে ছিলাম না, অথবা আমি পরিস্থিতি জানতাম না সত্যি বলতে। তাই আমার জন্য কাজটা কঠিন ছিল, আমি বাড়ি থেকে অনেক দূরে ছিলাম। আমি মনে করি ঐ জিনিসটাই আমার বিপক্ষে গেছে। তাদের দৃষ্টিকোণ থেকে ব্যাপারটা দেখে আমি একে পূর্ণ শ্রদ্ধাও জানাচ্ছি। তবে এজন্য কোনো অনুশোচনা নেই। আমার মনে হয় ধীরে ধীরে মানুষ এখন এটা বুঝতে শুরু করেছে।'

এক সময় খেলা চলাকালেও বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে বাণিজ্যিক চুক্তি কিংবা শো-রুম উদ্বোধনকে কেন্দ্র করে ট্রোলের সম্মুখীন হতে হয় সাবেক এই টাইগার অধিনায়ককে। একসময় তার নামই পড়ে যায় শোরুম আল হাসান। তবে সাকিব মনে করেন, এগুলো সবই বানোয়াট, মিডিয়ার সৃষ্টি।

সাক্ষাৎকারে তিনি বলেন, 'আমার মনে হয় কিছু সাংবাদিক ও অনলাইন পোর্টালের বানোয়াট গল্প এগুলো যার কারণে মানুষ এমন ভাবে। কারণ বাংলাদেশে আগে এসব কেউ করেনি যা আমি করেছি। এসব তাদের জন্য নতুন ছিল। হজম করা কঠিন ছিল। এখন অন্য কেউ এসব করলে তাদের ওপর এত প্রভাব পড়ে না, যতটা আমার ওপর পড়েছিল। কারণ আমিই ছিলাম প্রথম- ভালো, খারাপও।

তার কাছের মানুষরা অবশ্য তাকে নিয়ে এভাবে ভাবেন না। জানালেন, 'মানুষের নিজস্ব ভাবনা থাকতেই পারে। তা নিয়ে আমার মাথাব্যথা নেই। কে কী ভাবলো তাতে আমার কিছু যায় আসে না কারণ আমার কাছে মুখ্য বিষয় হলো আমার কাছের মানুষেরা আমাকে নিয়ে কী ভাবছে। তারা কেউ এমন ভাবে বলে মনে হয় না।'

সাকিবের পরিবার আগেই আমেরিকায় থিতু হয়েছিল। দেশে ফেরার পথ বন্ধ হওয়ার পর সাকিবও পরিবারের সাথে মার্কিন মুলুকে আছেন। জাতীয় দলে না থাকলেও বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি লিগে খেলছেন। সম্প্রতি খেলেছেন যুক্তরাষ্ট্রের মাইনর লিগে। অনেকটা অখ্যাত এই লিগে সাকিবই ছিলেন বড় তারকা। যদিও এসব টুর্নামেন্টও এখন উপভোগ করছেন সাকিব।

তিনি বলছিলেন, 'সত্যি বলতে আমি খুব উপভোগ করেছি। অনেক লোকাল প্লেয়ারের সাথে পরিচয় হয়েছে। অনেকের সাথে দেখা হয়েছে যাদের ক্যারিয়ারের শুরুর দিকে দেখেছিলাম, অনূর্ধ্ব-১৯ এর দিনগুলোতে ফিরে গিয়েছি। ছোটবেলার মতো এমন একটা ক্রিকেটীয় পরিবেশ পেয়ে খুব ভালো লেগেছে। মনে হয়েছে আগের সময় কাটাচ্ছি আবার।'

## দুনিয়াতেই জান্নাতের নেয়ামত পেয়েছিলেন যারা

২৫ পৃষ্ঠার পর

ইবনু কাসির তাফসিরে উল্লেখ করেছেনথআল্লাহ তায়ালা মরিয়ম (আ.)-এর ওপর এমন অনুগ্রহ করেছেন, যা সাধারণ মানুষের ক্ষেত্রে ঘটে না। তার কাছে আসত এমন ফলমূল যা পৃথিবীর বাজারে পাওয়া যেত না।

অতএব, বলা যায়-মরিয়ম (আ.) দুনিয়াতেই জান্নাতীয় রিজিকের স্বাদ পেয়েছিলেন, যা ছিল আল্লাহর বিশেষ অনুগ্রহ ও ভালোবাসার নিদর্শন।

**রাসুলুল্লাহকে (সা.) আল্লাহর দানকৃত বরকতময় রিজিক**

নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনেও দেখা যায় বহু মুজিযা, যেখানে খাবার বা পানীয় আল্লাহর অনুমতিতে অলৌকিকভাবে বৃদ্ধি পেয়েছিল। সহিহ বুখারি ও মুসলিমে বর্ণিতথএকবার খন্দকের যুদ্ধে রাসুলুল্লাহ (সা.)-এর দোয়ার ফলে জাবির (রা.)-এর ঘরের সামান্য খাবার দিয়ে শত শত সাহাবি আহার করেছিলেন, অথচ খাবার শেষ হয়নি। (সহিহ বুখারি : ৪১০১, সহিহ মুসলিম : ২০৩৯)।

আবার সহিহ মুসলিমে এসেছে-একবার তিনি অল্প পানি থেকে তার হাতের বরকতে বহু মানুষকে পান করিয়েছিলেন। পানি শেষ হয়নি, বরং বেড়েই চলেছিল। (সহিহ মুসলিম : ১৮৫৬)।

এই ঘটনাগুলো জান্নাতীয় খাবার না হলেও, আল্লাহর পক্ষ থেকে দুনিয়ায় প্রেরিত অলৌকিক বরকতময় রিজিকগুলো জান্নাতের অনুগ্রহেরই এক প্রতিফলন।

**মরিয়ম (আ.)-এর মর্যাদা সম্পর্কে সহিহ হাদিস**

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনথনারীদের মধ্যে শ্রেষ্ঠ মরিয়ম বিনতে ইমরান। (সহিহ বুখারি : ৩৪৩২- সহিহ মুসলিম : ২৪৩১)।

এই শ্রেষ্ঠত্বের অন্যতম কারণ ছিল তার তাকওয়া, ইবাদত, ধৈর্য এবং আল্লাহর প্রতি পূর্ণ ভরসা। তার এই পবিত্রতার ফলেই আল্লাহ তাকে দুনিয়াতেই এমন রিজিক দান করেন, যা দুনিয়ার নিয়মে সম্ভব ছিল না।

**জান্নাতি রিজিকের বৈশিষ্ট্য**

কুরআনে জান্নাতের খাবার সম্পর্কে বলা হয়েছে- তাদের জন্য থাকবে যা কিছু মন চায় এবং যা কিছু চোখকে আনন্দ দেয়; আর তারা সেখানে চিরকাল থাকবে।" (সুরা যুখরুফ: ৭১)।

মরিয়ম (আ.)-এর কাছে যে ফল ও রিজিক আসত, তা ছিল এই জান্নাতীয় রিজিকেরই এক ক্ষুদ্র ঝলক। আল্লাহ তায়ালা তার সন্তুষ্টি ও ভালোবাসার নিদর্শন হিসেবে দুনিয়াতেই তাকে সেই রিজিকের স্বাদ দিয়েছিলেন।

**আল্লাহর রিজিক সীমাহীন**

আল্লাহ তায়ালা বলেন-"আল্লাহ যাকে ইচ্ছা করেন, তাকে অগণিতভাবে রিজিক দান করেন।"(সুরা আলে ইমরান: ৩৭)।

মরিয়ম (আ.)-এর ঘটনা এই আয়াতের এক জীবন্ত উদাহরণ। তাঁর নিষ্কলুষতা, পরহেযগারি ও ইবাদতের প্রতি অনুরাগের ফলেই তিনি পেয়েছিলেন সেই অসাধারণ রিজিক।

**আমাদের জন্য শিক্ষা ও বার্তা**

১. আল্লাহ যাকে ভালোবাসেন, তাকে বিশেষ অনুগ্রহে ভূষিত করেন। মরিয়ম (আ.)-এর জান্নাতি রিজিক ছিল সেই ভালোবাসার প্রতিফলন।

২. রিজিক শুধু বস্তুগত নয়-এটি আধ্যাত্মিকও হতে পারে। আল্লাহ এমনভাবে দান করেন, যা মানুষের বোধের বাইরে।

৩. সৎ আমল, তাকওয়া ও ধৈর্য জান্নাতীয় দানের চাবিকাঠি। যেমন মরিয়ম (আ.) বলেছিলেনথ"এগুলো আল্লাহর পক্ষ থেকে।"

৪. যে ব্যক্তি কষ্টের মধ্যেও আল্লাহর উপর ভরসা রাখে, তাকেই আল্লাহ অলৌকিকভাবে রিজিক দান করেন।

৫. আল্লাহর দান সীমাহীন। তিনি চাইলে মানুষকে দুনিয়াতেই জান্নাতের স্বাদ অনুভব করাতে পারেন।

## বাংলাদেশের ইংরেজি ছবি মুক্তি পাচ্ছে যুক্তরাষ্ট্রে

৪৬ পৃষ্ঠার পর

কথা চৌধুরী, কামরুল ইসলাম, মামুন চৌধুরী, তারিকুল ইসলাম তারেক, আব্দুল বারীক মুকুল প্রমুখ। নদী পাড়ের মানুষের প্রেম-ভালোবাসা আর টানাপোড়েনের গল্প নিয়ে নির্মিত ছবিটি ইতিমধ্যে সমালোচক মহলে প্রশংসা পেয়েছে।

## আল্লাহ যাদের ভালোবাসেন

২৫ পৃষ্ঠার পর

থেকে সামান্যতম দয়া প্রদর্শনের বহিঃপ্রকাশ ঘটে না।

হাদিসে বর্ণিত হয়েছে হজরত আব্দুল্লাহ বিন মাসউদ (রা.) বর্ণনা করেন, হজরত রাসুল (সা.) বলেছেন, 'সকল সৃষ্টি-প্রাণিকুল আল্লাহর পরিবার-পরিজন। অতএব, আল্লাহতায়ালার কাছে তার সৃষ্ট জীবের মাঝে সেই প্রিয়ভাজন যে তার অধীনস্থ ও সৃষ্ট জীবের সঙ্গে সদাচরণ করে এবং তাদের প্রয়োজনের প্রতি যত্নবান থাকে'। (মিশকাত)।

অপর একটি হাদিসের বর্ণনায় পাওয়া যায়, হজরত আলী (রা.) থেকে বর্ণিত মহানবী (সা.) বলেছেন, 'একজন মুসলমানের কাছে অপর মুসলমানের ৬টি অধিকার প্রাপ্য। ১. তার সঙ্গে সাক্ষাৎ হলে 'আসসালামু আলাইকুম' বলা। ২. সে হাঁচি দিলে 'ইয়ারহামুকাল্লাহ' বলা। ৩. সে অসুস্থ হলে তার শুশ্রূষার জন্য যাওয়া। ৪. সে ডাকলে তার ডাকে সাড়া দেওয়া। ৫. সে মারা গেলে তার জানাজায় শামিল হওয়া। ৬. নিজের জন্য যা পছন্দ কর, অপরের জন্যও তা-ই পছন্দ করা। আর তার অবর্তমানে তার কল্যাণ কামনা করা'। (সুনান দারেমি)।

পরস্পর দয়া ও আন্তরিকতার প্রতি গুরুত্ব দিতে গিয়ে মহানবী (সা.) বলেন, আল্লাহতায়ালা দয়ালুদের ওপর দয়া ও অনুগ্রহ করেন। যারা জমিনে বসবাস করছে, তাদের প্রতি তোমরা দয়া করো, তাহলে যিনি আকাশে আছেন তিনি তোমাদের প্রতি দয়া করবেন।

অপর এক বর্ণনায় হজরত আব্দুল্লাহ বিন ওমর (রা.) বর্ণনা করেন, মহানবী (সা.) বলেছেন, 'একে অপরকে হিংসা করো না। একে অন্যের ক্ষতি সাধনের জন্য প্রতিযোগিতামূলকভাবে (পণ্যের) অলীক মূল্যবৃদ্ধি করো না। একে অপরের প্রতি বিদ্বেষ রেখ না। একে অপরকে পৃষ্ঠ প্রদর্শন করো না অর্থাৎ সম্পর্কহীনতার ব্যবহার করো না। একজনের দাম-দর করার সময় অপরজন দাম করবে না। আল্লাহতায়ালার বান্দা হিসাবে এবং পরস্পর ভাই-ভাই হয়ে থাক। মুসলমান ভাইয়ের প্রতি অন্যায় করতে পারে না। তাকে হীন জ্ঞান করতে পারে না, তাকে লজ্জিত করতে পারে না। মহানবী (সা.) নিজ বুকের দিকে ইঙ্গিত করে বলেছেন, তাকওয়া হা হুন্না অর্থাৎ 'তাকওয়া এখানে'। এ বাক্যটি তিনি তিনবার পুনরাবৃত্তি করেন। এরপর বলেন, নিজের কোনো মুসলমান ভাইকে অবজ্ঞা বা তাচ্ছিল্যের দৃষ্টিতে দেখাটাই কোনো মানুষের দুর্ভাগা সাব্যস্ত হওয়ার জন্য যথেষ্ট। প্রত্যেক মুসলমানের রক্ত, সম্পদ, সম্মান ও সম্ভ্রম অন্য মুসলমানের জন্য হারাম এবং সম্মানের যোগ্য'। (মুসলিম)।

আরেক বর্ণনায় রয়েছে-হজরত আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, মহানবী (সা.) বলেছেন, 'যে ব্যক্তি কোনো মুসলমানের জাগতিক কোনো অস্থিরতা ও কষ্ট লাঘব করেছে এবং যে ব্যক্তি কোনো অভাবগ্রস্তের সাহায্যের ব্যবস্থা করেছে এবং তার জন্য কোনো বিষয় সহজসাধ্য করেছে আল্লাহতায়ালা পরকালে তার জন্য স্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করবেন। যে ব্যক্তি কোনো মুসলমানের দোষ-ত্রুটির গোপনীয়তা রক্ষা করে আল্লাহতায়ালা পরকালে তার দুর্বলতাও ঢেকে রাখবেন। যে ব্যক্তি তার ভাইয়ের সাহায্যের জন্য এগিয়ে আসে আল্লাহতায়ালা তার সাহায্যের জন্য প্রস্তুত থাকেন। যে ব্যক্তি জ্ঞানের অন্বেষায় বের হয় আল্লাহতায়ালা তার জন্য জান্নাতের পথ সুগম করে দেন।

যারা মসজিদে বসে আল্লাহতায়ালার কিতাব পাঠ করে এবং এর পঠন-পাঠনে লেগে থাকে আল্লাহতায়ালা তাদের জন্য সুখ ও প্রশান্তি অবতীর্ণ করেন, আল্লাহতায়ালার রহমত তাদের আচ্ছাদিত করে রাখে। ফেরেশতারা তাদের নিরাপত্তা বেষ্টনীতে ঘিরে রাখে। আল্লাহতায়ালা তার নৈকট্যপ্রাপ্তদের কাছে তাদের কথা উল্লেখ করেন। যে ব্যক্তি আমলের ক্ষেত্রে শিথিলতা দেখায় তার বংশ ও পরিবার তার পুণ্যকর্মে গতি সঞ্চার করতে পারে না, অর্থাৎ বংশের জোরে কেউ জান্নাতে যেতে পারবে না।' (মুসলিম)।

হজরত আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, মহানবী (সা.) বলেছেন, 'সদকা বা দান-খয়রাত করলে সম্পদ কমে না। যে ব্যক্তি অন্যের অপরাধ ক্ষমা করে আল্লাহতায়ালা তাকে আরও সম্মান দান করেন। অধিকন্তু কারও অপরাধ ক্ষমা করলে সম্মানের কোনো হানি হয় না'। (মুসনাদ আহমদ বিন হাম্বল, ২য় খণ্ড)। হজরত আব্দুল্লাহ বিন আমর (রা.) থেকে বর্ণিত হয়েছে মহানবী (সা.) বলেছেন, 'যে দয়া প্রদর্শন করবে রহমান খোদা তার প্রতি দয়া করবেন। তোমরা পৃথিবীবাসীর প্রতি দয়া কর তাহলে ঊর্ধ্বলোকবাসীরা তোমাদের প্রতি দয়া করবেন'। (আবু দাউদ)। আমাদের ভাবতে হবে, যে বিষয়ে এত জোর তাকিদ প্রদান করা হয়েছে সে বিষয়ে আমরা কেন এত উদাসীন। তাই আসুন, আমরা একে অপরের প্রতি দয়াশীল হই। আমরা যদি অন্যের প্রতি সহানুভূতি প্রদর্শন করি তাহলে আল্লাহতায়ালাও আমাদের প্রতি দয়া প্রদর্শন করবেন।

আল্লাহতায়ালা আমাদের সবাইকে প্রকৃত ইসলামের শিক্ষা অনুসরণ করে জীবন পরিচালনার তাওফিক দান করুন, আমিন।

লেখক : ইসলামি গবেষক ও কলামিস্ট।

## ইসলামে সিন্ডিকেট হারাম

২৫ পৃষ্ঠার পর

এতে সবচেয়ে বেশি ভোগান্তির শিকার হচ্ছে, নিম্ন ও মধ্যবিত্ত জনগণ। তারা না পারে চড়া দামে কিনে নিতে, না পারে কিনে জমা করে রাখতে।

**ইসলামে সিন্ডিকেট হারাম :** অতি মুনাফার উদ্দেশ্যে খাদ্যসামগ্রী মজুত করাকে ইসলাম হারাম করেছে। এটি ইসলাম কর্তৃক খাদ্যদ্রব্য সুষম বণ্টনের একটি উজ্জ্বল দিক। যেহেতু মজুতদারির ক্ষেত্রে গুটিকয়েক মজুতদারের হাতে নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী গচ্ছিত থাকে এবং তাদের ইচ্ছামতো মূল্য হ্রাস-বৃদ্ধি করা হয়, তাই এ কাজটি সম্পূর্ণ অমানবিক ও নৈতিকতা বিবর্জিত। এজন্য ইসলামে সিন্ডিকেটকে সম্পূর্ণ নাজায়েজ ও হারাম বলেছে। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'শুধু পাপী ব্যক্তিই মজুতদারি বা সিন্ডিকেট করে থাকে।' (মুসলিম : ১৬০৫)। ফিকহের কিতাবে রয়েছে, বেশি মূল্যে খাদ্য বিক্রির মানসে খাদ্যদ্রব্যের বাজারমূল্য কম থাকাবস্থায় ক্রয় করে গুদামজাত করা এবং অত্যধিক প্রয়োজনের সময় উচ্চমূল্যে তা বিক্রয় করা- সব ইসলামি আইনজ্ঞের কাছে তা হারাম। (আল-ফিকহুল মুয়াসসার : ৬/৪৫)। এ ধরনের কর্মকাণ্ডে জনসাধারণ ক্ষতির সম্মুখীন হয়। এমন হীন কর্মে যারা যুক্ত, তারাই অবৈধ মজুতদারি। এমন মজুতদারি নিষিদ্ধের মাধ্যমে ইসলাম সাধারণ জনগণকে সার্বিক ক্ষতি থেকে হেফাজত করেছে।

**যেসব পণ্য মজুত করা হারাম :** সমাজের বণিক, ধনী, দুস্থ, অসহায় সব শ্রেণির মানুষের খাদ্যসামগ্রীর অবাধ প্রাপ্যতা নিশ্চিত করতে ইসলাম খাদ্যের অবৈধ মজুত নিষিদ্ধ করেছে। মানুষের দৈনন্দিনের প্রয়োজনীয় খাদ্যসামগ্রী, খাদ্যসংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ উপাদান, উপকরণ, খাদ্যশস্য ইত্যাদি চড়াদামে বিক্রির ইচ্ছায় মজুত করা হারাম। (আল-জামে লি উলুমি ইমাম আহমদ : ৯/১৫৯)। ইমাম আবু দাউদ (রহ.) বলেন, 'আমি ইমাম আহমদ বিন হাম্বল (রহ.)-কে জিজ্ঞেস করলাম, কোন জিনিস গুদামজাত করা নিষেধ?' তিনি বললেন, 'মানুষের দৈনন্দিন প্রয়োজনীয় জিনিস। অর্থাৎ যেসব ক্ষেত্রে মানুষের জীবন ও জীবিকা (খাদ্য) রয়েছে, সেসব ক্ষেত্রে কোনো প্রকার বাধা সৃষ্টি করা হারাম।'

**যেসব ক্ষেত্রে মজুতদারি হারাম :** সকল মজুতদারি হারাম নয়। এজন্য জানতে হবে, সমাজে প্রচলিত কোন ধরনের মজুতদারি হারাম। কিছু হারাম মজুতদারির ধরন তুলে ধরা হলো-

১. স্বল্পমূল্য চলাকালে খাদ্যদ্রব্য ক্রয় করে বেশি লাভের আশায় এমনভাবে গুদামজাত করা, যার ফলে বাজারে তার প্রতিক্রিয়া পড়ে।

২. কোনো দ্রব্য এমন পরিমাণে গুদামজাত করা, যে কারণে ক্রেতা সাধারণত সে পণ্যের চরম সংকটের সম্মুখীন হয়। ৩. মানুষের খাদ্যদ্রব্য সংকট অবস্থায় যে কোনো পরিমাণ খাদ্যদ্রব্য গুদামজাত করা।

৪. বাজারে কৃত্রিম খাদ্য সংকট সৃষ্টির জন্য গুদামজাত করা। এসব অবস্থায় মাল গুদামজাত করা নিষিদ্ধ ও গোনাহের কাজ। ৫. এ ধরনের সিন্ডিকেট যে শুধু ব্যবসার ক্ষেত্রে হয়, তা কিন্তু নয়; বরং অন্যান্য ক্ষেত্রেও হয়ে থাকে। যেমন- গাড়ি, লঞ্চ বা ট্রেনের টিকেটের ক্ষেত্রে দেখা যায়। টিকেট থাকা সত্ত্বেও টিকেট নেই। এ রকম অজুহাত দেখিয়ে গাড়ির মালিকরা যাত্রীদের কাছ থেকে বাড়তি টাকা নেওয়ার জন্যও টিকেট সিন্ডিকেট করে। বর্তমানে এটা একশ্রেণির মহামারি আকার ধারণ করেছে। আসলে এসব সিন্ডিকেটের দ্বারা মূলত লাভবান হয় পাইকারি, মধ্যস্বত্বভোগী, খুচরা ব্যবসায়ী ও মালিকপক্ষ। আর আর্থিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হয় সাধারণ জনগণ। ইসলাম এ ধরনের বৈষম্য ও জুলুম চিরতরে হারাম ঘোষণা করেছে। কেননা, এতে সাধারণ গরিব-দুঃখী ও অসহায় মানুষ কষ্ট ভোগে। আল্লাহর কাছে তাদের ফরিয়াদ বয়ে আনতে পারে সমাজ ও রাষ্ট্রের দুর্ভিক্ষসহ নানা কঠিন আজাব। আল্লাহতায়ালা বলেন, 'যেসব লোক বিনা দোষে মোমিন পুরুষ ও নারীকে কষ্ট দেয়, তারা অতি বড় একটা মিথ্যা অপবাদ ও সুস্পষ্ট গোনাহের বোঝা নিজেদের মাথায় তুলে নেয়।' (সুরা আহজাব : ৫৮)।

**মজুতদারদের ভয়াবহ শাস্তি :** দুনিয়ার কেউই আল্লাহর বিরাগভাজন হতে চায় না। চায় না অভিশপ্ত হতে। কারণ, যার প্রতি আল্লাহর অভিসম্পাত, তার ধ্বংস অনস্বীকার্য। তারপরও মানুষ এমন কাজে নিজেকে জড়িয়ে ফেলে, ধ্বংসই যার সুনিশ্চিত পরিণাম। অবৈধ খাদ্যসামগ্রী মজুত করা তেমনি একটি কাজ, যা মানুষকে পাপগ্রস্ত বানায়। মজুতদারের প্রতি রাসুলুল্লাহ (সা.) অভিসম্পাত করেছেন। আবদুল্লাহ ইবনে ওমর (রা.) বর্ণনা করেছেন, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'আমদানিকারক রিজিকপ্রাপ্ত আর মজুতদাররা পাপগ্রস্ত, অভিশপ্ত।' (মুসনাদে দারেমি : ২৫৮৬)।

রাসুলুল্লাহ (সা.) আরও বলেছেন, 'যে ব্যক্তি মুসলমানদের খাদ্যদ্রব্য মজুদ করে, আল্লাহ তাকে কুষ্ঠরোগে আক্রান্ত করবেন অথবা দেউলিয়া বানাবেন।' (আল-মুসনাদুল জামেয়ি : ১৭)। যারা মজুতদার, তারা রাসুলুল্লাহ (সা.) কর্তৃক চিহ্নিত পাপিষ্ঠ। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'পাপিষ্ঠ ছাড়া কেউ মজুদদার হতে পারে না।' (মুসলিম : ১২২৮)।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com



## মায়ামিতে ভোটার নিবন্ধন ও এনআইডি কার্যক্রমের উদ্বোধন

৬২ পৃষ্ঠার পর

পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) এ এস এম হুমায়ুন কবীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মায়ামিতে বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মিজ সেহেলী সাবরীন।

প্রধান অতিথি অনুষ্ঠানে ভোটার নিবন্ধন ও আসন্ন জাতীয় নির্বাচনে বিদেশ থেকে ভোট প্রদান প্রক্রিয়া এর ওপর বিস্তারিত তুলে ধরেন। এছাড়াও তিনি ভোটার নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্র (এনআইডি) প্রণয়ণ কার্যক্রম বিষয়ে প্রবাসীদের নানা প্রশ্নের উত্তর প্রদান করেন এবং একইসাথে তিনি প্রবাসীদের নতুন ভোটার হওয়ার আহ্বান জানান। এছাড়া তিনি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল মায়ামিকে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

কনসাল জেনারেল সেহেলী সাবরীন তাঁর বক্তব্যে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের ভোটার হিসেবে নিবন্ধন ও এনআইডি সেবাপ্রদান কার্যক্রম অত্র কনস্যুলেটেও চালু হওয়ায় প্রবাসীদের তাদের দীর্ঘদিনের প্রত্যাশিত এ সেবা গ্রহণের আহবান জানান। এসময় তিনি কনস্যুলেটের পক্ষ থেকে সুষ্ঠু সেবা প্রদান নিশ্চিতে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন এবং সরকারের এ উদ্যোগকে সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি কমিউনিটির নেতাদের প্রতি নতুন এ সেবা সম্পর্কে প্রবাসীদের অবহিত করার আহ্বান জানান।



## বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ-এর সাহিত্য সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

নারায়ন গুপ্ত, সফিক রহমান, সঞ্জয় দেব, আবুল কালাম আজাদ, মাহমুদুল হক পিন্টু প্রমুখ। অনুষ্ঠানে সদ্যাগত সৈয়দ মুশাররফ আলী ও প্রফেসর ড. সৈয়দ মুস্তাকাফির (মামুন) কে বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ'র পক্ষ থেকে ফুল দিয়ে মিশিগানে বরণ করা হয়। এ ছাড়াও সদ্য প্রয়াত বরেণ্য সাহিত্যিক, প্রাবন্ধিক সৈয়দ মনজুরুল ইসলাম স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। আগামী সভায় বাংলা সাহিত্য পরিষদ ইউএসএ'র ওয়েব সাইটে সংযোজনের সকল লেখককে নিজ নিজ পরিচিতি ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হয়। সভা শেষে সম্পাদক সঞ্জয় দেব ও শর্মিলী সেনের পক্ষে উপস্থিত অতিথিদের আপ্যায়ন করা হয়।



## ক্যালিফোর্নিয়ায় ফুটবল মাঠে বিমান বিধ্বস্ত

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় একটি ফুটবল মাঠে ছোট একটি বিমান বিধ্বস্ত হয়েছে। এতে দুজন আহত হয়েছেন, যাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের শারীরিক অবস্থা মাঝারি হলেও স্থিতিশীল বলে জানিয়েছেন চিকিৎসকরা। স্থানীয় সময় মঙ্গলবার বিকালে লং বিচ শহরের হার্টওয়েল পার্কে এ দুর্ঘটনা ঘটে।

ফ্লাইট-ট্র্যাকিং তথ্য অনুযায়ী, একক ইঞ্জিনবিশিষ্ট বিমানটি ক্যালিফোর্নিয়ার ফুলারটনের ফ্রেঞ্চ ভ্যালি বিমানবন্দর থেকে উড্ডয়ন করেছিল। বিকাল ৪টার দিকে এটি লং বিচের হার্টওয়েল পার্কের ফুটবল মাঠে আছড়ে পড়ে।

লং বিচ ফায়ার ডিপার্টমেন্ট জানায়, বিধ্বস্ত হওয়ার পর দমকলকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে এক বয়স্ক ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে পাঠান। পার্কে উপস্থিত এক নারীও আহত হন, যিনি বিমানের ধ্বংসস্তূপের কাছাকাছি অবস্থান করছিলেন। প্যারামেডিকরা তাকে প্রাথমিক চিকিৎসা দেন এবং পরে হাসপাতালে ভর্তি করা হয়।

দুর্ঘটনার পরপরই একাধিক সংস্থার তদন্ত দল ঘটনাস্থলে পৌঁছেছে। তারা দুর্ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধানে কাজ শুরু করেছে। কী কারণে বিমানটি বিধ্বস্ত হয়েছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি।

এই দুর্ঘটনা এমন এক সময়ে ঘটল, যখন যুক্তরাষ্ট্রে সম্প্রতি একের পর এক বিমান দুর্ঘটনার খবর মিলছে। গত শুক্রবার টেক্সাসে একটি ছোট একক ইঞ্জিনের বিমান খোলা মাঠে জরুরি অবতরণ করে, যাতে পাইলট আহত হন। বৃহস্পতিবার মিশিগানের একটি জঙ্গলেও আরেকটি বিমান বিধ্বস্ত হয়, এতে তিনজন আরোহী নিহত হন।

## ময়দায় স্বাস্থ্যঝুঁকি বাড়ে : বিকল্প হতে পারে যে ৫ খাবার

২০ পৃষ্ঠার পর

থাকে। থাকে ডায়েটারি ফাইবার। যা কোলেস্টেরল কমানোর পাশাপাশি, রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে। এ ছাড়াও লাল আটায় থাকে একাধিক বি ভিটামিন, ফসফরাস, জিঙ্ক, কপার, ম্যাগনেসিয়ামের মতো খনিজ ও ফলিক এসিড। যা হার্টের স্বাস্থ্যের জন্য ভালো এবং এর গাইসেমিক ইনডেক্সও কম। রক্তে শর্করা এক ধাক্কায় অনেকখানি বাড়িয়ে দেয় না।

কাঠবাদামের আটা : কাঠবাদামের আটায় গ্লুটেন থাকে না। এর পরিবর্তে থাকে স্বাস্থ্যকর স্নেহ পদার্থ ও প্রোটিন। যারা খাদ্যতালিকায় শর্করা কমাতে চাচ্ছেন, তাদের জন্য এই আটা আদর্শ। হার্টের স্বাস্থ্যের জন্য ভাল। খেতেও সুস্বাদু।

ওটসের আটা : এই আটা বাড়িতেই বানিয়ে নেওয়া যায়। বাজার থেকে কেনা ওটস মিক্সার, গ্রাইন্ডারে ঘুরিয়ে নিয়ে ছেঁকে নিলেই তৈরি হয়ে যাবে ওটসের আটা। এতেও রয়েছে প্রচুর পরিমাণে ফাইবার। বিশেষ করে বিটা গ্লুকান, যা কোলেস্টেরল কমাতে এবং রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। ওটসের আটা দিয়ে কাপ কেক, মাফিন ও প্যানকেক বানানো যায়।

রাগির আটা : রাগির আটা গ্লুটেন মুক্ত। এই আটায় রয়েছে ক্যালসিয়াম, আয়রন ও অ্যামিনো অ্যাসিড, যা প্রোটিন সংযোজনে সাহায্য করে। এই আটা দিয়ে রুটি, পরোটা, পুরি বানানো যেতে পারে।

বেসন : ছোলার ডালের বেসনও ময়দার স্বাস্থ্যকর বিকল্প হতে পারে। প্রোটিন ও ফাইবারে ভরপুর বেসন প্রায় সকলের রান্নাঘরেই থাকে। বেসন দিয়ে চিলা, পাকোড়া, বড়া বানানো যেতে পারে। যা সম্পূর্ণভাবে গ্লুটেন মুক্ত খাবার হিসেবে খাওয়া যেতে পারে।




# ইউনাইটেড লুথারেন চার্চের ৫ দিন ব্যাপী ২৫ বর্ষ পূর্তি সম্পন্ন

শেষের পৃষ্ঠার পর গত ১৫ অক্টোবর থেকে ১৯ অক্টোবর পর্যন্ত ৫ দিন ব্যাপী জমজমাট ২৫ বছর (সিলভার জুবিলী) পূর্তি উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে উদযাপন করেছে নিউ ইয়র্কস্থ ইউনাইটেড বাঙালি লুথারেন চার্চ অব আমেরিকা। এর আগে ১৫ অক্টোবর ফিতা কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। ১৯ অক্টোবর ছিল উক্ত বর্ষ পূর্তির শেষ দিন। এদিন দুপুর থেকে রাত পর্যন্ত উড সাইডের ৫৮ স্ট্রিট এর লুথারেন চার্চ এ ছিল অসংখ্য খ্রিষ্টধর্মাবলম্বী নারী-পুরুষের সমাগম। মহা প্রভু যীশু খ্রিস্টের প্রতি সম্মান প্রদর্শন সহ প্রার্থনা ও অন্যান্য ধর্মীয় বিধি-বিধান অনুসরণ এবং আনন্দে মেতে উঠেন আগত অতিথিবৃন্দগণ। সে সাথে ছিল হরেক রকম খাওয়া-দাওয়ার আয়োজন। আগত অতিথিরা এবং বিশেষ অতিথিগণ তা প্রাণ ভরে উপভোগ করেন। সংগঠনের সভাপতি ডাঃ টমাস দুলু রায়, মোরান, মিশন একজিকিউটিভ ডাঃ জনসন রাথিনাসৃসামি, প্যাস্টর সেইন্ট পিটার্স লুথারেন চার্চ- ডাঃ ডেভিড রায়, ফ্লোরা সাহা, বর্ণা সরকার, এল্ডার থিওডোর বারিকদার, ভিকার বেনেডিক্ট বি



সেক্রেটারি লুক সুজিত কীর্তনিয়া, ট্রেজারার ম্যারিস্টাল্লা সরকার, লুথারেন চার্চের প্রেসিডেন্ট জন ডেভিড এইচ বেনকি, বিশপ এন্ড প্রেসিডেন্ট-ব্রনক্স, বাইকার বেনেডিক্ট বাড়ৈ, মি শোন বেকেট, বাড়ৈ, এল্ডার সামির রত্না, লীলা বারদী সহ আরো প্রচুর সংখ্যক বিশেষ অতিথিরা এদিনের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করার অবদান রাখেন। বিভিন্ন কাজের সফলতা এবং ইউনাইটেড বাঙালি লুথারেন চার্চ অব আমেরিকা'র সুষ্ঠ পরিচালনার জন্য কয়েকজন বিশিষ্টদেড় সম্মান সূচক ক্রেস্ট প্রদান করা হয়। সর্ব শেষে একটি বিশাল কেক কেটে ২৫ বর্ষ পূর্তি পালন করা হয়। এছাড়াও ছিল স্থানীয় শিল্পীদের পরিবেশনায় সংস্কৃতি অনুষ্ঠানে গান গেয়ে শুনান চন্দন চৌধুরী সহ অন্যান্য শিল্পীরা, সে সাথে নতুন প্রজন্মের পরিবেশনায় ছিল আকর্ষণীয় নিত্যানুষ্ঠান। ২৫ বছর পূর্তিকে সাফল্য মন্ডিত করার জন্য সকলকে ধন্যবাদ জানান ইউনাইটেড বাঙালি লুথারেন চার্চের সভাপতি ডাঃ টমাস দুলু রায়।






























GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
Design by: ihopeprint.com, 929-538-7903
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



# নিউইয়র্ক লায়ন্সের বিবিকিউ অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

বিবিকিউ সফল করতে আহবায়কের দায়িত্ব পালন করেন লায়ন আবু বক্কর সিদ্দিক। এছাড়া আব্দুর রশীদ বাবু- চেয়ারম্যান,রুহুল আমীন- চীফ কোঅর্ডিনেটর, আহসানুল হক-সদস্য সচিব ও হাসান জিলানী- সমন্বয়ক হিসেবে দায়িত্ব







পালন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন ডিস্ট্রিক্ট আর ২-২০ এর সেকেন্ড ভাইস গভর্নর শাহ নেওয়াজ।

উল্লেখযোগ্যদের মধ্যে উপস্থিত ছিলেন লায়ন আনোয়ার নেওয়াজ,আহসান হাবিব, মহিউদ্দীন দেওয়ান, রফি আলিয়ান, জেএফএম রাসেল, মোহাম্মদ সাঈদ, কাজী আজম, নুরুল আজিম, মোহাম্মদ আলম, মশিউর মজুমদার, মামুন রানা তপন, এম উদ্দীন পিন্টু, গোলাম এম হায়দার মুকুট, আশাদ চৌধুরী, আমিনুল ইসলাম টনি, মিজানুর রহমান, আহসানুল হক মুকুল ও বেলাল আহমেদ।




# নিউইয়র্কে তৃতীয় আন্তর্জাতিক লালন উৎসব অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

বক্তব্য দেন সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, কৌশিক আহমেদ ও ফজলুর রহমান, সাংস্কৃতিক সংগঠক সেলিমা আশরাফ, অভিনেত্রী ও সংগঠক পুষ্পিতা নন্দা, শামসুদ্দিন আজাদ, জাকারিয়া চৌধুরী, শিরো বাঙালি এবং ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার দীলিপ নাথ।

অনুষ্ঠানে ফরিদা পারভীনের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। শুরুতে দলীয় নৃত্যে পরিবেশিত হয় লালনের গান 'মানুষ ভজলে সোনার মানুষ হবি'। পরে লালনের প্রাসঙ্গিকতা নিয়ে একটি সেমিনার এবং তার জনপ্রিয় গান পরিবেশন করেন শিল্পীরা।

অতিথি অধ্যাপক হুসেন কবির বলেন, লালন বিশ্বসমাজকে, সেটি মানুষকে ভজার, মানুষকে বোঝার বার্তা দিয়েছেন।



বিশ্বজুড়ে মানবতার যে সংকট, সেখানে লালনের দর্শন আরও প্রাসঙ্গিক হয়ে উঠেছে।

আয়োজক সংগঠনের প্রধান উপদেষ্টা নুরুল আমিন বাবু বলেন, ধর্ম-বর্ণ-জাতীয়তার ঊর্ধ্বে উঠে লালন ফকির মানবতার যে জয়গান গেয়েছেন, তার সামান্য অংশও যদি ধারণ করা যা, তাহলেই এই প্রয়াস সফল হবে। আহবায়ক আব্দুল হামিদ বলেন, প্রবাসের সহযোদ্ধাদের সহযোগিতা অব্যাহত থাকলে আগামী দিনে লালন উৎসবের পরিধি আরও বিস্তৃত হবে।

# তারার আলো 'র সাধারণ সভা অনুষ্ঠিত




শেষের পৃষ্ঠার পর

নিউ ইয়র্কে বসবাসরত বাংলাদেশী নারীদের বিভিন্ন সমস্যা এবং তাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী ও কর্মক্ষম করার লক্ষে গঠিত একমাত্র সংগঠন "তারার আলো উইমেন সোসাইটি ইউ এস এ ইন্ক্"। গত ২১ অক্টোবর মঙ্গলবার এক সাধারণ সভার আয়োজন করা হয়। নিউ ইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত উক্ত সাধারণ সভায় উপস্থিত বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে ছিলেন চ্যানেল আই এর রাশেদ আহমেদ, শো টাইম মিউজিক এর ভারপ্রাপ্ত কর্ণধার খাইরুল ইসলাম খোকন, বিশিষ্ট ব্যবসায়ী ও প্রোগ্রামার তারিকুল ইসলাম বাদল এবং সাপ্তাহিক আজকাল পত্রিকার মার্কেটিং ম্যানেজার মোঃ আনিসুর রহমান (আনিস) ও তারার আলোর সভাপতি মীনা ইসলাম। এ ছাড়া আরো উপস্থিত ছিলেন, ডাঃ নার্গিস রহমান, ফারজিন রাকিবা, রোজিনা আক্তার, কানিজ ফাতেমা শাওন, শম্পা দাস, আয়েশা খান, তাহমিনা মীনা, সাইয়েদা মোস্তারিনা, ফৌজিয়া সিকদার আইভি, পান্না কবির, কামরুন্নাহার লাভলী, লিমা, পাপিয়া, শামীমা, নাসিমা বেগম, মিসেস মলি, রিমা, মেহা, মীনা, মৌসুমী, মনিরা, রুনা, রিতা, আসমা, ইসরাত, পপি প্রমুখ। সভাপতি মীনা ইসলাম বিশেষ অতিথি ও তারার আলোর সদস্যদের শুভেচ্ছা জানান এবং তাকে সর্বতো ভাবে সহায়তা করার আহবান জানান। অতিথিগণ তাদের সংগঠন থেকে তারার আলোর সমস্ত প্রোগ্রামে সর্বতোভাবে সহজোগিতা এবং তারার আলোর সাথে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন, জবাবে সভাপতি মিনা ইসলাম তাদেরকেও তারার আলো পরিবার তাদের সকল কাজে পাশে থাকবেন বলে আশ্বাস দেন। উল্লেখ্য আসন্ন নভেম্বর ২০২৫ এর মাঝামাঝি সময়ের যে কোনো রবিবার বিশাল আয়োজনে পিঠা উৎসবের উদ্যোগ গ্রহণ হয় এবং উক্ত পিঠা উৎসব সকলের জন্য সম্পূর্ন ফ্রি থাকবে বলে ঘোষণা দেয়া হয়। উল্লেখ্য কিশোরগঞ্জ এর ভৈরবের মেয়ে দীর্ঘদিন যাবৎ দেশে ও বিদেশে অসংখ্য জনসেবা মুলক কাজে জড়িত রয়েছেন। এমনকি নিউ ইয়র্কের কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন এর সাথে জড়িত থেকে সংগঠনের কল্যানে কাজ করে আসছেন। এদিনের সাধারণ সভায় মহিলাদের জন্য বিভিন্ন কাজের প্রশিক্ষণ যেমন আগ্রহী নারীদের ফুড ক্যাটারিং, বেকারি, পিঠা, শাড়ির ব্লক প্রিন্ট, ফেব্রিক প্রিন্ট, আর্ট এর নানাবিধ বিষয়ে আলোচনা করার লক্ষ্যে সভা সেমিনারের ও প্রদর্শনীর ব্যবস্থা থাকবে বলে প্রেসিডেন্ট মীনা ইসলাম জানান। এমনকি বাংলাদেশে থেকে যেসব নারীরা এ ব্যাপারে আগ্রহী হবেন তাদেরকেও সহজোগিতা করবেন এবং যোগাযোগ করার আহবান জানান।















# এনওয়াইবিএ লায়ন্স ক্লাব'র বারবিকিউ পার্টিতেও জনসেবায় অর্থ সংগ্রহ




সেবামূলক সংগঠন 'নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাব'র কার্যক্রম বছরব্যাপী বিস্তৃত থাকে। অতীতের মত এবারেও সংগঠনটি শীতার্তদের মাঝে বস্ত্র বিতরণ, ব্লাড ডোনেশন, ফ্লু শট কর্মসূচি হাতে নিয়েছে। এই ক্লাবের সদস্যদের মাঝে সৌহার্দ্য সম্প্রীতি বৃদ্ধির লক্ষ্যে তারা গত ১৮ অক্টোবর শনিবার প্রথমবারের মতো আয়োজন করেছিল বারবিকিউ পার্টির।

তবে জনসেবায় অর্থ সংগ্রহের জন্যে আয়োজিত র‍্যাফেল ড্রতে অংশ নিয়ে সদস্যরা ফান্ড রেইজ করেছেন। অতিথিরা লায়ন্স ক্লাবের সদস্যদের সামাজিক দায়বদ্ধতা ও পারস্পরিক সহযোগিতার মনোভাবের প্রশংসা করেন।

কুইন্সের এ্যালিপন্ড পার্কে আয়োজিত বারবি কিউ পার্টিতে মিলিত হয়েছিলেন ৮৪ জন সদস্য। এই আয়োজনের মূল উদ্দেশ্য ছিলো নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশি-আমেরিকানদের মধ্যে বন্ধুত্ব, সৌহার্দ্য, পারিবারিক সম্প্রীতি ও পারস্পরিক সম্পর্ককে আরও দৃঢ় করা। শরতের মনোরম আবহে খাবার, আড্ডা ও হাসি-আনন্দে ভরা এই বিকেলটি অংশগ্রহণকারীদের জন্য হয়ে ওঠে এক স্মরণীয় উৎসব। কেউ কেউ একে আখ্যা দিয়েছেন 'একটি স্মরণীয় শরতের উৎসব' হিসেবে। সুস্বাদু খাবারের সুবাস, আনন্দঘন পরিবেশ ও প্রবাস জীবনের গল্পগাথায় মুখর ছিলো গোটা আয়োজন।









লায়ন্স ডিস্ট্রিক্ট ২০ আর ২-এর সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর এবং ক্লাবের সাবেক প্রেসিডেন্ট লায়ন্স শাহ নেওয়াজ এই বারবিকিউ পার্টিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়েছিলেন। লায়ন্স শাহ নেওয়াজ এই উদ্যোগে সদস্যদের সক্রিয়তা দেখে প্রতিবছর এমন বারবিকিউ আয়োজনের ঘোষণা দেন।

অনুষ্ঠান সফল করতে সার্বিকভাবে কার্যক্রম পরিচালনা করেছেন ক্লাবের প্রেসিডেন্ট লায়ন্স জেএকএম রাসেল, প্রজেক্টের চেয়ারম্যান লায়ন্স আব্দুর রশিদ বাবু, কমান্ডার লায়ন্স মোঃ এবি সিদ্দিক, মেম্বার সেক্রেটারি লায়ন্স এহসানুল হক বাবুল, চিফ কো-অর্ডিনেটর লায়ন্স মোহাম্মদ রুহুল আমিন, কো-অর্ডিনেটর লায়ন্স মোঃ হালাল জিলানী, কমিটির সদস্য লায়ন্স গোলাম এম হায়দার,লায়ন্স কামরুল মজুমদার, লায়ন্স আমিনুল ইসলাম টমি, লায়ন্স এমডি মিজানুর রহমান, লায়ন্স আমিনুল ইসলাম প্রমুখ। বিশিষ্ট কমিউনিটি অ্যাক্টিভিস্ট কাজল মাহমুদ এই বারবিকিউ আয়োজনে সার্বিক তত্ত্বাবধান করে সকলের প্রশংসা কুড়িয়েছেন।



সৌহার্দ্য-সম্প্রীতি অব্যাহতভাবে ধরে রাখার নিমিত্তে আয়োজিত এই বারবিকিউ পার্টিতে আরো অংশ নিয়েছেন ক্লাবের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট লায়ন্স এ্যাডভোকেট মতিউর রহমান, সাবেক প্রেসিডেন্ট লায়ন্স মোহাম্মদ সাঈদ, সাবেক প্রেসিডেন্ট লায়ন্স আহসান হাবিব,সদ্য সাবেক প্রেসিডেন্ট রফি আলিয়াস, ক্লাব ট্রেজারার লায়ন্স মামুন রানা তপন, লায়ন্স রানা নেওয়াজ, লায়ন্স ফুরুল আমিন, লায়ন্স এমএস আলম, লায়ন্স কামরুল মজুমদার,লায়ন্স কাজী আজম, লায়ন্স এএসএম উদ্দিন, লায়ন্স মহিউদ্দিন দেওয়ান, লায়ন্স মো: কামরুজ্জামান কামরুল, লায়ন্স এনামুল ইসলাম, লায়ন্স বেলাল আহমেদ, লায়ন্স তমাল হোসেন, লায়ন্স জসিম মৃধা,লায়ন্স হাবিবুল বাহার চৌধুরী,প্রমুখ।



বিভিন্ন বারবিকিউ আইটেম দিয়ে সাজানো মধ্যাহ্ন ভোজের পর সকল সদস্য সঙ্গীতের সুরে মাতিয়েছেন কৃষ্ণা তিথি,শাহনু আকন্দ। সবশেষে ক্লাব সদস্যদের মধ্যে র‍্যাফেল ড্র পরিচালিত হয়। এই র‍্যাফেল ড্র তে অর্জিত অর্থ সমাজসেবামূলক কাজে ব্যয় করা হবে বলে ক্লাব প্রেসিডেন্ট জেএকএম রাসেল ঘোষণা করেন। প্রজেক্টের চেয়ারম্যান লায়ন্স আব্দুর রশিদ বাবু'র জন্মদিন উপলক্ষ্যে বিশাল কেক কেটে তা সদস্যদের মাঝে বিতরণ করা হয়।

কেনা-কাটা সংক্রান্ত সার্বিক বিষয়ে সহযোগিতা করেছেন লায়ন্স ক্লাব সেক্রেটারি লায়ন্স এমডি মশিউর রহমান মজুমদার, লায়ন্স আব্দুর রশিদ বাবু, লায়ন্স এহসানুল হক বাবুল প্রমুখ।








## কুইন্সে 'সাউথ এশিয়ানস ফর কুমোয়ো' বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

আয়োজিত এই র‍্যালিটি কুয়োমোর সম্ভাব্য রাজনৈতিক প্রত্যাবর্তনের এক প্রতীকী মঞ্চে রূপ নেয়।

বক্তারা বলেন, নিউইয়র্কের সাবেক গভর্নর কুয়োমো সবসময়ই সংখ্যালঘু ও অভিবাসী সম্প্রদায়ের পাশে থেকেছেন। ঘৃণা-অপরাধ দমনে তাঁর অবদান, ক্ষুদ্র ব্যবসার বিকাশে সহায়তা এবং অভিবাসী জনগোষ্ঠীতে বিনিয়োগ সব মিলিয়ে তাঁকে একজন পরীক্ষিত ও দৃঢ় নেতৃত্বের প্রতীক হিসেবে তুলে ধরা হয়। সাউথ এশিয়ানস ফর কুমো-এর মাধ্যমে তাঁর প্রচারণা দল দক্ষিণ এশীয়দের মধ্যে যে ঐক্য গড়ে তুলতে চায়, তা শুধু একটি নির্বাচনী কৌশল নয়; বরং এটি ধর্ম, সংস্কৃতি ও বিশ্বাসের বৈচিত্র্যকে রাজনৈতিক শক্তিতে রূপান্তর করার একটি সচেতন প্রচেষ্টা।

অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন সম্প্রদায়ের নেতারা বলেন, অ্যান্ড্রু কুমো এমন একজন নেতা, যিনি নিউইয়র্কের বৈচিত্র্যময় জনগোষ্ঠীকে ঐক্যবদ্ধ করতে পারেন এবং প্রশাসনকে জনকল্যাণে কীভাবে কাজে লাগাতে হয়, সে বিষয়েও অভিজ্ঞ। তাঁদের মতে, এই নতুন উদ্যোগ শুধু একটি নির্বাচনী জোট নয়; এটি দক্ষিণ এশীয় নিউইয়র্কবাসীর রাজনৈতিক ও সামাজিক অংশগ্রহণের এক নতুন অধ্যায়। গুজরাটি সমাজ অব নিউইয়র্ক-এর সভাপতি হর্ষদ প্যাটেল বলেন, গভর্নর কুমো সবসময়ই অভিবাসী ও কর্মজীবী নিউইয়র্কবাসীর পাশে থেকেছেন। কুমোর অভিজ্ঞতা, সহানুভূতি ও দৃঢ়তা রয়েছে যা আজকের নিউইয়র্ক শহর ও দক্ষিণ এশীয় সমাজের জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের সদস্য এবং কমিউনিটি বোর্ড ৩-এর সদস্য ফাহাদ সোলাইমান বলেন, ছোট ব্যবসায়ীরা জানে, নিরাপত্তা ও স্থিতিশীলতা ছাড়া কোনো অর্থনীতি টিকে থাকতে পারে না। গভর্নর কুয়োমো বুঝতে পারেন যে, আমাদের রাস্তাগুলো নিরাপদ থাকলে ব্যবসা বাড়ে এবং পরিবারগুলো নিশ্চিন্তে জীবনযাপন করতে পারে। তিনি নিউইয়র্ককে সবার জন্য নিরাপদ ও সমৃদ্ধ করে তুলতে পারবেন।

মানবাধিকার সংগঠন হিউম্যানিটি এমপাওয়ারমেন্ট রাইটস ফাউন্ডেশন ইনক-এর সভাপতি ফেরদৌস রফি বলেন, কুমোয়ো সবসময় ঘৃণা ও সহিংসতার বিরুদ্ধে অবস্থান নিয়েছেন এবং প্রত্যেক নিউইয়র্কবাসী তাঁদের ধর্ম, বর্ণ বা জাতিগত পরিচয় নির্বিশেষে নিরাপদে চলাফেরা, উপাসনা এবং সন্তান লালন করা স্বাধীনতার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

মোহাম্মদিয়া সেন্টারের ইমাম কাজী কাইয়ুম বলেন, গভর্নর কুমোর মূল্যবোধ আমাদের ধর্মীয় শিক্ষার সহানুভূতি, ন্যায়বিচার এবং অন্যের সেবায় আত্মনিয়োগের সঙ্গে মিলে যায়।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।

**আমরা ওমরার প্যাকেজ করে থাকি**

আমাদের প্যাকেজ বিবরণ

- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com



NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)


## আগামী মাসে ফের মুখোমুখি হচ্ছে ভারত-পাকিস্তান

৫২ পৃষ্ঠার পর

আগামী ৭ নভেম্বর হংকংয়ের টিন কোয়াং রোড রিক্রিয়েশন গ্রাউন্ডে মাঠে নামবে দুই চিরপ্রতিদ্বন্দ্বী। মোট ১২ দল খেলবে এই টুর্নামেন্ট। ৫ ওভারের ম্যাচে খেলবেন ছয় ক্রিকেটার। আব্বাস আফ্রিদিকে অধিনায়ক করে এরই মধ্যে দল ঘোষণা করেছে পাকিস্তান। ভারতীয় দলের নেতৃত্ব দেবেন দিনেশ কার্তিক। ভারতের অধিনায়ক বলেন, 'ভারতীয় দলের নেতৃত্ব দেওয়া আমার জন্য বড় সম্মানের। হংকং সিক্সেস এমন এক টুর্নামেন্ট, যার ইতিহাস ও মর্যাদা দুই-ই দারুণ সমৃদ্ধ। আমি চাই, আমরা এমন ক্রিকেট খেলি যা উপভোগ করবে প্রতিটি দর্শক-দ্রুতগতির, আনন্দমুখর ক্রিকেট।'

## মোশাররফ চৌধুরীকে নিউইয়র্কে সংবর্ধনা

৬২ পৃষ্ঠার পর

মোশাররফ হোসেন খান চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজ, আবদুল মতিন খসরু মহিলা কলেজ, আবদুর রাজ্জাক হাইস্কুলসহ ৬ টি শিক্ষা প্রতিষ্ঠান করেছেন মোশাররফ। প্রতি শিক্ষাবর্ষে ৬ হাজারের বেশি শিক্ষার্থী পড়ালেখা করছে এসব শিক্ষাপ্রতিষ্ঠানে। গত ১৮ অক্টোবর, রোববার নিউইয়র্কের জ্যাকসন হাইটস জুইশ সেন্টারে আয়োজিত সংবর্ধনায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সাবেক সেক্রেটারি রুহুল আলম। কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব ও সামছুদ্দিন আহমেদ শামীমের সঞ্চালনায় অনুষ্ঠানে নিজের জীবনের বিভিন্ন স্মৃতি তুলে ধরেন সংবর্ধিত গুণীজন মোশাররফ হোসেন খান চৌধুরী। বাংলাদেশি কমিউনিটি এক্টিভিস্ট সৈয়দ মোহাম্মদ উল্লাহ, হাসান ফেরদৌস, আজমারুল হক হিলন, সরওয়ার ইসলাম, ইউনুস সরকার, প্রফেসর মনির হোসেন খান, আবু নাসের, রাজনৈতিক ব্যক্তিত্ব আবদুর নূর খান, ইমরান সরকার, সাংবাদিক মোহাম্মদ সাঈদ, রতন মজুমদার, শেখ সিরাজ, হাফিজুল ইসলাম খোকন, মূলধারার নেতা জয়নাল আবেদীন, কাজি আশরাফ হোসেন নয়ন, কাজী শাখাওয়াত হোসেন আজম, রানি সাঈদ, মোশারফ খানের ছোট ভাই হাবিব খান চৌধুরী, নতুন প্রজন্মের সামায়া খানসহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই মোশাররফ হোসেন খান চৌধুরীর জীবনী ও শিক্ষাক্ষেত্রে নিয়ে প্রবন্ধ পাঠ করেন তিতুমীর কলেজের প্রফেসর নওরোজ। সংবর্ধনায় আবেগ আপ্লুত মোশাররফ হোসেন খান চৌধুরী বলেন, আমি যা করেছি। তার জন্য কৃতজ্ঞ আমার পরিবারের কাছে। যাদের থেকে আমি দূর প্রবাসে একাকি। কৃতজ্ঞতা কমিউনিটির মানুষের প্রতি। তিনি বলেন, দেশ ও সমাজের জন্য ভালো কিছু করতে সবার আগে লাগে নিজের ইচ্ছে শক্তি। স্থানীয় জনগণের মতামত নিয়ে শুরু করলে মহান আল্লাহই সাহায্য করবেন। শিক্ষা প্রতিষ্ঠান গুলো করতে আমি কারো থেকে আর্থিক কোন সাহায্য নিইনি। মাঝে মাঝে ধার দেনা করেছি। কিন্তু রোজগার করে শোধ করেছি। কিন্তু অর্থের চাইতে যে সহায়তা পেয়েছি তা হলো সবার উৎসাহ, যা এ কাজে এগিয়ে যেতে সহায়তা করেছে।

মোশাররফ হোসেন খান চৌধুরী বলেন, গত ৩ যুগেরও বেশি সময় আমেরিকায় একাকি বাস করছি। স্বপ্নের প্রতিষ্ঠান গুলো করতেই জীবনের এতটা সময় পরিবার স্বজন থেকে একাকি থাকা। নিউইয়র্কের রাস্তায় কখনো ফল বিক্রি করেছি। কখনো খাবার বিক্রি করেছি। ট্যাক্সি চালিয়েছি। সংগ্রামে জীবন যাপনের জন্য যা করার সবই করেছি। ডাল ভর্তা ভাত খেয়ে আয়ের বাকিটা দিয়ে বিশ্ববিদ্যালয়সহ ৬ টি শিক্ষাপ্রতিষ্ঠান করেছি। ১ টি ডায়বেটিস হাসপাতালের জন্য দেড় কোটি টাকার জায়গা দান করেছি। সনাতন ধর্মাবলম্বীদের আড়াইশ বছরের পুরোনো একটি বটগাছকে রক্ষা করতে দান করেছি। দেশের যেকোন স্থানে অসহায় কাউকে সহায়তার চেষ্টা করেছি।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ সোসাইটির সাবেক সেক্রেটারি রুহুল আলম বলেন, মোশাররফ খানকে আরো অনেক আগেই আমাদের সম্মাননা ও সংবর্ধনা দেয়ার প্রয়োজন ছিলো। দেশ গড়ার কারিগর এই প্রবাসীকে রাষ্ট্রীয় সম্মাননা দেয়া এখন সময়ের দাবি। কমিউনিটি নেতা সরওয়ার ইসলাম বলেন, ২১শে পদক দেয়ার জন্য কুমিল্লা থেকে বার বার আবেদন জানানো হয়েছে। আমি আজকের এই গণসংবর্ধনা থেকে ২১ শে পদকের দাবি জানাচ্ছি।

সৈয়দ মোহাম্মদ উল্লাহ বলেন, মরে গেলে সম্মাননা নয়। বেঁচে থাকতেই সম্মাননা দিয়ে সম্মানিত করুন। তাহলে মানুষ উৎসাহিত হবে। দেশ সেবায় আরো বেশি মানুষ এগিয়ে আসবে।

## ১২ লাখে খুন হন সালমান শাহ!

৪৬ পৃষ্ঠার পর

হত্যা করে তার দেহ সিলিং ফ্যানে ঝুলিয়ে আত্মহত্যার দৃশ্য সাজানো হয়।

রেজভীর দাবি অনুযায়ী, হত্যাকাণ্ডের সময় উপস্থিত ছিলেন সামিরা, তার মা লুসি এবং আত্মীয়া রুবি।

১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর মাত্র ২৫ বছর বয়সে রহস্যজনকভাবে মারা যান সালমান শাহ। এতদিন বিভিন্ন তদন্ত কমিটি ঘটনাটিকে "অপমৃত্যু" বলে উল্লেখ করলেও বাস্তব সত্য আড়ালে রয়ে গেছে বলে অভিযোগ ছিল।

দীর্ঘ ২৯ বছর পর অবশেষে অপমৃত্যু মামলা রূপ নিয়েছে হত্যা মামলায়। নতুন মামলায় মোট ১১ জনকে আসামি করা হয়েছে। প্রধান আসামি: সালমান শাহের সাবেক স্ত্রী সামিরা হক। অন্যান্য আসামি: প্রযোজক আজিজ মোহাম্মদ ভাই, খলনায়ক ডন, শাশুড়ি লতিফা হক লুসি, ডেভিড, জাভেদ, ফারুক, মেফিয়া বিউটি সেন্টারের রুবি, আবদুস সাত্তার, সাজু ও রেজভী আহমেদ ফরহাদ।

## বিএনপি-জামায়াতের মাঠ দখলের লড়াই

১ পৃষ্ঠার পর

নির্বাচন হবে-এমন ধারণা থেকে বিএনপি ও জামায়াতের মধ্যে মাঠ দখলের প্রতিযোগিতা চলছে। জামায়াতে ইসলামী প্রায় সকল আসনে সম্ভাব্য প্রার্থী ঘোষণা দিয়ে কাজ শুরু করে দিয়েছে। বিএনপি এখনও প্রত্যেক আসনে একক প্রার্থী চূড়ান্ত করতে পারেনি। প্রতিটি আসনে পাঁচজন পর্যন্ত প্রার্থী দাঁড়িয়ে গেছে। সবাই লন্ডন ছুটছে। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আশির্বাদ লাভে এই প্রতিযোগিতা। এই মুহূর্তে ৭০ জনের বেশি প্রার্থী লন্ডন অবস্থান করছেন। আগেও অনেকে গিয়েছেন। কেউ সাক্ষাৎ পেয়েছেন কেউ পাননি।

বিএনপি'র নেতা-কর্মীদের মধ্যে অধীর অপেক্ষা কখন তারেক রহমান দেশে ফিরবেন। তিনি নিরাপত্তাজনিত কারণে দেশে ফিরতে পারছেন না বলে দলের কোনও কোনও নেতা বলছেন। আবার কেউ কেউ বলছেন, নভেম্বরের শেষ অথবা ডিসেম্বরের আশেপাশে তিনি দেশে ফিরবেন। বিএনপি'র আন্তর্জাতিক শুভাকাঙ্ক্ষীরা মনে করেন, তারেক রহমান যত দ্রুত দেশে ফিরবেন ততই দলের জন্য ভাল। কারণ জামায়াতে ইসলামী যেভাবে মাঠ দখলে নেমেছে; তারেকের দেশে ফেরায় বিলম্ব ততই মাঠ হাত ছাড়া হবার আশংকা থাকে। ফলে তারেক রহমানের দ্রুত দেশে এসে নির্বাচনের জন্য প্রস্তুতি গ্রহণ করা জরুরী। এই কাজে যে কোনও বিলম্ব বিএনপি'র জন্য ক্ষতিকর।

বাংলাদেশে চারটি প্রধান শিক্ষা প্রতিষ্ঠান- ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে জামায়াতের ছাত্র সংগঠন বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির বিজয়ী হওয়ায় দলটি খুবই চাঙ্গা। জামায়াতে ইসলামীর আমীর শফিকুর রহমান বিদেশে গিয়ে বলেছেন, ১৯৪৭ সাল থেকে এখন পর্যন্ত যে কোনও ভুলের জন্য তিনি ও তার দল ক্ষমা প্রার্থী। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে জামায়াতে ইসলামী বাংলাদেশের স্বাধীনতার বিরোধিতা করেছিলো। তারপর বিএনপি'র সঙ্গে জোট বেঁধেছে। কিন্তু সেই মধুচন্দ্রিমা শেষ। এখন বিএনপি ও জামায়াত নির্বাচনী লড়াই মুখোমুখি। জামায়াতে ইসলামী বাংলাদেশে নির্বাচনে খুব বেশি আসন পায়নি। এখন পর্যন্ত সর্বোচ্চ ১৮টি আসনে তারা জয়ী হয়েছে। কিন্তু আসন্ন নির্বাচনে জামায়াতে ইসলামী বেশি আসন পাওয়ার ব্যাপারে আশাবাদি। দাড়িপাল্লা প্রতীক নিয়ে তারা ভোটের মাঠে সোচ্চার হওয়ার এবারের চেয়ে বেশি অনুকূল পরিবেশ তারা আর পায়নি। জামায়াতে ইসলামীকে পাকিস্তানপন্থী রাজনৈতিক দল বলে মনে করা হলেও দলের আমীর শফিকুর রহমান বলেছেন, তারা ভারতের সঙ্গে পারস্পরিক সম্মানের ভিত্তিতে সুসম্পর্ক রাখার পক্ষে অবস্থান নিয়েছেন। প্রতিবেশির সঙ্গে সম্পর্ক রক্ষার কোনও বিকল্প নেই।

প্রতিটি আসনে বিএনপি'র একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকায় দলে গ্রুপিং প্রকট আকার ধারণ করছে। তার ওপর নির্বাচনী দায়িত্বে জামায়াতের দলীয় লোকেরা পক্ষপাতিত্ব করতে পারে বলে দলটি আশংকা করছে। দলের একটি প্রতিনিধি দল নির্বাচন কমিশনে গিয়ে এই আশংকার কথা জানিয়েছে। এদিকে, নির্বাচনের আগে দলবদলের খেলাও শুরু হয়েছে। বগুড়ায় বিএনপি'র ৩৩ নেতা-কর্মী জামায়াতে যোগদান করেছে।

ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনে আত্মবিশ্বাসী অন্তর্বর্তীকালীন সরকার। নির্বাচন সামনে রেখে ইতোমধ্যে নানামুখী প্রস্তুতিও শুরু হয়েছে। বেশির ভাগ রাজনৈতিক দলও ভোটের মাঠে নেমে পড়েছে। তবে নির্বাচন যতই ঘনিয়ে আসছে, চ্যালেঞ্জও বাড়ছে। বিশেষ করে নির্বাচনের আগে সরকারের নিরপেক্ষতা নিয়ে উঠছে নানা প্রশ্ন। জাতীয় নির্বাচনে অংশ নিতে যাওয়া রাজনৈতিক দলগুলোর মধ্যে প্রধান তিনটি দল বিএনপি, জামায়াত ও এনসিপির পরস্পরবিরোধী অবস্থান এ উদ্বেগের মাত্রা আরও বাড়িয়েছে। মঙ্গল ও বুধবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে পৃথক বৈঠকে কয়েকজন উপদেষ্টা, নির্বাচন কমিশন ও মাঠ প্রশাসনের নিরপেক্ষ ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে দলগুলো। এছাড়া নির্বাচন সামনে রেখে নিজেদের দাবি-দাওয়া জানানোর পাশাপাশি জুলাই সনদ বাস্তবায়ন আদেশ ও গণভোটের সময় নিয়েও বিপরীতমুখী অবস্থানে দলগুলো।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচন কমিশনের (ইসি) পক্ষ থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) প্রতি গত বুধবার যে কঠোর বার্তা দেওয়া হয়েছে, তাতে দেশের গণতান্ত্রিক আকাঙ্ক্ষার প্রতি ইসির অঙ্গীকারের প্রতিফলন ঘটেছে। আগারগাঁওয়ে নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে দেওয়া ইসির কড়া নির্দেশনা-কোনো চাপের কাছে নতি স্বীকার না করা-এবং আইন অনুযায়ী নিরপেক্ষ ও পেশাদারত্বের সঙ্গে কাজ করার তাগিদ মাঠ প্রশাসনের জন্য একটি স্পষ্ট দিকনির্দেশনা বলেই মনে করি আমরা। সিইসি এএমএম নাসিরউদ্দিনও অন্যায় চাপের কাছে নতি স্বীকার না করার যে আহ্বান দিয়েছেন, তা কর্মকর্তাদের মনোবল বৃদ্ধিতে সহায়ক হবে নিশ্চয়ই। একইসঙ্গে নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ যখন বলেন, 'দেওয়ালে পিঠ ঠেকে গেছে। আমাদের ভালো নির্বাচন করা ছাড়া অন্য কোনো বিকল্প নেই', তখন বুঝতে হবে, অতীতের ত্রুটিপূর্ণ নির্বাচনের গ্লানি ঘোচানোর সুযোগই শুধু নয়, এক ঐতিহাসিক মুহূর্ত এটি।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**

*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

**Address:**
**Queens: 148-45 Hillside Ave**
**Jamaica, NY 11435**

**Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com**

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?
- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# ওবামা রাজনীতিতে ফিরছেন?



আজকাল রিপোর্ট

সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা আবারও সক্রিয় রাজনীতির কেন্দ্রে ফিরে এসেছেন। ডেমোক্র্যাট শিবিরে যখন স্পষ্ট নেতৃত্বের ঘাটতি তখন তাঁর প্রত্যাবর্তন নতুন আশার সঞ্চার করেছে। সাম্প্রতিক সপ্তাহগুলোতে তিনি ট্রাম্প প্রশাসনের নীতিকে প্রকাশ্যে সমালোচনা করছেন, যা বিশেষজ্ঞদের মতে 'একটি নতুন রাজনৈতিক অধ্যায়ের সূচনা।'

ওবামা সম্প্রতি ট্রাম্পের বিতর্কিত মন্তব্যকে 'সত্যের ওপর সহিংসতা' বলে অভিহিত করেন। একই সঙ্গে প্রশাসনের 'ক্যানসেল কালচার' ব্যবহারকেও তিনি 'বিপজ্জনক প্রবণতা' হিসেবে চিহ্নিত করেন।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, গত কয়েক মাস ধরে ওবামা পরিকল্পনা করছিলেন কবে এবং কীভাবে ট্রাম্পের কর্মকাণ্ডের প্রতিক্রিয়া জানানো যায়। তাঁর সাবেক এক উপদেষ্টার ভাষায়, 'ওবামা বুঝতে পারছেন, এখন এমন এক সময় যখন ট্রাম্প সংবিধানের সীমা ছাড়িয়ে যাওয়ার মতো আচরণ করছেন, তাই নীরব থাকা দায়িত্বজ্ঞানহীন হবে।'

ওবামার সাম্প্রতিক বিভিন্ন বক্তৃতায় সতর্কতা থাকলেও তাতে রাজনৈতিক উপস্থিতি ও প্রভাব স্পষ্ট। তবে ডেমোক্র্যাট মহলে অনেকে মনে করছেন, অতিরিক্ত সংযম তাঁকে অনেক সময় জন আলোচনার বাইরে রাখছে। গত জুনে দ্য আটলান্টিক এক নিবন্ধে প্রশ্ন তোলে- 'ওবামা কোথায়?'। এরপরই তিনি প্রকাশ্যে বলেন, 'আমেরিকা বিপজ্জনকভাবে স্বৈরাচারের কাছাকাছি চলে যাচ্ছে।' দলীয় কৌশলবিদ অ্যামি কপল্যান্ডের মতে, 'এই মুহূর্তে ডেমোক্র্যাটদের পক্ষে বিশ্বাসযোগ্যভাবে কথা বলতে পারেন একমাত্র ওবামাই। মানুষ বাইডেনের কাছ থেকে কিছু শুনতে চায় না, কিন্তু ওবামা এখনো আস্থার প্রতীক।' সাম্প্রতিক গ্যালাপ জরিপে ওবামা জীবিত প্রেসিডেন্টদের মধ্যে সর্বোচ্চ জনপ্রিয়তা অর্জন করেছেন। অন্যদিকে, মারকেট ইউনিভার্সিটি ল' স্কুলের জরিপে তাঁর নেট ফেভারেবিলিটি +১৭ শতাংশ, যেখানে ট্রাম্পের অবস্থান -১৫ শতাংশে। অন্যদিকে ট্রাম্প প্রশাসন ওবামার এই সক্রিয়তাকে 'ভণ্ডামি' বলে আখ্যা দিয়েছে। হোয়াইট হাউসের মুখপাত্র অ্যাবিগেইল জ্যাকসন বলেন, 'যিনি আমেরিকার রাজনৈতিক বিভাজনের স্থপতি, তিনি এখন ঐক্যের কথা বলছেন- এটাই সবচেয়ে বড় পরিহাস।' তবু ওবামার দৃশ্যমান উপস্থিতি স্পষ্ট বার্তা দিচ্ছে- ডেমোক্র্যাট শিবিরে নেতৃত্বের ভার তিনি আবারও কাঁধে তুলতে শুরু করেছেন।

## প্রগ্রেসিভ ফোরামের নতুন কমিটি

৩ পৃষ্ঠার পর

কমিটির সভাপতি হয়েছেন সভাপতি : হাফিজুল হক, সহ সভাপতি– শামসাদ হুসাম, আশীষ রায়, সৈয়দ রেজাউল করিম, এডভোকেট শেখ আখতারুল ইসলাম, মুনরাত শাহ আহ্বান ও গিয়াসউদ্দিন বাবুল, সাধারণ সম্পাদক– জাকির হোসেন বাচ্চু, সহ-সাধারণ সম্পাদক : মিরো চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক : সুলেখা পাল, সাংগঠনিক সম্পাদক : কামাল চৌধুরী, আন্তর্জাতিক সম্পাদক: মিনহাজ আহমেদ শাম্মু , সাংস্কৃতিক সম্পাদক : সাবিনা হাই ঊর্বী, প্রকাশনা সম্পাদক : সাকি নুরুজ্জীন, প্রচার সম্পাদক : কোষাধ্যক্ষ :বিপুল কুমার সাহা।

সদস্য হিসেবে রয়েছেন ডাঃ আব্দুল হক খান সামাদ, মিশিন বড়ুয়া, ইলা চন্দ, কাকলী বিশ্বাস, ডাঃ মোর্শেদুল হাকিম শুভ্র, মোখলেস মুলতানীর, খোরশেদুল ইসলাম, ড. ওবায়দুল্লাহ মামুন, আলিম উদ্দিন, রীনা সাহা, ডাঃ আজিজুল হক, মুনাবির আলী, গাজী গোলাম মোস্তফা, তাহমিনা শহিদ, সঞ্জীবন সরকার, আব্দুল বারী, জুলফিকার হোসেন বাবুল, লিয়াকত ইলাহি, কল্লোল দাস, প্রতিমা সরকার, আব্দুল্লাহ চৌধুরী, আলমগীর কবির।

## মুক্তিযোদ্ধাকে নরসিংদী জেলা সমিতির সম্মাননা

৩ পৃষ্ঠার পর

বাবুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী জিলা সমিতির সাবেক সভাপতি ও সাবেক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজহারুল ইসহাক খোকা ও নরসিংদী সদর উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কবির আহমেদ। আরো উপস্থিত ছিলেন নরসিংদী জেলা সমিতির সভাপতি শামীম খন্দুর,সাবেক সাধারণ সম্পাদক জে মোস্তা সানী, সাবেক সাধারণ সম্পাদক জসিম খন্দকার,সাবেক সাধারণ সম্পাদক আলমাহ্ ফিরোজ আহমেদ,সিনিয়র সহসভাপতি ইকবাল এ ভূঁইয়া,মাহাবুবুর রহমান মুকুল চেয়ারম্যান ও আলমগীর মৃধা।

প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা আব্দুল গফুর তার বক্তব্যে একাত্তরের মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনার স্মৃতিচারণ করেন ও মতবিনিময় সভায় তাকে সম্মানিত করার জন্য উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান।

সভায় আরো বক্তব্য রাখেন এম এম জিল্লাহ, বি এম মামুন, সালাউদ্দিন খান তুহিন, সুমন খন্দকার, জিয়াউর রহমান,মতিউর রহমান, এশিএস মোস্তান, সাইফুর রহমান সাইফুল, আব্দুল কাইউম, মাহাবুব রহমান, আতিকুর রহমান, নাজমুল, কামরুজ্জামান, মোজাম্মেল, স্বপন প্রমুখ।

## জাবি এলামনাইয়ের সভাপতি মেঘনা সম্পাদক অয়ন

৩ পৃষ্ঠার পর

সভাপতি-সাধারণ ছাড়া কার্যকরী কমিটির সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন যথাক্রমে মোহাম্মদ রহমান পলিন, মোহাম্মদ নাসিরুল্লাহ, দুররে মাকসুদ নবনী, পিংকি আনাম এবং তামান্না শবনম পাপড়ি। কার্যকরী সদস্য হিসেবে রয়েছেন- মারীস্টেলা আহমেদ শ্যামলী, শমিত মন্ডল, রুহুল আমিন, অন্তোনিতি পাল্লা, মোহাম্মদ নাসির, শামীমারা বেগম, মোস্তফা শারমিন, শারমিন আক্তার রেক্সোনা এবং রাজেশ রায়। উপদেষ্টা পরিষদের সদস্য মনোনীত হন যথাক্রমে একরামুল করিম, মোহাম্মদ মনিরুজ্জামান, আশুতোষ সাহা, আকতার আহমেদ রাশা, খালেদ মনির জোসেফ, মিশিন জকি, হুমায়ুন কবির, সুজিত পল, হাবিব রহমান এবং শামীম আল সাইফুজ্জামান।

নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক দায়িত্ব পালনের ক্ষেত্রে সকলের দোয়া ও সহযোগিতা চেয়েছেন।

অনুষ্ঠানে জানানো হয়- খুব শীঘ্রই একটি জাকজমকপূর্ণ অভিষেক অনুষ্ঠানের মাধ্যমে নবনির্বাচিত কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর ও শপথ পাঠ করানো হবে। বর্তমান কমিটির সভাপতি শামীমারা বেগম ও সাধারণ সম্পাদক তামান্না শবনম পাপড়ি নবনির্বাচিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

## জাতিসংঘের শীর্ষ আদালতে ইসরায়েলকে তিরস্কার

৩ পৃষ্ঠার পর

কর্মকাণ্ড সম্পূর্ণ স্থগিত রাখতে পারে না। তিনি আরও জানান, গাজার জনগণ যথাযথভাবে ত্রাণসহায়তা পাচ্ছে না, এ বিষয়ে আদালত নিশ্চিত হয়েছে। জাতিসংঘ সাধারণ পরিষদের অনুরোধে এই রায়টি দেওয়া হয়েছে, যা ইসরায়েলের ওপর রাজনৈতিক চাপ বাড়াতে পারে। তবে এটি বাধ্যতামূলক নয়।

রায়ে আরও বলা হয়, জাতিসংঘের ত্রাণ সংস্থা ইউএনআরডব্লিউএ নিরপেক্ষতা লঙ্ঘন করেনি। আদালত স্পষ্টভাবে জানায়, ইউএনআরডব্লিউএর বিরুদ্ধে ইসরায়েলের অভিযোগ প্রমাণিত হয়নি।

ইসরায়েল এর আগে অভিযোগ করেছিল, ইউএনআরডব্লিউএর এক হাজারের বেশি কর্মী হামাসের সঙ্গে যুক্ত এবং তাদের স্কুলে ইসরায়েল বিরোধী মনোভাব শেখানো হয়। তবে জাতিসংঘের নিজস্ব তদন্তে দেখা যায়, মাত্র নয়জন কর্মীর হামাসের সঙ্গে সম্পৃক্ততা থাকতে পারে, যা গোটা সংস্থাকে দায়ী করার মতো নয়। বিচারপতি ইউজি বলেন, বর্তমান পরিস্থিতিতে গাজায় মানবিক সহায়তা প্রদানে জাতিসংঘ, বিশেষ করে ইউএনআরডব্লিউএ, অপরিহার্য ভূমিকা রাখছে। ইসরায়েলকে এই প্রচেষ্টায় সহযোগিতা করতে হবে। তিনি আরও বলেন, নাগরিক জনগোষ্ঠীকে অনাহারে রাখাকে যুদ্ধের কৌশল হিসেবে ব্যবহার করা আন্তর্জাতিক আইনে নিষিদ্ধ।

ইসরায়েল জাতিসংঘের শীর্ষ আদালতের এই রায়কে 'রাজনৈতিক দলিল' বলে অভিহিত করেছে। জাতিসংঘে ইসরায়েলের রাষ্ট্রদূত ড্যানি ড্যানন বলেন, দ্য হেগ ইচ্ছাকৃতভাবে হামাসের অপরাধ উপেক্ষা করছে এবং ইউএনআরডব্লিউএ'কে সন্ত্রাসের কেন্দ্র হিসেবে চিহ্নিত করছে না।

এর আগে ২০২৪ সালের জুলাইয়ে আইসিজে অভূতপূর্বভাবে রায় দিয়েছিল যে, পশ্চিম তীর ও পূর্ব জেরুজালেমে ইসরায়েলের উপস্থিতি অবৈধ। তখন আদালত ইসরায়েলকে দখলদারিত্ব বন্ধ করে ক্ষতিপূরণ দিতে বলেছিল। ইসরায়েল যদিও আইসিজেকে স্বীকৃতি দেয় না, তবে জাতিসংঘের সদস্য হিসেবে আইসিজের বিধান মানতে বাধ্য।

## খন্দকার আব্দুল মুক্তাদিরকে প্রবাসী সিলেটবাসীর সম্মাননা

৬২ পৃষ্ঠার পর

বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লুর তত্ত্বাবধানে সংবর্ধনা সভাটি পরিচালনা করেন গোলাপগঞ্জ সোসাইটির সভাপতি ও বিএনপি নেতা এবাদ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জালালাবাদ এসোসিয়েশনের (একাংশের) সভাপতি বদরুল হোসেন খান, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুল নাহার খান মিতা, বাংলাদেশ লীগ অব আমেরিকার সাবেক সভাপতি বেলরুল ইসলাম বাবলা।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দেওয়ান শাহেদ চৌধুরী, তোফায়েল আহমেদ চৌধুরী, এডভোকেট নাসির উদ্দিন, সালেহ চৌধুরী, নিউইয়র্ক উত্তর বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন।

খন্দকার আব্দুল মুক্তাদির সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিএনপি ১৫ বছরে একটি স্বৈরাচারি সরকারের বিরুদ্ধে আন্দোলন করেছে। ৫ আগস্টের পর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দল পরিচালনায় প্রশংসনীয় উদ্যোগ নিয়েছিলেন। তার নির্দেশের কারণেই নেতাকর্মীরা প্রতিশোধ পরায়ণ হয়নি। যারা চাঁদাবাজি করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। এ পর্যন্ত প্রায় ৭ হাজার নেতাকর্মীকে বহিষ্কার করেছেন। মানুষের ভোটে ক্ষমতায় গেলে আরো কঠোর ব্যবস্থা নেয়া হবে। আমরা রাজনৈতিক এবং অর্থনৈতিক পরিবর্তন চাই। শেখ হাসিনা ভোটার ব্যবস্থা হাইজ্যাক করেছিলেন আমরা তা করতে চাই না।

অনুষ্ঠানে খন্দকার আব্দুল মুক্তাদিরকে ব্যবসায়ীদের পক্ষ থেকে ফুল দিয়ে অভিনন্দন জানান বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী, ফখরুল ইসলাম দেলোয়ার, আকিব হোসেন, সাইফুর খান হারুন, মিজানুর রহমান মিজান। এ ছাড়াও নিউইয়র্ক স্টেট বিএনপি, উত্তর ও দক্ষিণ বিএনপির নেতৃবৃন্দ তাকে ফুল দিয়ে অভিনন্দন জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন, সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী, আনোয়ার জাহিদ, এজিএম জাহাঙ্গীর, আব্দুর রহিম, শরিফুল খালিশদার, সোহেল আহমেদ, নিউইয়র্ক স্টেট বিএনপির জিপি জসীম, হুমায়ুন কবীর, দেওয়ান কাউছার, মনির হোসেন, দক্ষিণ বিএনপির সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা, সাধারণ সম্পাদক বদিউল আলম, খলিলুর রহমান প্রমুখ।

## আইসিসি থেকে বড় সুখবর পেলেন রিশাদ

৫২ পৃষ্ঠার পর

চার নম্বরে উঠেছেন। বোলারদের র‍্যাঙ্কিংয়ে নাসুম আহমেদ ১৬ ধাপ এগিয়ে ৭১তম এবং দুই ধাপ এগিয়ে ৯৬তম হয়েছেন তানভীর ইসলাম। চলমান বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ সিরিজে স্পিনবান্ধব পিচে মূলত বোলাররা রাজত্ব করছেন। সেখানে সুযোগ মিলছেন না পেসারদের, তারই প্রভাব হিসেবে তানজিম আহমেদ ৪ ধাপ পিছিয়ে ৩৮, শরিফুল ৩ ধাপ পিছিয়ে ৬১ এবং তানজিম সাকিব ৬ ধাপ পিছিয়ে ৭৬এ নেমে গেছেন।

ওয়ানডে ব্যাটারদের র‍্যাঙ্কিংয়ে এগিয়েছেন তাওহীদ হৃদয় (৭ ধাপ উন্নতির পর ৩৫তম), মিরাজ (২ ধাপ এগিয়ে ৬৩) ও সৌম্য সরকার (৫ ধাপ এগিয়ে ৮৬)। তবে অবনতি হয়েছে জাকের আলি (৩ ধাপ পিছিয়ে ৭৮) ও ইনজুরির কারণে দলের বাইরে থাকা লিটন দাসের (৭ ধাপ পিছিয়ে ৯১)। ওয়ানডে ব্যাটারদের র‍্যাঙ্কিংয়ে যথাক্রমে শীর্ষে আছেন শুভমান গিল, ইব্রাহিম জাদরান ও রোহিত শর্মা। বোলারদের র‍্যাঙ্কিংয়ে যথাক্রমে রাজত্ব রশিদ খান, কেশব মহারাজ ও মহেশ থিকশানার। এ ছাড়া আজমতউল্লাহ ওমরজাই, সিকান্দার রাজা ও মোহাম্মদ নবি অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের শীর্ষে আছেন।

## যুদ্ধবিরতি হলেও ভিন্ন আতঙ্কে গাজার বাসিন্দারা

৬২ পৃষ্ঠার পর

হয়ে উঠেছে। গাজায় অবিস্ফোরিত গোলাবারুদের মারাত্মক ঝুঁকি সম্পর্কে সতর্ক করেছে জাতিসংঘের মাইন অ্যাকশন সার্ভিস (ইউএনএমএএস)। দখলকৃত ফিলিস্তিনি অঞ্চলে ইউএনএমএএস-এর প্রধান লুক ফেভিন আর্ভিং বলেন, মানুষ ও মানবিক সহায়তাকর্মীরা যখন এসব এলাকায় চলাচল শুরু করেছে, তখন বিস্ফোরণের ঝুঁকি ভয়াবহ মাত্রায় পৌঁছেছে। অন্য সংঘাতের মতোই গাজাতেও যুদ্ধ শেষ হলেও এসব বোমা সাধারণ মানুষকে হত্যা ও পঙ্গু করে যাচ্ছে। আর্ভিং আরও বলেন, যুদ্ধবিরতির ফলে আমরা যত বেশি এলাকায় প্রবেশ করতে পারছি ততই আরও বিস্ফোরক পাওয়া যাচ্ছে।

যুদ্ধবিরতির পর গত সপ্তাহে অবিস্ফোরিত বোমার বিস্ফোরণে পাঁচ শিশু আহত হয়েছে, যার মধ্যে দুইজনের অবস্থা গুরুতর। এমন তথ্য দিয়ে তিনি আরও বলেন, এটি এমন শত শত ঘটনার একটি উদাহরণ যেখানে শিশু ও সাধারণ মানুষ প্রাণ হারাচ্ছে বা আজীবনের জন্য পঙ্গু হয়ে যাচ্ছে।

ইউএনএমএএসের তথ্য অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ৩২৮টি ঘটনায় মানুষ অবিস্ফোরিত বোমার বিস্ফোরণের কারণে নিহত বা আহত হয়েছে। তবে প্রকৃত সংখ্যা এর চেয়ে অনেক বেশি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। এ পর্যন্ত সংস্থাটি গাজার প্রবেশযোগ্য এলাকাগুলোতে ৫৬০টি অবিস্ফোরিত বোমা শনাক্ত করেছে। কিন্তু পূর্ণাঙ্গ জরিপ না হওয়া পর্যন্ত এর প্রকৃত পরিমাণ জানা সম্ভব নয় বলে জানানো হয়েছে।

যাতে মানবিক সহায়তা নির্বিঘ্নে পৌঁছানো যায় তাই সংগঠনটি গুরুত্বপূর্ণ অবকাঠামো যেমন রাস্তা, হাসপাতাল, পানি সরবরাহ কেন্দ্র, বেকারি ও কৃষি এলাকা পর্যবেক্ষণ করে নিরাপত্তা নিশ্চিত করেছে। জানা গেছে, অক্টোবর ১০ তারিখে যুদ্ধবিরতি কার্যকর হবার পর থেকে ইউএনএমএএস প্রতিদিন গড়ে ১০টি করে বিস্ফোরক অপসারণের জন্য ডাক পাচ্ছে।

বাসিন্দারা যখন ধ্বংসস্তূপে ফিরে নিজেদের সামান্য সম্পদ উদ্ধার করতে বা শিশুরা বাইরে খেলতে বের হচ্ছে, তখনও এই বোমা বিস্ফোরণের ঝুঁকি থেকে যাচ্ছে। ত্রাণকর্মীরাও এই বিপদের মুখে কাজ করছেন। ইউএনএমএএস এখন পর্যন্ত গাজায় প্রায় ৪৬০,০০০ মানুষকে ঝুঁকি সম্পর্কে সচেতন করেছে। সংস্থাটি ৪ লক্ষাধিক প্রচারপত্র, স্টিকার ও শিক্ষামূলক সামগ্রী বিতরণ করেছে।

গাজা স্বাস্থ্য মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে এখন পর্যন্ত ইসরায়েলের গণহত্যামূলক অভিযানে ৬৮ হাজার ২০০ জনের বেশি ফিলিস্তিনি নিহত এবং ১ লাখ ৭০ হাজার ২০০ জনের বেশি আহত হয়েছেন।

## হোয়াইট হাউস বলরুমের বিপুল অর্থ যোগানদাতা কে!

৬২ পৃষ্ঠার পর

জানিয়েছেন, তিনি ব্যক্তিগতভাবে নির্মাণের একটি বড় অংশের খরচ দেবেন। তিনি আরও বলেন, কিছু বেনামী দাতা এই প্রকল্পটি সম্পূর্ণ করার জন্য ২ কোটি ডলারের বেশি অনুদান দিতে ইচ্ছুক। অর্থায়নের এই পদ্ধতি নিয়ে আইন বিশেষজ্ঞরা উদ্বেগ প্রকাশ করেছেন। তাদের মতে, এটি আসলে প্রশাসনের আনুকূল্য পাওয়ার জন্য অর্থ প্রদানের শামিল হতে পারে।

২০০৫ থেকে ২০০৭ সাল পর্যন্ত বুশ হোয়াইট হাউসের প্রাক্তন প্রধান নীতি আইনজীবি রিচার্ড পেইন্টার বিবিসিকে বলেছেন, 'আমি এই বিশাল বলরুমটিকে একটি নৈতিক দুঃস্বপ্ন হিসেবে দেখছি।'

তিনি আরও যোগ করেন, 'হোয়াইট হাউসে প্রবেশের সুযোগ ব্যবহার করে টাকা তোলা হচ্ছে, যা আমার একদম পছন্দ নয়। এই কর্পোরেশনগুলো সবাই সরকারের কাছ থেকে কোনো না কোনো সুবিধা চায়।'

গত ১৫ অক্টোবর হোয়াইট হাউসে সম্ভাব্য দাতাদের জন্য একটি নৈশভোজের আয়োজন করা হয়। সেখানে আমেরিকার বিখ্যাত সংস্থাগুলির শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন, যেমন ব্ল্যাকস্টোন, ওপেনএআই, মাইক্রোসফট, কয়েনবেস, প্যালান্টির, লকহিড মার্টিন, অ্যামাজন এবং গুগল।

এছাড়াও নিউইয়র্ক জেটস এনএফএল দলের মালিক উডি জনসন এবং টাম্পা বে বুকানিয়ার্স ও ম্যানচেস্টার ইউনাইটেডের যৌথ মালিকানাধীন গেজার ভাইবোনেরা উপস্থিত ছিলেন।

বিবিসি-র মার্কিন সহযোগী সিবিএস নিউজের হাতে আসা একটি অঙ্গীকারপত্র থেকে জানা যায়, দাতারা তাদের অবদানের জনস্বীকৃতি পেতে পারেন। পরিকল্পনাটি চূড়ান্ত না হলেও, এই স্বীকৃতি হিসেবে বলরুমের দেয়ালে তাদের নাম খোদাই করা হতে পারে। হোয়াইট হাউস প্রথমে জানিয়েছিল যে এই বিশাল কাঠামোতে ৬৫০ জন বসতে পারবে। কিন্তু এই সপ্তাহে ট্রাম্প বলেছেন, এর ধারণক্ষমতা হবে ৯৯৯ জন।


Marriage Media



পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।

সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না, আমি উছিলা মাত্র।

খান ভাই

6465-637-7590

E-mail: khanma663@gmail.com

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

TUITION FREE TAX SCHOOL*
লিবার্টি ট্যাক্স স্কুল
BECOME A TAX PROFESSIONAL
Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
* Tuition is Free but there is little fee for books
• Day and Evening Classes are available for your convenience.
PLEASE CONTACT : (718) 297-3500
147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com
(আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)
(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## প্রতিপক্ষের জালে গোল উৎসব লিভারপুল-চেলসি-বায়ার্নের

৫২ পৃষ্ঠার পর

দুই দফায় ব্যবধান বাড়ায়। দুটি গোলই হয়েছে কর্নার থেকে উড়ে আসা বলে হেড দিয়ে। ভার্জিল ফন ডাইক ও ইব্রাহিমা কোনাতে স্কোরবোর্ড ৩-১ করেন। দ্বিতীয়ার্ধে কোডি গাকপো ও ডোমিনিক সোবোস্লাই আরও দু'বার বল জালে জড়িয়ে নিশ্চিত করেন লিভারপুলের বড় জয়। জোড়া অ্যাসিস্ট করেন ফ্লোরিয়ান ভির্টজ। ৩ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে টেবিলের ১৩এ অবস্থান করছে স্লটের দল।

চেলসি ৫ : ১ আয়াক্স

স্টামফোর্ড ব্রিজে অতিথি হিসেবে খেলতে নেমে পাত্তাই পায়নি আয়াক্স। উল্টো ১৭ মিনিটে ডিফেন্ডার কেনেথ টেলর লাল কার্ড দেখলে তারা আরও ব্যাকফুটে চলে যায়। ১০ জনের দলকে চেপে ধরে ইংলিশ জায়ান্টরা রীতিমতো গোলের উৎসব করেছে। ম্যাচের ১৮ মিনিটে প্রথম চেলসিকে লিড পাইয়ে দেন মার্ক গিউ। ২৭ মিনিটে লিড দ্বিগুণ করেন ময়েসেস কাইসেদো। আয়াক্সের পক্ষে মিনিট ছয়েক পর ব্যবধান কমান অউট ভেগহোর্স্ট। কিন্তু প্রথমার্ধেই তাদের আরও দুই গোল হজম করতে হলো। যোগ করা সময়ে চেলসির পক্ষে পেনাল্টিতে দুটি গোল করেছেন এনজো ফার্নান্দেজ ও এস্তেভাও উইলিয়ান। বিরতির পর পঞ্চম গোল করে চেলসির বড় জয় নিশ্চিত করেছেন তাইরিক জর্জ। এই জয়ে ৩ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে ১১ নম্বরে উঠে এলো এনজো মারেসকার দল।

বায়ার্ন মিউনিখ ৪ : ০ ক্লাব ব্রুগ

বায়ার্ন মিউনিখের সময়টা কাটছে উড়ন্ত ফর্মে। বেলজিয়ামের ক্লাব ব্রুগের বিপক্ষেও সেই ধারা ধরে রেখেছে ভিনসেন্ট কোম্পানির দল। ঘরের মাঠ অ্যালিয়াঞ্জ অ্যারেনায় ৬৩ শতাংশ পজেশনের পাশাপাশি ২৩ শটের মধ্যে ১০টি লক্ষ্যে ছিল বাভারিয়ানদের। ৩ শটের মধ্যে ২টি লক্ষ্যে রাখতে পারে ব্রুগ। যদিও তারা গোলের দেখা পায়নি। বায়ার্নকে প্রথমার্ধেই ৩-০ গোলে এগিয়ে দেওয়ার পথে গোল করেছেন লেনার্ট কার্ল, হ্যারি কেইন ও লুইস দিয়াজ।

৭৯ মিনিটে নিকোলাস জ্যাকসন আরেক গোল করে ৪-০ ব্যবধানে জয় নিশ্চিত করেন বায়ার্নের। এ নিয়ে জার্মান চ্যাম্পিয়নরা চলতি চ্যাম্পিয়ন্স লিগের ৩ ম্যাচে শতভাগ জয়ের ধারা অব্যাহত রেখেছে। পয়েন্ট টেবিলে তাদের অবস্থান দ্বিতীয়, সমান পয়েন্ট নিয়ে সামনে আছে পিএসজি।

## বড় জয়ে সিরিজ বাংলাদেশের

৫২ পৃষ্ঠার পর

মিরাজের হাতে ধরা পড়েন। শুরুতেই ব্যাটিং অর্ডারে ধস নামার পর আর ঘুরে দাঁড়াতে পারেনি ক্যারিবিয়ানরা। শেষদিকে জাস্টিন গ্রেভস-আকিল হোসেনরা পরাজয়ের ব্যবধান কমানোর চেষ্টা করেছেন। দশ নম্বরে নামা আকিলের ব্যাট থেকে এসেছে ২৭ রান। যা ইনিংসে কোনো ব্যাটারের সর্বোচ্চ সংগ্রহ।

বাংলাদেশের হয়ে ৩টি করে উইকেট শিকার করেছেন নাসুম আহমেদ ও রিশাদ হোসেন। এ ছাড়া দুটি করে উইকেট পেয়েছেন মিরাজ ও তানভির।

এর আগে ব্যাটিং করতে নেমে ইনিংসের প্রথম ওভারেই দুই চার মেরে ভালো শুরুর বার্তা দিয়েছিলেন নাইম। এরপর আগ্রাসী রূপে হাজির হন সৌম্য সরকারও। উদ্বোধনী জুটিতে পঞ্চাশ আসে মাত্র ৪৬ বলে। স্পিনে কাজের কাজ কিছু হচ্ছে না দেখে দশম ওভারে পেস বোলিং আক্রমণে জাস্টিন গ্রেভসের হাতে বল তুলে দিয়েছিলেন ক্যারিবীয় অধিনায়ক শাই হোপ। তবে এই পেসারও সুবিধা করতে পারেননি।

দারুণ ব্যাটিংয়ে ৪৮ বলে ব্যক্তিগত পঞ্চাশ স্পর্শ করেন সৌম্য। ওয়ানডেতে এটি তার ১৪তম ফিফটি, ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ষষ্ঠ। সৌম্যর পর একই মাইলফলক ছুঁয়েছেন আরেক ওপেনার নাইমও। তিনি খেলেছেন মাত্র ৪৪ বল। ওয়ানডেতে এটি তার প্রথম ফিফটি। জোড়া ব্যাটিংয়ে দুই ওপেনারই ছুটছিলেন সেঞ্চুরির দিকে। দেশ প্রাপ্তিও মনে হচ্ছিল তাদের। কিন্তু ইনিংসের ২৬তম ওভারে প্রথম ধাক্কা খায় বাংলাদেশ। ওভারের দ্বিতীয় বলে রোস্টন চেজকে হাঁকা মারতে গিয়ে লং অনে জাস্টিন গ্রিভসের হাতে ধরা পড়েন নাইম হাসান। ১৭৬ রানের মাথায় প্রথম উইকেট হারায় বাংলাদেশ। ৭২ বলে ৬ ছক্কায় ৮০ রান করে সাজঘরে ফেরেন এই ওপেনার। সেঞ্চুরির হাতছানিতে ছিলেন আরেক ওপেনার সৌম্য সরকার। তিনিও শেষমেশ ক্যাচ আউট হয়ে ফিরেন। ৮৬ বলে ৯১ রান এসেছে তার ব্যাট থেকে।

দুই ওপেনারের বিদায়ের পর রানের গতি অনেকটাই কমে যায়। তাওহিদ হৃদয় ও নাজমুল হোসেন শান্ত বেশ কিছু ডট বল খেলেন। তাতে উল্টো চাপে পড়ে যায় বাংলাদেশ। চাপ কমাতে বড় শট খেলতে গিয়ে আউট হন হৃদয়। ৪৪ বলে ২৮ রান এসেছে তার ব্যাট থেকে। এরপর শান্ত ফিরেছেন ফিফটির আগে। ৫৫ বলে করেছেন ৪৪ রান।

মিডল অর্ডারে ব্যর্থ মাহিদুল ইসলাম অঙ্কন, রিশাদ হোসেন, নাসুম আহমেদরা। আগের দুই ম্যাচে দারুণ ব্যাটিং করা রিশাদকে প্রমোশন দিয়ে নামানো হয় ছয়ে। তবে এবার ৬ বলে করেছেন মাত্র ৩ রান।

শেষদিকে ভাল ফিনিশিং দিয়েছেন নুরুল হাসান। ৮ বলে অপরাজিত ১৬ রান করেছেন তিনি। এ ছাড়া মিরাজ করেছেন ১৭ বলে ১৭ রান।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS

বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# বাংলাদেশ সোসাইটি, ইনক
## Bangladesh Society, Inc
www.bangladeshsocietyinc.com

Golden Jubilee Celebration

সুবর্ণ জয়ন্তী উদযাপন

সুবর্ণ জয়ন্তী ৫০

**২ নভেম্বর, ২০২৫, রবিবার**
বিকেল ৪টা থেকে রাত ১১টা

Venue: **Terrace on the Park**
52-11 111th St, Queens, NY 11368

দয়া করে ২০ অক্টোবরের মধ্যে আপনার রেজিস্ট্রেশন সম্পন্ন করুন
complete your registration by October 20th

registration is required!
Please Scan to Register

### উপদেষ্টা পরিষদ
ডা. মো: হামিদুজ্জামান – প্রধান উপদেষ্টা
ডা. এম. বিল্লাহ
মোহাম্মদ আক্তার হোসেন
হাসান ইমাম
ডা. ওয়াদুদ ভূঁইয়া
মুজিব উর রহমান
শাহাদাত আহমেদ
মোহাম্মদ আজিজ
আজমল হোসেন কুনু
আব্দুর রব মিয়া
ফরহানা খান
হামিদ রেজা খান
আসাদুর রহমান শাবু
প্রফেসর দেলোয়ার হোসেন
মো: ফজলে আমিন সিদ্দিকী
মাহবুবুর রহমান
জামাল আহমেদ জনি
মোহাম্মদ আমিনউল্লাহ
সেলিম উদ্দিন
মফুল রহিম টুলই
আব্দুল হাসিব হাসনু
ওয়াসি চৌধুরী
খোকন মোশারফ
মো: শাহজাহান সিরাজী

### সাংস্কৃতিক উপ-কমিটি
সউদ চৌধুরী – উপদেষ্টা
অশিক খান – চেয়ারম্যান
সৈয়দ শাহাবুল (উজ্জল)
মোশারফ হোসেন
মনিকা রায়, ডা. শাহিনাজ লিপি

### প্রচার উপ-কমিটি
বিল্লু মোহাম্মদ – চেয়ারম্যান
খোন্দকার মাহবুব
রেজাওয়ান চৌধুরী, মোহাম্মদ সেলিম
কামরুল জামান রুবি
মোহাম্মদ এন. উদ্দিন (হায়দার)
মোহাম্মদ সাইফুল ইসলাম

### অভ্যর্থনা উপ-কমিটি
মো: নুরুল হক – উপদেষ্টা
জমির আনসারী – চেয়ারম্যান
কাজী তোফায়েল ইসলাম
আব্দুস সালাম মিয়া আজম
মো: টিপু খান, নাসির এ আইয়ুব

### স্মরণিকা উপ-কমিটি
মাহমুদ চৌধুরী – উপদেষ্টা
মো: আখতার বাবুল – চেয়ারম্যান
ওয়াহিদ কাজী এলিন
নাসির উদ্দিন আহমেদ
কয়সাল আহমেদ

### আপ্যায়ন উপ-কমিটি
আজাদ আলী খান লিটন – চেয়ারম্যান
আব্দুল কাদের চৌধুরী (শাহিন)
মো: জাহাঙ্গীর
মাইন উদ্দিন মাহবুব

### সেমিনার উপ-কমিটি
মো: হাসান (জিলানী) – চেয়ারম্যান
মুল্লা এম এ বাপুল
মো: আক্তার হোসেন
আহসান হাবিব
প্রদীপ আচার্য
নুরুল ইসলাম সুজন
আজিজুল হক (মুন্না)

### রেজিস্ট্রেশন, তথ্য ও অনুসন্ধান
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী – চেয়ারম্যান
বাবুল চৌধুরী
জামান তপন
ফারহানা চৌধুরী

### নিরাপত্তা কমিটি
সৈয়দ এনায়েত আলী

### সার্বিক সহযোগিতায়
সালামত উল্লাহ
মোহাম্মদ সালেহ, ফারুক আজম
ড. সাজ্জাদ হোসেন
মুজিবুর রহমান মিয়া
আব্বাস উদ্দিন (দুলাল)
আবুল হাশেম বুলবুল
জহিরুল ইসলাম
মনিরুল ইসলাম
আমিরুল ইসলাম সজল
মাকসুদুর রহমান চৌধুরী
ফারুক চৌধুরী
সৈয়দ এম কে জামান
আমিনুল ইসলাম চৌধুরী
মোহাম্মদ রেজাউল করিম সবির
আজহার হোসেন, নিশান রহিম
আব্দুল হান্নান, মো: নওশাদ হোসেন
মীর মাকসুদ আলী তাসলিম
আব্দুল্লাহ আল লিটন
মোহাম্মদ শাহি মিন্টু



**চেয়ারম্যান, উদযাপন কমিটি**
ডা. মইনুল ইসলাম মিয়া

**কো-চেয়ারম্যান, উদযাপন কমিটি**
মোহাম্মদ হোসেন খান
উদযাপন কমিটির, চিফ অ্যাডমিনিস্ট্রেটর
ফখরুল আলম
উদযাপন কমিটির, চিফ ইভেন্ট কোঅর্ডিনেটর
মোহাম্মদ নুরুল হক
জয়নুল আবেদীন
রানা ফেরদৌস চৌধুরী
মাহমুদ চৌধুরী
সউদ চৌধুরী

**সার্বিক তত্ত্বাবধানে**
শাহ নেওয়াজ
চেয়ারম্যান, বোর্ড ট্রাস্টিজ

**সদস্য, বোর্ড ট্রাস্টিজ**
মোহাম্মদ আক্তার হোসেন
কাজী আজহারুল হক মিলন
আজিমুর রহমান বুরহান
মোহাম্মদ আতোয়ারুল আলম
আব্দুর রহিম হাওলাদার
মোহাম্মদ এনামুল হক এমতি
জুনেদ আহমদ চৌধুরী
কাজী সাখাওয়াত হোসেন আজম
মো: ফকরুল ইসলাম দেলোয়ার
আহসান হাবীব
নাইম টুটুল

সঙ্গীত পরিবেশনায়: **দেশ** ও উত্তর আমেরিকার জনপ্রিয় শিল্পীবৃন্দ

**মো: মহিউদ্দিন দেওয়ান**
আহ্বায়ক
৯১৭-৫২৩-১৩৪৪

**হারুন উর রশিদ**
প্রধান সমন্বয়কারী
৯১৭-৪৪৩-৭৮৩৮

**আবুল কালাম ভূঁইয়া**
সদস্য সচিব
৯১৭-৮৯২-৭১৯৯

**যুগ্ম-আহ্বায়ক**
মো: কামরুজ্জামান কামরুল
মোহাম্মদ ফারুক হোসেন মজুমদার

অর্থ ও হিসাব
মফিজুল ইসলাম ভূঁইয়া (রেমি)
অনুষ্ঠান গ্রহনা ও পরিকল্পনা
বিল্লু মোহাম্মদ

**যুগ্ম-সদস্য সচিব**
ডিউক খান
সিরাজ উদ্দিন আহমেদ (সোহাগ)
দুলাল মিয়া (হাজী এনাম)

সদস্য: শিহাব আহমেদ, এ কে এম ফজলুল হক, মো: জেন্ট চৌধুরী জুয়েল, আহবাব এইচ চৌধুরী (খোকন), জে মোল্লা সানী, সৈয়দ ইলিয়াস খসরু, রফিকুল ইসলাম (তালিব), সিরাজুল হক জামাল, সরোয়ার খান বাবু, বাশার ভূঁইয়া, সুশান্ত দত্ত, শাহ মিজানুর রহমান, বেলাল মাহমুদ, মো: কামরুজ্জামান বাবু, সাকিব হাসান (স্বপন), জাকির আহমেদ, টুটুল আহমেদ চৌধুরী, মোহাম্মদ এ. মান্নান, মখন মিয়া, মো: শওকত হোসেন (খান শওকত)

**আতাউর রহমান সেলিম**
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

**মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

TITLE SPONSOR
GOLDEN AGE | আজকাল
646.591.8396
SHAH NAWAZ

GRAND SPONSOR
GOLDSANDS GROUP

PLATINUM SPONSOR
BHALO
BRIDGING THE GAP

GOLD SPONSOR
ETERNAL
HOMECARE & WELLNESS LLC

GOLD SPONSOR
Reliable Home Care
CONTACT US TODAY FOR ALL YOUR HOME CARE NEEDS
347.809.4660

GOLD SPONSOR
SHAD
FATEMA QUALITY PRODUCTS
FATEMA BROTHERS, INC
প্রবাসে দেশের স্বাদ


জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কন্সট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IN ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment



CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল

আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com



আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR MLS EQUAL HOUSING LENDER





KAZI N JALAL
Licensed Sale Agent

ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com

Office: 917-417-6766
Cell: 516-439-0156



ESTD 2017

Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

## নিউইয়র্কে খন্দকার মুক্তাদিরের সংবর্ধনা অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশী এক্সপার্টিজ রয়েছেন তাদের কাজে লাগাতে চাই। প্রবাসী বাংলাদেশীদের যদি দেশের উন্নয়নে বা দেশ পরিচালনার সাথে সম্পৃক্ত করা না যায় এক সময় তাদের প্রজন্ম তাদের শিকড় ভুলে যাবে। যা হবে আমাদের জন্য সবচেয়ে বড় ক্ষতি। গত ২০ অক্টোবর সন্ধ্যায় বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা এবং সিলেট-১ আসনের বিএনপির প্রার্থী খন্দকার আব্দুল মুক্তাদির এ সব কথা বলেন। বিএনপির কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য এবং যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লুর তত্ত্বাবধানে সংবর্ধনা সভাটি উডসাইডের গুলশান টেরেসে অনুষ্ঠিত হয়। সিলেট বিভাগীয় নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশীর আয়োজনে অনুষ্ঠিত চমৎকার সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু। গোলাপগঞ্জ সোসাইটির সভাপতি ও বিএনপি নেতা এমাদ চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জালালাবাদ এসোসিয়েশনের (একাংশের) সভাপতি বদরুল হোসেন খান, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, বাংলাদেশ লীগ অব আমেরিকার সাবেক সভাপতি মোহাম্মদ ইসলাম বাবলু। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দেওয়ান শাহেদ চৌধুরী, মোহাম্মদ আহমেদ চৌধুরী, এডভোকেট নাসির উদ্দিন, সালেহ চৌধুরী, নিউইয়র্ক উত্তর বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন। খন্দকার আব্দুল মুক্তাদির সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিএনপি ১৫ বছরে একটি স্বৈরাচারি সরকারের বিরুদ্ধে আন্দোলন করেছে। আমরা পরিবর্তন চাই বলেই আন্দোলন করেছি, সংস্কার চাই বলেই আন্দোলন করেছি- যে কারণে সরকারের নানা জুলুম নির্যাতনের পরও কেউ দল ছেড়ে যায়নি। এটা একটি বিরল ঘটনা। তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান দেশের এক ক্রান্তিকালে ক্ষমতায় এসেছিলেন।

তিনিই দুর্ভিক্ষপীড়িত দেশকে স্বাবলম্বী করেছেন, দেশে গণতন্ত্র ফিরিয়ে দিয়েছিলেন। দেশ তলাবিহীন ঝুড়ি থেকে সম্মানের দেশে পরিণত করেছিলেন। আবার আরেক ক্রান্তিকালে ক্ষমতায় এসেছিলেন বেগম খালেদা জিয়া। তিনিও বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে দিয়েছিলেন, সংসদীয় গণতন্ত্র উপহার দিয়েছিলেন, তত্ত্বাবধায়ক সরকারও দিয়েছিলেন। অনুষ্ঠানে তিনি সবার কাছে তার জন্য ভোট প্রার্থনা করেন। সবাইকে ভোটের সময় দেশে যাবার আহবান জানান।

অনুষ্ঠানে খন্দকার আব্দুল মুক্তাদিরকে ব্যবসায়ীদের পক্ষ থেকে ফুল দিয়ে অভিনন্দন জানান বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী, ফখরুল ইসলাম দেলোয়ার, আকিব হোসেন, সাইফুর খান হারুন, মিজানুর রহমান মিজান। এ ছাড়াও নিউইয়র্ক স্টেট বিএনপি, উত্তর ও দক্ষিণ বিএনপির নেতৃবৃন্দ তাকে ফুল দিয়ে অভিনন্দন জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন, সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী, আনোয়ার জাহিদ, এজিএম জাহাঙ্গীর, আব্দুর রহিম, শরিফুল কমিশনার, মোয়েদ আহমেদ, নিউইয়র্ক স্টেট বিএনপির জিপি জসীম, হুমায়ুন কবীর, দেওয়ান কাউছার, মনির হোসেন, দক্ষিণ বিএনপির সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা, সাধারণ সম্পাদক বদিউল আলম, খলকুর রহমান প্রমুখ।

## বিজয়ের পথে মামদানি

১ পৃষ্ঠার পর

মরিয়া প্রেসিডেন্ট ট্রাম্প ও বিলিনিয়াররা। এ নির্বাচনের ফলাফল শুধু স্থানীয় রাজনীতি নয়, পুরো শহরের নীতি ও নৈতিকতার ওপর প্রভাব ফেলবে। আগাম ভোটের সুযোগ ২৫ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত থাকবে।

নির্বাচনে প্রধান প্রতিদ্বন্দ্বীরা হলেন জোহরান মামদানি, এন্ড্রু কুমো ও কার্টিস স্লিওয়া । সাম্প্রতিক সাধারণ নির্বাচনের জরিপে দেখা গেছে, জোহরান মামদানি ধারাবাহিকভাবে ডাবল-ডিজিট লিড ধরে রেখেছেন। কুইনিপিয়াক বিশ্ববিদ্যালয়ের জরিপে মামদানি কুমোর বিরুদ্ধে ৪৬ শতাংশ ভোট পেয়েছেন। কুমো পেয়েছেন ৩৩ শতাংশ ।

মেয়র প্রার্থীদের বিতর্কে মামদানিকে কমুনিস্ট বলে আখ্যায়িত করা হয়।। কুমোর বিরুদ্ধে উঠে যৌন হয়রানির অভিযোগ এবং স্লিওয়া নিজের হাতে আইন তুলে নেওয়া ব্যক্তি। 'চরম উত্তেজনাপূর্ণ' এক বিতর্কে অংশ নিয়েছেন তাঁরা। এ সময় একে অন্যের সঙ্গে তীব্র বাদানুবাদে জড়িয়ে পড়েছেন। ডেমোক্রেটিক পার্টির প্রাইমারিতে জোহরান মামদানি সবাইকে চমকে দিয়ে কুমোকে হারিয়ে জয়ী হন। কয়েক সপ্তাহ ধরে জনমত জরিপে এগিয়ে থাকা প্রভাবশালী রাজনৈতিক পরিবারের সদস্য কুমোকে হারিয়ে তিনি দলের আনুষ্ঠানিক মনোনয়ন পান। জোহরান নিউইয়র্ক নগরে বিনা মূল্যে বাস পরিষেবা, ভাড়ানিয়ন্ত্রণ এবং নগর কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সুপারমার্কেট পরিচালনার প্রতিশ্রুতি দিয়েছেন। প্রতিদ্বন্দ্বী কুমো অবশ্য জোহরানের এসব পরিকল্পনাকে আকাশকুসুম কল্পনা এবং সরকারের অতিরিক্ত হস্তক্ষেপ বলে উড়িয়ে দিয়েছেন, যা অর্থনৈতিকভাবে অসম্ভব। নিউইয়র্ক নগরের ৮৫ লাখ মানুষের শাসনভার কার হাতে যাবে, সেই আলোচনা আরও একবার জোরালো হয়ে ওঠে, যখন বর্তমান মেয়র এরিক অ্যাডামস প্রতিযোগিতা থেকে সরে দাঁড়ান। তিনি সরে যাওয়ার পর প্রতিদ্বন্দ্বিতা নতুন দিকে মোড় নেয়। ৬৭ বছর বয়সী কুমো ২০১১ থেকে ২০২১ সাল পর্যন্ত নিউইয়র্ক রাজ্যের গভর্নর ছিলেন। যৌন নির্যাতনের অভিযোগের জেরে তিনি পদত্যাগ করেছিলেন। ৩৩ বছর বয়সী জোহরান মামদানি কুইন্স থেকে নির্বাচিত অঙ্গরাজ্যের আইনসভার সদস্য। তিনি তৃণমূল পর্যায়ে অদম্য প্রচারের মাধ্যমে তরুণ নিউইয়র্কবাসীর মধ্যে দারুণ উৎসাহ-উদ্দীপনা তৈরি করেছেন। 'ট্রাম্পের সঙ্গে লড়াই' : ট্রাম্প জোহরান মামদানিকে একজন 'কমিউনিস্ট' বলে আখ্যা দিয়েছেন। তিনি হুমকি দিয়ে বলেছেন, তিনি নির্বাচিত হলে তাঁর প্রশাসনের জন্য ফেডারেল তহবিল আটকে দেবেন। তবে জোহরান বলেন, 'আমি প্রেসিডেন্টকে স্পষ্ট করে দিতে চাই, নিউইয়র্কের জীবনযাত্রার ব্যয় কমানোর জন্য আমি শুধু তাঁর সঙ্গে কথা বলতে নয়, তাঁর সঙ্গে কাজ করতেও প্রস্তুত।' কুমো সতর্কতা উচ্চারণ করে বলেছেন, মামদানি জিতলে ট্রাম্প নিউইয়র্ক নগর দখল করে নেবেন এবং তখন মেয়র হবেন ট্রাম্প'। তিনি বলেন, এটা অনেকটা রাজধানীর ওয়াশিংটন ডিসির প্রশাসনের নিয়ন্ত্রণ নেওয়ার ঘটনার মতোই হবে। ট্রাম্প গত বুধবার ঘোষণা দিয়েছেন, তিনি নিউইয়র্ক ও নিউজার্সির মধ্যে সংযোগকারী বহু বছরের মেগা প্রকল্প ১ হাজার ৬০০ কোটি মার্কিন ডলারের হাডসন গেটওয়ে টানেল 'বাতিল' করেছেন। বিতর্কে তাঁর শুধুপ্র সংবাদের শিরোনাম কী হবে জানতে চাইলে মামদানি বলেন, সেটি হবে 'ট্রাম্পকে মোকাবিলা অব্যাহত রেখেছেন মামদানি।'

## শিশুদের টাইফয়েড টিকার স্বাস্থ্যঝুঁকি আছে কি?

২০ পৃষ্ঠার পর

টিকার এটাই প্রথম ক্যাম্পেইন। এই টিকা ৯ মাস বয়সি শিশু থেকে শুরু করে ১৬ বছর বয়স পর্যন্ত সবাইকে দেওয়া যাবে। সবার জন্য নিরাপদও। টিকা নেওয়ার পর সামান্য জ্বর বা ইনজেকশনের স্থানে হালকা ব্যথা ছাড়া অন্য কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই। লেখক: ডা. আয়শা আক্তার, উপ-পরিচালক, ২৫০ শয্যার টিবি হাসপাতাল।

## হাসিনার ফাঁসি না যাবজ্জীবন?

১ পৃষ্ঠার পর

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ তিনজনের বিরুদ্ধে মামলার যুক্তিতর্ক শেষ হয়েছে। আগামী ১৩ নভেম্বর রায়ের তারিখ ঘোষণা করবেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল -১-এ মামলায় প্রসিকিউশনের পক্ষে যুক্তি খণ্ডন শেষে সমাপনী বক্তব্য দেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান ও চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। তারা উভয়েই দুই আসামির সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড প্রার্থনা করেন। শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের পক্ষে সমাপনী বক্তব্য দেন রাষ্ট্রনিযুক্ত (স্টেট ডিফেন্স) আইনজীবী আমির হোসেন। এ মামলায় সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুনকেও আসামি করা হয়েছে। তবে নিজের দায় স্বীকার করে রাজসাক্ষী হয়ে ট্রাইব্যুনালে এরই মধ্যে তিনি সাক্ষ্য দিয়েছেন। ট্রাইব্যুনালের প্রসিকিউশনের পক্ষে ছিলেন প্রসিকিউটর মিজানুল ইসলাম, প্রসিকিউটর গাজী এমএইচ তামিম, ফারুক আহাম্মদ ও মঈনুল করিম। টানা পাঁচদিনের যুক্তিতর্কে একাত্তর পরবর্তী আওয়ামী লীগের ইতিহাসসহ ২০০৯ থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত শেখ হাসিনা সরকারের শাসনামলের চিত্র তুলে ধরেন প্রসিকিউশন। গুম-খুন, হত্যাকাণ্ডের বর্ণনাও দেওয়া হয়। উপস্থাপন করা হয় বিভিন্ন তথ্য-উপাত্ত। মামলার মোট ২৮ কার্যদিবসে ৫৪ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ ও জেরার কার্যক্রম সম্পন্ন হয় ৮ অক্টোবর। গত ১০ জুলাই শেখ হাসিনা, আসাদুজ্জামান কামাল ও চৌধুরী মামুনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন ট্রাইব্যুনাল। এ মামলায় তাদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের পাঁচটি অভিযোগ এনেছেন প্রসিকিউশন। আনুষ্ঠানিক অভিযোগ মোট ৮ হাজার ৭৪৭ পৃষ্ঠার। এর মধ্যে তথ্যসূত্র ২ হাজার ১৮ পৃষ্ঠার। জব্দতালিকা ও দালিলিক প্রমাণাদি ৪ হাজার পাঁচ পৃষ্ঠার এবং শহীদদের তালিকার বিবরণ দুই হাজার ৭২৪ পৃষ্ঠার। সাক্ষী করা হয়েছে ৮১ জনকে। গত ১২ মে চিফ প্রসিকিউটরের কাছে এ মামলার প্রতিবেদন জমা দেয় ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা।

## গোপনে উপদেষ্টার ভারত সফরে তোলপাড়

৬৪ পৃষ্ঠার পর

ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন। তিনি ও তার স্বামী কবি, লেখক ও মানবাধিকার কর্মী ফরহাদ মজহার গোপনে ভারত সফর করেন। সম্মেলনে যাবার কথা থাকলেও তারা পরবর্তীতে বিভিন্ন স্থান গিয়েছেন বলে জানা যায়। প্রথমে ভারতের হায়দরাবাদে একটি সম্মেলনে ফরহাদ মজহার ও ফরিদা আখতার অংশগ্রহণ করেন বলে সূত্রে জানা গেছে। প্রধান উপদেষ্টা ড. ইউনূস জাতিসংঘের সম্মেলনে অংশগ্রহণের সময় উপদেষ্টা ফরিদা আখতার গত ২১ সেপ্টেম্বর নিউইয়র্কে তার সফর সঙ্গী হিসেবে আসেন এবং ৯ দিনের ওই সফরে ফরিদা আখতার নিউইয়র্কে তার আত্মীয়দের সাথে সময় কাটান বলে জানা যায়।

তাদের ভারত সফরের দুই সপ্তাহ আগে ৪ অক্টোবর ঢাকাস্থ ভারতীয় দূতাবাসের উদ্যোগে, ভারত সরকারের খরচে ২৩ জন সাংবাদিককে দিল্লী নিয়ে যাওয়া হয় 'প্রশিক্ষণ' দেওয়ার নাম করে। ঢাকার মিডিয়ায় অত্যন্ত পরিচিত এই সাংবাদিকরা ভারত সরকারের আপ্যায়ন গ্রহণ করে দিল্লী থেকে মোম্বাই হয়ে ঢাকা ফেরেন। এ সময় ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিস্ত্রী তাদের সঙ্গে দেখা করে আনুষ্ঠানিক বক্তব্যে ভারত সরকারের 'বাংলাদেশ সম্পর্কিত পলিসি' তুলে ধরে দীর্ঘ বক্তব্য রাখেন। তিনি বাংলাদেশে নির্বাচন নিয়েও ভারত সরকারের মনোভাবের চিত্র জানিয়ে বলেন, 'বাংলাদেশে ঘোষিত সময়ের মধ্যেই দ্রুত নির্বাচন দরকার। ভারত নির্বাচিতদের সাথেই কাজ করার প্রস্তুতি রেখে চলেছে। এছাড়া নিবিড়ভাবে বাংলাদেশ পরিস্থিতি আমরা পর্যবেক্ষণ করছি।' ডিপ্লোমেটিক করেসপন্ডেন্ট অ্যাসোসিয়েশন বাংলাদেশ (ডিকাব) -এর ২৩ সদস্যের অভিজ্ঞ সাংবাদিকদের দিল্লীতে নিয়ে ওই প্রশিক্ষণ দেয়া একমাত্র উদ্দেশ্য ছিল কি-না তা নিয়ে নানা প্রশ্ন জেগেছে।

২০২৪ সালের ২৭ আগস্ট গঠিত গুম সম্পর্কিত তদন্ত কমিশনের নূর খান লিটন বিমান বাংলাদেশ ফ্লাইটে (বিজি-৩৯৭) ২০শে অক্টোবর সপ্তাহব্যাপী সফরের জন্য ঢাকা থেকে নয়াদিল্লি গিয়েছেন বলে জানা যায়। নূর খান লিটন ২১ থেকে ২৬ অক্টোবর পর্যন্ত ভারতের রাজধানী দিল্লীতে অবস্থান করবেন এবং তাঁর ব্যক্তিগত কাজ সম্পন্ন করবেন। এদিকে নূর খানের দিল্লী সফরকে ঘিরে ঢাকায় প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়েছে, শেখ হাসিনা প্রধানমন্ত্রী থাকাকালীন ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত জোরপূর্বক গুম ও নিখোঁজ হওয়ার ঘটনা নথিভুক্ত করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা তিনি পালন করেছেন। নূর খান ভারত থেকে স্থলপথে বাংলাদেশে ফিরে আসবেন। ২৭ অক্টোবর বেলা ১১-৩০ মিনিটে বেনাপোল (বাংলাদেশ) ইমিগ্রেশন চেকপোস্টে পৌঁছানোর কথা রয়েছে।

নূর খান লিটন ছাড়াও ওই কমিশনের অন্য সদস্যরা হলেন ফরিদ আহমেদ শিবলী, নাবিলা ইদ্রিস, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং মানবাধিকার কর্মী সাজ্জাদ হোসেন। ২০২৫ সালের জুন মাসে বাংলাদেশের মন্ত্রিপরিষদ বিভাগ কমিশনের মেয়াদ ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি করে। বাংলাদেশি নাগরিকদের নিখোঁজ ও গুম হওয়ার ঘটনায় ভারতীয়দের হাত রয়েছে বলে অভিযোগ রয়েছে।


# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
## আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton
এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার প্লাম্বিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

# ১২ লাখে খুন হন সালমান শাহ!

## মামলার নতুন মোড়, আসামির জবানবন্দিতে বেরিয়ে এলো রহস্য

আজকাল বিনোদন



বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি নায়ক সালমান শাহের রহস্যজনক মৃত্যু প্রায় তিন দশক পর নতুন মোড় নিয়েছে। দীর্ঘ সময় পর এ মৃত্যু মামলা এখন হত্যা মামলায় রূপ নিয়েছে। আদালত ইতোমধ্যে সালমান শাহের সাবেক স্ত্রী সামিরা হকসহ ১১ জনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছে।
একই সঙ্গে মামলার আসামিদের দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করেছে রমনা থানা পুলিশ এবং এ বিষয়ে ইমিগ্রেশন কর্তৃপক্ষকে চিঠি পাঠানো হয়েছে। এদিকে ১৯৯৭ সালে আসামি রেজভী আহমেদ ফরহাদের দেওয়া জবানবন্দি আবারও আলোচনায় এসেছে। সেই জবানবন্দিতে রেজভী দাবি করেন, "আমরাই সালমান শাহকে হত্যা করেছি, আর সেটিকে আত্মহত্যা হিসেবে সাজানো হয়েছে।"
তার বক্তব্য অনুযায়ী, এই হত্যাকাণ্ডে সামিরা হক, তার মা লতিফা হক লুসি ও পরিবারের আরও কয়েকজন সরাসরি জড়িত ছিলেন।
১২ লাখ টাকার 'খুনের চুক্তি': রেজভীর ১৬৪ ধারায় দেওয়া জবানবন্দি অনুযায়ী, সালমান শাহকে হত্যা করা হয় ১২ লাখ টাকার বিনিময়ে। এই চুক্তি করেছিলেন নায়কের শাশুড়ি লতিফা হক লুসি। পরিকল্পনায় যুক্ত ছিলেন বাংলা সিনেমার খলনায়ক ডন, ডেভিড, ফারুক ও জাভেদ।
রেজভীর বর্ণনা অনুযায়ী, ১৯৯৬ সালের ৫ সেপ্টেম্বর রাতে গুলিস্তানের এক বারে বৈঠক হয়। সেখানে উপস্থিত ছিলেন ডন, ডেভিড, ফারুক, জাভেদ ও রেজভী। পরে সেখানে যোগ দেন হাতার ও সাজু নামের আরও দুই ব্যক্তি। বৈঠকে ফারুক ২ লাখ টাকা দেখিয়ে বলেন, "এই টাকা দিয়েছে সামিরার মা, পুরো কাজের দাম ১২ লাখ।" এ নিয়ে ডন ও ফারুকের মধ্যে তর্ক বাধে। কিছুক্ষণ পর ফারুক আরও ৪ লাখ টাকা নিয়ে ফিরে আসেন এবং জানানড়কাজের আগে ৬ লাখ, কাজ শেষে ৬ লাখ দেওয়া হবে। এরপর তারা হত্যা পরিকল্পনা চূড়ান্ত করে দড়ি, সিরিঞ্জ ও রিভলভারসহ প্রয়োজনীয় জিনিস সংগ্রহ করে।
রেজভীর মতে, ৫ সেপ্টেম্বর রাত আড়াইটায় ডন, ডেভিড, ফারুক ও আজিজ মোহাম্মদ ভাই সালমান শাহের বাসায় প্রবেশ করেন। সালমান তখন ঘুমিয়ে ছিলেন। রেজভীর দাবি, সামিরা নিজ হাতে সালমানের মুখে ক্লোরোফর্ম দেন, ফলে তিনি অজ্ঞান হয়ে পড়েন। কিছুক্ষণ পর জ্ঞান ফেরার পর ধস্তাধস্তি শুরু হয়। এ সময় আজিজ ভাই সালমানের শরীরে ইনজেকশন পুশ করার নির্দেশ দেন। এরপর সালমান শাহকে এরপর ৩৬ পৃষ্ঠায়



## গোপনে বিয়ের গুঞ্জন যা বললেন ববি

আজকাল বিনোদন

ঢালিউড অভিনেত্রী ইয়ামিন হক ববি সম্প্রতি অস্ট্রেলিয়া সফর শেষে দেশে ফিরেছেন। ফেরার পরই তিনি ব্যস্ত হয়ে পড়েছেন বদিউল আলম খোকন পরিচালিত নতুন সিনেমা 'তছনছ'-এর শুটিং নিয়ে। এতে তার সহশিল্পী আছেন প্রযোজক মুন্না খান। আরও আছেন খল-অভিনেতা মিশা এরপর ৫৩ পৃষ্ঠায়



## ফের বিয়ে করেছেন নগর বাউল জেমস

### কনে আমেরিকা প্রবাসী নামিয়া আমিন



আজকাল বিনোদন

ফের বিয়ে বন্ধনে আবদ্ধ হলেন ব্যান্ড সঙ্গীতের গুরু নগর বাউল জেমস। কনে আমেরিকা প্রবাসী নামিয়া আমিন। আর বর্তমানে তিনি নামিয়া আনাম। দেশের সবচেয়ে জনপ্রিয় এই ব্যান্ডতারকার এটি তৃতীয় বিয়ে। জেমস-নামিয়ার পরিচয় ২০২৩ সালে লস অ্যাঞ্জেলেসে। নগর বাউলের তখন আমেরিকা ট্যুর চলছিল। লস অ্যাঞ্জেলেসের সেইশো'তে নামিয়ার সাথে পরিচয় আর ঘনিষ্ঠতা অবশেষে পরিণয়ে গড়ায়। আমেরিকা ট্যুর শেষে জেমস ফিরে আসেন বাংলাদেশে। কিছুদিন যেতেই মনের টানে নামিয়াও ছুটে আসেন। তারপর ২০২৪ সালের ১২ জুন বিয়ের গাঁটছড়া বাঁধেন। এরপর থেকে জেমসের ঢাকার বনানীর বাসাতেই বাস করছেন দুজনেই। এরইমধ্যে আসে দারুণ এক সুখবর। ২০২৫ সালের ৮ জুন জেমস-নামিয়ার সংসারকে আলোকিত করে নিয়ইয়র্কের হাসিং টং এরপর ৫৩ পৃষ্ঠায়



## এক সিনেমার জন্য আরেকটি ছাড়লেন সাবিলা নূর



আজকাল বিনোদন

শাকিব খানের সঙ্গে 'তাণ্ডব' সিনেমার মাধ্যমে বড়পর্দায় অভিষেক হয় সাবিলা নূরের। যদিও বড় হিরোর সঙ্গে করা ওই ছবিতে নিজেকে মেলে ধরার সুযোগ তার তেমন ছিল না। তাই ছোটপর্দার এই অভিনেত্রীকে নিয়ে অনেকের আগ্রহ ছিল, আবার কবে একটি সুযোগ আসবে তার সামনে। চলচ্চিত্র সংশ্লিষ্ট সূত্র জানা গিয়েছিল 'রাক্ষস' নামে একটি নতুন ছবিতে যুক্ত হয়েছেন সাবিলা নূর। কিন্তু হঠাৎ জানা গেল ছবিটি ছেড়ে দিতে হয়েছে তাকে। কিন্তু কেন?
'রাক্ষস' পরিচালনা করছেন 'বরবাদ' দিয়ে পরিচিতি পাওয়া মেহেদী হাসান। ছবির শুটিং শুরু হওয়ার কথা চলতি বছরের ডিসেম্বর মাসে। ছবিতে সাবিলার বিপরীতে অভিনয় করবেন সিয়াম আহমেদ, তেমনটিই চূড়ান্ত হয়েছিল। কিন্তু একই সময়ে শুটিং শুরু হবে সেরকম এক ছবিতেও যুক্ত হয়েছিলেন সাবিলা। নতুন ওই সিনেমার নাম 'বনলতা এক্সপ্রেস'। ছবিটি পরিচালনা করছেন তানিম নূর। বেশ আগে ছবিতে চুক্তিবদ্ধ হয়েছিলেন সাবিলা নূর। এ ছবির শুটিংয়ের ডিসেম্বর মাসে শুরু হওয়ার কথা। একসঙ্গে দুটি ছবির শুটিং করবেন না সাবিলা! তাই 'বনলতা'র জন্য 'রাক্ষস' এরপর ৫৩ পৃষ্ঠায়

## সালমানের সঙ্গে বিচ্ছেদ প্রসঙ্গে কেন চুপ ছিলেন ঐশ্বরিয়া

আজকাল বিনোদন

২০০২ সালে সালমান খানের সঙ্গে ঐতিহাসিক বিচ্ছেদের পর ঐশ্বরিয়া রাই একটিও শব্দ উচ্চারণ করেননি। আর এর পেছনে ছিল তার ব্যক্তিত্ব ও মর্যাদাবোধ। এমনটাই দাবি করেছেন নির্মাতা প্রহ্লাদ কাক্কর।



কাক্কর বলেন, 'নীরবতা ছিল তার (ঐশ্বরিয়া) শক্তি এবং তিনি জীবনের শুরুর দিকেই তা বুঝে গিয়েছিলেন।'
সংবাদ সংস্থা এএনআই-কে দেওয়া এক সাক্ষাৎকারে প্রহ্লাদ কাক্কর ২০০২ সালে ঐশ্বরিয়া-সালমানের বহুল আলোচিত সম্পর্কচ্ছেদের প্রসঙ্গ টানেন। সেখানে তিনি বলেন, 'ঐশ্বরিয়া খুব ইনট্রোভার্ট পারসন। তিনি সবার সামনে খোলামেলা নন। তার খুব সীমিত কিছু বন্ধু আছে, যাদের তিনি বিশ্বাস করেন, শুধু তাদের সঙ্গেই তিনি মন খুলে কথা বলেন। অন্যথায়, তিনি খুবই সাবধানী। আর যখন মিডিয়া কারও নাগাল পায় না, তখনই তারা খারাপভাবে কথা বলতে শুরু করে।'
ঐশ্বরিয়া কেন বিচ্ছেদের পরও চুপ ছিলেনড়সে বিষয়ে কাক্কর আরও স্পষ্ট করে বলেন, 'কারণ সেটাই তার মর্যাদা। তিনি বুঝেছিলেন, নীরবতাই তার সম্মান ও শক্তি। এই নীরবতাই মিডিয়াকে অস্বস্তিতে ফেলেছিল। তারা বারবার চেষ্টা করেছে ঐশ্বরিয়াকে অপমান ও আক্রমণ করতে, যেন তিনি কোনও প্রতিক্রিয়া দেন। কিন্তু তিনি কখনও তা করেননি।'
সাক্ষাৎকারে তিনি আরও যোগ করেন, "সালমান খান 'কঠিন মানুষ', যার 'অনেক ব্যক্তিগত এরপর ২৬ পৃষ্ঠায়

## বাংলাদেশের ইংরেজি ছবি মুক্তি পাচ্ছে যুক্তরাষ্ট্রে



আজকাল বিনোদন

বাংলাদেশে নির্মিত প্রথম ইংরেজি ছবি 'ডট' দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পায় গত ৫ সেপ্টেম্বর। ছবিটি পরিচালনা করেছেন বড়ুয়া সুনন্দা কাঁকন। বর্তমানে এ ছবিটি যুক্তরাষ্ট্রের ১৫ রাজ্যে মুক্তি দেবার প্রস্তুতি চলছে।
নির্মাতা নিশ্চিত করেন, আগামী ৭ নভেম্বর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যের এএমসি ইউনিভার্সাল স্টুডিওতে মুক্তি পাবে 'ডট'। পর্যায়ক্রমে টেক্সাস, নিউইয়র্ক, ম্যাকলিনসহ ১৫টি অঙ্গরাজ্যে ছবিটি প্রদর্শিত হবে। সিনেমাটির দৈর্ঘ্য ২ ঘণ্টা ৮ মিনিট। অভিনয় করেছেন গ্রুপ থিয়েটারের একঝাঁক শিল্পী। বড়ুয়া মনোজিত ধীমন প্রযোজিত ডট ছবিতে অভিনয় করেছেন প্রযোজক নিজেই। আরও আছেন পরী, রাজিবুল ইসলাম, সোনিয়া পারভীন শাপলা, মামুন, মোস্তাফিজুর রহমান, এরপর ২৮ পৃষ্ঠায়

# আপনার কি Medicaid আছে?

তাহলে আপনি পেতে পারেন সামাজিক কিছু গুরুত্বপূর্ণ সুবিধা!

## এখন ASHO

নিউইয়র্ক সিটির WholeYouNYC SCN -এর অংশীদার হয়ে কাজ করছে।

### WholeYouNYC SCN কী?

WholeYouNYC SCN হলো নিউ ইয়র্ক সিটির একটি স্বাস্থ্য ও মানবসেবা ভিত্তিক প্ল্যাটফর্ম।
এখানে একজন ব্যক্তির শারীরিক, মানসিক ও সামাজিক প্রয়োজন একত্রিতভাবে দেখা হয়।

### Social Care Network (SCN)-এর মাধ্যমে আপনি যেসব সেবা পেতে পারেন

**স্বাস্থ্যসেবা**
- প্রাথমিক চিকিৎসা
- স্পেশালিস্ট রেফারেল

**মানসিক স্বাস্থ্য**
- থেরাপি ও কাউন্সেলিং
- মানসিক রোগ ব্যবস্থাপনা

**আবাসন সহায়তা**
- বাসস্থান ও আশ্রয়
- রেন্টাল সহায়তা

**খাদ্য সহায়তা**
- ফুড প্যান্ট্রি
- SNAP (ফুড স্ট্যাম্প)

**আইন ও সামাজিক সেবা**
- ইমিগ্রেশন সহায়তা
- স্বাস্থ্য বীমা ও বেনিফিট আবেদন

**ভাষা সহায়তা**
- দোভাষী ও
- অনুবাদ সেবা

### কিভাবে যুক্ত হবেন WholeYouNYC SCN-এ?

- আপনি উপযুক্ত কি না যাচাই করে আমরা রেফার করতে পারি।
- কমিউনিটি ইভেন্ট ও হেলথ ফেয়ারে অংশগ্রহণ করে।
- সরাসরি যোগাযোগ করে।

### আপনি যোগ্য কি না জানতে চান?

আপনার Medicaid কার্ড নিয়ে চলে আসুন বা ফোনে যোগাযোগ করুন
আমরা যাচাই করে জানিয়ে দেবো আপনি এই সেবা পেতে পারেন কি না।

## সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক এবং নিউইয়র্ক স্টেটের বিভিন্ন বেনিফিটস পেতে করণীয়
## যোগ দিন এ বিষয়ক সেমিনারে

স্থান: Jewish Center of Jackson Heights
ঠিকানা: 37-06 77th St, Jackson Heights, NY 11372
তারিখ ও সময়: শুক্রবার, ৭ নভেম্বর, সন্ধ্যা ৭টা
অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত

এ ছাড়া যেকোন সময় যোগাযোগ করুন

**Autism Society Habilitation Organization (ASHO)**
ঠিকানা: 160-01 Hillside Avenue, Jamaica, NY 11432
ফোন: (347) 957-3632
ইমেইল: rubaiya@asho-ny.org
ওয়েবসাইট: www.asho-ny.org

Proud Partner of
WholeYouNYC


First Time in NY
COMMUNITY
CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
300' ROAD
যোগাযোগঃ ATM Salah Uddin , Cell: 929-462-2170, Md Motizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


UB
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
**PRODUCTION SERVICES**

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

WIN ZONE Realty Inc.
**WIN ZONE** REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**



রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর

**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
**Low Income, No Problem**

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



# আবারো ক্ষমা চাইল জামায়াত

৬৪ পৃষ্ঠার পর

আজহারুল ইসলাম যখন কারামুক্ত হলেন তখন আমি বলেছি, শুধু একাত্তর নয়, ১৯৪৭ সাল থেকে শুরু করে জামায়াতের দ্বারা কারও যদি ক্ষতি হয়ে থাকে তাহলে নিঃশর্ত ক্ষমা চাই। আজকের দিন পর্যন্ত আমরা ভুল করিনি এ কথা বলবো কীভাবে? জামায়াতের মানুষের দ্বারা পরিচালিত একটি রাজনৈতিক সংগঠন। এ সংগঠনের ১০০টির মধ্যে ৯৯টি সিদ্ধান্ত সঠিক, একটি তো বেঠিক হতে পারে। সেই বেঠিক সিদ্ধান্তের কারণে জাতির তো কোনো ক্ষতি হতে পারে। সেক্ষেত্রে আমার মাফ চাইতে অসুবিধা কোথায়। এখন মাফ চাওয়ার পরে বলে, এই ভাষায় চাইলে হবে না, ওই ভাষায় চাইতে হবে। বিনা শর্তে মাফ চাইলাম, কোনো শর্ত দিলাম না, তারপর আর বাকি থাকে কোথায়?'




জুলাই সনদ সাক্ষর নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, জুলাই সনদের আইনি ভিত্তি লাগবে। তাহলে জনগণের অধিকার আদায় হবে। জুলাই সনদের ভিত্তিতে নির্বাচন হলে জনগণের প্রত্যাশা পূরণ হবে। একই দিন জাতীয় ও জুলাই সনদের নির্বাচন হলে বুমেরাং হতে পারে। আগে গণভোট পরে জাতীয় নির্বাচন হতে হবে। তবে, নির্বাচন ফেব্রুয়ারি মাসেই হবে ইনশাআল্লাহ।

জুলাই সনদ নিয়ে নতুন দল এনসিপি জামায়াতের বিরুদ্ধে বক্তব্য নিয়ে তিনি বলেন, ওরা ছোট মানুষ ওরা রাজনীতি শিখছে। আন্দোলনে তাদের অনেক ভূমিকা ও অবদান আছে। তারা ছোট ভাই-বোন, অভিমান করে কিছু বললেও তাদের উপর কঠোর হওয়া উচিত হবে না। অভিজ্ঞতা এবং বয়সের কারণে তাদেরকে সুযোগ দেয়া উচিত। রাজনীতি করলে সমালোচনা সহ্য করতে হবে।



পিআর নিয়ে তিনি বলেন, পিআর নিয়ে জনমত তৈরি করছে জামায়াত। জনগণ যদি চায় তাহলে হবে। ২৪টি উন্নত দেশসহ বিশ্বের ৯১টি দেশে পিআর পদ্ধতি চালু রয়েছে। ক্ষমতার ভারসাম্য রক্ষায় এটা গুরুত্বপূর্ণ। পিআরের ক্ষেত্রে এক দেশের সাথে অন্য দেশের ভিন্নতা আছে। পিআরের কোন পদ্ধতি বাংলাদেশের জন্য উপযুক্ত তা নিয়ে আলোচনা হতে পারে। সংস্কারসহ বিভিন্ন বিষয়ে জামায়াতের দাবি রয়েছে। যৌক্তিক প্রমাণিত হওয়ার পরও যদি মেনে না নেয়া হয় তাহলে জামায়াত নির্বাচনে যাবে কিনা তা চিন্তা করবে।



প্রবাসীদের কাছে চাওয়া বিষয়ে জামায়াত আমীর বলেন, আপনাদের শুধু অর্থ দেশে পাঠালেই হবে না। দেশ গঠনে আপনাদের ভূমিকা রাখতে হবে। আপনাদের অভিজ্ঞতা আমরা কাজে লাগাতে চাই। কারণ আপনারা বিশ্ব সভ্যতাকে দেখেন। সে ভিত্তিকে আপনাদের পরামর্শ দেশের কাজে আসবে। বাংলাদেশ দূতাবাসগুলো প্রবাসিদের জন্য তেমন কাজ করে না। এটি দুঃখজনক। প্রবাসে যারা আছেন, একসাথে বসতে হবে। জাতির স্বার্থে এক সাথে কাজ করতে হবে। আমাদের নিয়ে আরো সমালোচনা করতে হবে। তবে তা যেনো জাতি গঠনে ভূমিকা রাখে। প্রবাসিদের ভোটাধিকার আমরাই প্রথম দাবি জানিয়েছি। আপনারা রেমিট্যান্স যোদ্ধা। ভোটাধিকার পেলে সব দাবিই বাস্তবায়ন হবে। সবাই ভোট দিলেই আপনারা গুরুত্ব পাবেন। নাগরিকত্ব থাকলেই তার ভোটাধিকার থাকতে হবে।



সরকারে এলে জামায়াত কি করবে, কেমন দেশ হবে, এমন প্রশ্নের জবাবে শফিকুর রহমান বলেন, আল্লাহ যদি জামায়াতকে দায়িত্ব দেন তাহলে সবার আগে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করবো। এটি আসলে কোন ভালো শিক্ষা ব্যবস্থা নয়। কাজের সাথে শিক্ষার সম্পর্ক থাকবে। ক্ষমতায় গেলে দুর্নীতির বিরুদ্ধে কাজ করবো। ন্যায় বিচার প্রতিষ্ঠা করবো। দুর্নীতি সাথে কোন আপোষ নয়। দুনিয়ায় সবার সাথে আমাদের ভালো সম্পর্ক থাকবে। এসব নির্মূল করতে গেলে আমাদের হিমালয়ের সমান বাধা পেরুতে হবে। জামায়াত ক্ষমতায় গেলে বাংলাদেশ বাংলাদেশই হবে। সেখানে দল-ধর্মের ভিত্তিতে বিভক্তি থাকবে না। বৈষম্য থাকবে না, প্রত্যেক নাগরিক পাবে সমান অধিকার ।

ভারতের সাথে বাংলাদেশ করা চুক্তি বাতিল প্রসঙ্গে তিনি বলেন, শুধু ভারত নয় বিশ্বের অনেক দেশের সাথেই বাংলাদেশের চুক্তি রয়েছে। চুক্তি হবে ন্যায্যতার ভিত্তিতে, সমতার ভিত্তিতে, সম্মানের ভিত্তিতে। তবে, চাইলে কোন চুক্তি সহজে বাতিল করা যায় না। তাই কোন দেশ বিরোধী চুক্তি থাকলে তা নিয়ে পর্যালোচনা করে বের করা হবে। তার সমাধান নিয়ে ঐ দেশের সাথে চিঠি আদানপ্রদান এবং দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে একটা সিদ্ধান্তে পৌঁছাতে হবে।

বিএনপি বা অন্য কারো সঙ্গে নির্বাচনি জোট নিয়ে তিনি বলেন, ভিন্ন দুটি রাজনৈতিক দল। মতাদর্শ ভিন্ন। তাই অনেক ক্ষেত্রে মতের মিল থাকে, পার্থক্যও থাকে। কিন্তু জামায়াত সব পক্ষকেই সম্মান করে, এমনকি যিনি সমালোচনা করেন তাকেও। তবে বিএনপির সঙ্গে নয়, ইসলামি দলগুলোর সাথে আমাদের নির্বাচনি জোট হতে পারে।

মানবতাবিরোধী অপরাধের দায়ে সেনা অফিসারদের আটক প্রসঙ্গে তিনি বলেন, আমরা আইনের শাসন চাই। অপরাধী যত বড়ই হউক না কেন তিনি আইনের উর্ধ্বে নন। তার পরিচয় তিনি অপরাধী। কতিপয় সেনা অফিসার এরজন্য দায়ী গোটা বাহিনী কোনভাবেই দায়ী হতে পারে না। তবে যে কেউ অপরাধ করলে তার স্বচ্ছ ও ন্যায় সঙ্গত বিচার হোক। সেখানে ভিকটিম পাবে তাদের ন্যায় বিচার।



# হাজারো বাংলাদেশি আত্মগোপনে

১ পৃষ্ঠার পর



অ্যাটর্নির কাছ থেকে ফিরছিলেন। অপারেশনটি বেলা তিনটার দিকে শুরু হয়। আইন এজেন্টরা জাল পণ্য বিক্রেতাদের দৌড়িয়ে গ্রেপ্তার করেছে। তারা রাস্তার নকল পণ্য বিক্রেতাদের গ্রেপ্তার করতে সেখানে যাচ্ছিল বলে হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তা জানিয়েছেন। অভিযানের সময় নিউ ইয়র্কবাসীরা তাদের সেলফোন বের করে আইস অপারেশন রেকর্ড করতে শুরু করে। কিছু দর্শক এজেন্টদের দিকে চিৎকার করে, গ্রেপ্তারকে 'ঘৃণা' বলে তারা অভিহিত করে এবং একজন ব্যক্তিকে মাটিতে ফেলে দেওয়ার সময় তাদের থামার দাবি জানাতে থাকেন উপস্থিত নগরবাসি।

সূত্রে জানা যায়, মঙ্গলবার দিন এজেন্টরা যখন একজন আফ্রিকান পণ্য বিক্রেতাকে গ্রেপ্তার করতে যায়, তখন মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠে। কেউ কেউ আইস এজেন্টদের চিৎকার করে নাৎসিদের সাথে তুলনা করে এবং তাদের ফ্যাসিস্ট বলে অভিহিত করে প্রতিবাদ জানায়। আইস এজেন্টরা তাদের গাড়িতে যাওয়ার সাথে সাথে নিউ ইয়র্কবাসীরা রাস্তায় ছুটে আসে। এজেন্টরা তখন লোকজনকে ধাক্কা দিতে দিতে মাটিতে ফেলে দিতে শুরু করে। এর ফলে আরও ক্ষুব্ধ দর্শকরা জনতার সঙ্গে যোগ দেয় এবং আইস এজেন্টদের ওপর চড়াও হয়। রাস্তার মানুষ আইস এজেন্টদের অনুসরণ করে ২৬ ফেডারেল প্লাজায় যায়। সেখানে সাম্প্রতিক মাসগুলোতে অনেক অভিবাসীকে আটক করা হয়েছিল। নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের সভাপতি ও সিইও মুরাদ আওয়াদেহ আমা নিউইয়র্ককে বলেন, এটি কাউকে নিরাপদ করে তোলে না। এটি আসলে প্রত্যেককে অনেক বেশি অনিরাপদ করে তোলে যখন লোকেরা মনে করে যে তারা তাদের সমস্যা নিয়ে পুলিশ বা আইন প্রয়োগকারীদের কাছে যেতে পারে না। এদিকে বাফেলো শহরে হামলা চালিয়ে গেল সপ্তাহে ৪৫ বছর বয়স এক বাংলাদেশি মহিলাকে তুলে নিয়ে গেছে আইস পুলিশ।

# বিসিবির কোচ হওয়ার প্রস্তাব পেলেন আশরাফুল

৫২ পৃষ্ঠার পর

মাস পর্যন্ত জাতীয় দলের দায়িত্বে থাকবেন সালাউদ্দিন। গেল এক বছর তার অধীনে ব্যাটাররা ফর্মহীনতায় ভুগছেন। ব্যর্থতার শেষই যেন হচ্ছে না। সবশেষ এশিয়া কাপ, আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজ হারের পর সালাউদ্দিনের সামর্থ্য নিয়ে প্রশ্ন উঠেছে। যে কারণে তার জায়গায় নতুন করে ব্যাটিং কোচ খোঁজার চেষ্টা শুরু করেছে বিসিবি। পরবর্তী বোর্ড সভায় এ ব্যাপারে আলোচনা হবে বলে একজন পরিচালক নিশ্চিত করেছিলেন আগেই।

নিজের ক্রিকেট ক্যারিয়ারে সালাউদ্দিন ছিলেন মিডিয়াম পেস বোলার। তবে বর্তমানে দায়িত্ব সামলাচ্ছেন ব্যাটিং কোচের।



# ঐক্যের অভিযাত্রায় ব্রংকস কমিউনিটি

১ পৃষ্ঠার পর

ভোট দিতে গেলে অনায়াসেই বাংলাদেশি একজন অ্যাসেম্বলিম্যান নির্বাচিত হতে পারেন। আসন্ন নির্বাচনে এবার ৩ প্রবাসী বাংলাদেশি এ আসনে নির্বাচন করতে আগ্রহ প্রকাশ করেন। তারা হলেন সিপিএ জাকির চৌধুরী, কমিউনিটি এক্টিভিস্ট জামাল হুসেইন ও রাজনীতিক ইমরান এম শাহ রন। কিন্তু স্থানীয় কমিউনিটির লোকজন একক প্রার্থীতার গুরুত্ব অনুভব করেন। তারা বসেন আলোচনায়। গঠিত হয় একক প্রার্থী বাছাইয়ে সমন্বয় কমিটি। নেতৃত্বে থাকেন এম এন মজুমদার,ওয়াহিদ জাকি ও ভিটেকটিভ মামুন। পরে এ প্রক্রিয়ার সাথে প্রায় ৫০ জন কমিউনিটি সদস্য সম্পৃক্ত হন। তারা একাধিকবার বৈঠক করে ঐকমত্যের কাছাকাছি চলে আসেন।

তাদের উদ্যোগেই ব্রংকসের বাংলাদেশি-আমেরিকান কমিউনিটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করলো। নিউ ইয়র্ক স্টেটের ডিস্ট্রিক্ট-৮৭ থেকে অ্যাসেম্বলিম্যান পদে লড়াই করার ঘোষণা দিয়েছিলেন তিন জন প্রবাসী বাংলাদেশি-আমেরিকান । আশঙ্কা ছিল-একই পদে একাধিক প্রার্থী দাঁড়ালে ভোট বিভক্ত হয়ে যাবে। শেষ পর্যন্ত কেউই জয়ের মুখ দেখবেন না। তবে এবার ঘটেছে ব্যতিক্রম।

'ব্রংকস বাংলাদেশি কমিউনিটি- ঐক্যবদ্ধ প্রার্থী' ব্যানারে আয়োজিত এক ঐতিহাসিক বিতর্ক সভায় তিন প্রার্থীই অংশ নেন। আয়োজিত দুই ঘণ্টাব্যাপী এই সভায় তারা নিজেদের ভাবনা, কর্মপরিকল্পনা ও ভবিষ্যৎ ভিশন তুলে ধরেন। প্রার্থীরা ইংরেজি ভাষায় বিতর্কে অংশ নেন। উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত এই বিতর্কে উপস্থিত ছিলেন প্রার্থীদের সমর্থক ও কমিউনিটির বিশিষ্টজনেরা। বিতর্কটি পরিচালনার দায়িত্বে ছিলেন সাংবাদিক শামীম আল আমিন। তিনি সম্পূর্ণ নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করেন। পরিশেষে ইলেকট্রনিক ভোটিংয়ের মাধ্যমে বিজয়ী হিসেবে নির্বাচিত হন সিপিএ জাকির চৌধুরী। অপর দুই প্রার্থী জামাল হুসেইন এবং ইমরান এম. শাহ ভোটের ফলাফল মেনে নিয়ে জাকির চৌধুরীকে বিজয়ী করতে একসঙ্গে কাজ করার অঙ্গীকার করেন।

এই দৃশ্যটি উপস্থিত সবার হৃদয় ছুঁয়ে যায়। ঐক্য, শ্রদ্ধা ও গণতন্ত্রের প্রকৃত সৌন্দর্যের এক জীবন্ত উদাহরণ হয়ে ওঠে সেই মুহূর্ত অনেকেই বলেছেন, এটি শুধু একটি "বিতর্ক অনুষ্ঠান" নয়। বরং উপস্থিত দর্শকরা বলেন, এই ঘটনা প্রমাণ করেছে মতের ভিন্নতা থাকলেও ঐক্যবদ্ধ থাকা সম্ভব।এটি সত্যিই ব্রংকস কমিউনিটির গর্ব।"



# আপার ডার্বিতে বাংলাদেশি প্রার্থীদের পরিচিতি সভা

৬৪ পৃষ্ঠার পর




আতিক হোসেন- স্কুল বোর্ড ডিস্ট্রিক্ট পদ ও সায়মা দিশা-৭ম ডিস্ট্রিক্ট কাউন্সিলর।

চার শতাধিক বাংলাদেশির উপস্থিতিতে অনুষ্ঠানটি পরিণত হয় এক উৎসবমুখর মিলনমেলায়। উপস্থিত ছিলেন কমিউনিটির বিভিন্ন স্তরের নেতা, তরুণ প্রজন্ম, নারী সংগঠক ও মূলধারার রাজনীতিবিদরা।

অনুষ্ঠানটি দুই পর্বে অনুষ্ঠিত হয়। প্রথম পর্ব পরিচালনা করেন সাইফুল ইসলাম, দ্বিতীয় পর্ব পরিচালনা করেন প্রাক্তন কাউন্সিলর শেখ সিদ্দিক।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া এই অনুষ্ঠানে বক্তারা বলেন, "দল-মত নির্বিশেষে যোগ্য প্রার্থীদের বিজয়ের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির মর্যাদা আরও উজ্জ্বল করতে হবে।"


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to
PCA & HHA
Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# বড় জয়ে সিরিজ বাংলাদেশের

## তৃতীয় ম্যাচে পাত্তাই পেল না ওয়েস্ট ইন্ডিজ

আজকাল স্পোর্টস



প্রথম ওয়ানডে জিতে সিরিজে লিড নিয়েছিল বাংলাদেশ। পরের ম্যাচে সুপার ওভারে হেরে যায় টাইগাররা। তবে তৃতীয় ম্যাচে পাত্তাই পেল না ওয়েস্ট ইন্ডিজ। ব্যাটে-বলে পারফর্ম করে ১৭৯ রানের বড় জয় পেয়েছে মেহেদি হাসান মিরাজের দল। এই জয়ে ২-১ ব্যবধানে সিরিজ জিতল স্বাগতিকরা।

মিরপুরে টস জিতে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৯৬ রান সংগ্রহ করে বাংলাদেশ। দলের হয়ে সর্বোচ্চ ৯১ রান করেছেন সৌম্য। এ ছাড়া ৮০ রান করেছেন সাইফ। জবাবে ৩০ ওভার এক বলে সবকটি উইকেট হারিয়ে ১১৭ রান করেছে ওয়েস্ট ইন্ডিজ।

গত বৃহস্পতিবারও শুরু থেকে দুই প্রান্তে স্পিন আক্রমণে যায় বাংলাদেশ। সামনে বড় লক্ষ্য থাকলেও দেখেশুনে খেলেন দুই ক্যারিবীয় ওপেনার। জুটি ভাঙতে পঞ্চম ওভার পর্যন্ত অপেক্ষা করতে হয় বাংলাদেশকে। আলিক আথানজেকে লেগ বিফোরের ফাঁদে ফেলে বাংলাদেশকে প্রথম ব্রেকথ্রু এনে দেন নাসুম।

নিজের পরের ওভারে ফিরে আবারও উইকেটের দেখা পান নাসুম। বাঁহাতি এই স্পিনারের এবারের শিকার আকিম অগাস্টে। তিন বল খেলে রানের খাতা খুলতে পারেননি এই টপ অর্ডার ব্যাটার।

খোলস ছেড়ে বের হয়ে আসার চেষ্টা করছিলেন ব্রেন্ডন কিং। থিতু হওয়ার আগেই এই ওপেনারকেও ফেরান নাসুম। ১৭ বলে ১৮ রান করে বোল্ড হয়েছেন তিনি।

ওয়েস্ট ইন্ডিজের মিডল অর্ডারের সবচেয়ে বড় স্তম্ভ শাই হোপ। গত ম্যাচে তিনি একাই ম্যাচ বের করে নিয়েছিলেন। অভিজ্ঞ এই ব্যাটারকে ফিরিয়েছেন তানভীর ইসলাম। ১৬ বল খেলে তিনি করেছেন ৪ রান। হোপের পথেই হেঁটেছেন শারফোন রাদারফোর্ডও। ১২ রান করা এই ব্যাটার রিশাদের বলে এরপর ৪০ পৃষ্ঠায়



## আমার কোনো অনুশোচনা নেই : সাকিব

আজকাল স্পোর্টস

এক সময় স্লোগান উঠতো 'বাংলাদেশের জান, বাংলাদেশের প্রাণ সাকিব আল হাসান।' তার কারণও নিশ্চয়ই অমূলক নয়, তাকেই যে দেশের ক্রিকেটের সবচেয়ে বড় পোস্টারবয় হিসেবে জানে সারা বিশ্ব। কিন্তু এক বছরেই পরিস্থিতি পুরোপুরি বদলে গেছে। দেশের ক্রিকেটে তার অধ্যায় কার্যত শেষ বলে মনে করা হচ্ছে। কোটা সংস্কার আন্দোলনে নিরব ভূমিকার জন্য সমর্থকদের তীব্র সমালোচনার এরপর ২৮ পৃষ্ঠায়



## বিসিবির কোচ হওয়ার প্রস্তাব পেলেন আশরাফুল

আজকাল স্পোর্টস

জাতীয় দলের সাবেক অধিনায়ক মোহাম্মদ আশরাফুলকে কোচ হওয়ার প্রস্তাব দিয়েছে বিসিবি। জাতীয় দলের জন্য নাকি অন্য কোনো বিভাগে তাকে অ্যাপ্রোচ করেছে বিসিবি সেটা বিস্তারিত জানা যায়নি। কোচ হওয়ার প্রস্তাব পাওয়ার বিষয়টি ঢাকা পোস্টকে আশরাফুল নিজেই নিশ্চিত করেছেন।

আশরাফুলের কোচ হওয়ার বিষয়টি এখনো আলোচনার পর্যায়ে। তাকে প্রস্তাব দেয়া হয়েছে কোচ হওয়ার জন্য, তবে কোন ভূমিকায় কাজ করবেন সেটা এখনো নিশ্চিত নয়।

মুঠোফোনে আজ রাতে আশরাফুল বলেন, 'হ্যাঁ, বোর্ড থেকে অ্যাপ্রোচ করা হয়েছে। তবে এখনো তাদের সঙ্গে আলোচনা হচ্ছে। সবকিছুই আসলে আলোচনার পর্যায়ে রয়েছে। কিছুদিন ধরে কথা চলছিল, এখন ব্যাটিং কোচের দায়িত্বে নাকি অন্য কোনো ভূমিকায় সেটা এখনো নিশ্চিত না।'

এর আগে ২০২৪ সালের শেষ দিকে বাংলাদেশ দলের কোচিং প্যানেলে যুক্ত হন ঘরোয়া ক্রিকেটের জনপ্রিয় মুখ মোহাম্মদ সালাউদ্দিন। পদবী হিসেবে নামের পাশে যোগ হয় সিনিয়র সহকারী কোচ। চলতি বছরের ফেব্রুয়ারি-মার্চে হওয়া আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি পর্যন্ত বিসিবির সঙ্গে সালাউদ্দিনের চুক্তি ছিল।

পরে নতুন করে টাইগার এই কোচের মেয়াদ বেড়ে যায়। আগামী ২০২৭ সালের নভেম্বর এরপর ৫০ পৃষ্ঠায়



## প্রতিপক্ষের জালে গোল উৎসব লিভারপুল-চেলসি-বায়ার্নের

আজকাল স্পোর্টস

উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের তৃতীয় ম্যাচ ডেতে রীতিমতো গোলের বন্যা বয়ে গেছে। মঙ্গলবার রাতে হয়েছিল ৯টি ম্যাচ, যেখানে হয়েছে ৪৩টি গোল। গতকাল (বুধবার) রাতে অনুষ্ঠিত ৯ ম্যাচেও ২৮ গোলের দেখা মিলেছে। যেখানে প্রতিপক্ষের জালে গোল উৎসব করেছে লিভারপুল, চেলসি ও বায়ার্ন মিউনিখের মতো ক্লাবগুলো।

লিভারপুল ৫ : ১ আইনট্রাখট ফ্রাঙ্কফুর্ট

ফ্রাঙ্কফুর্টের মাঠে খেলতে নেমে ২৬ মিনিটেই পিছিয়ে পড়েছিল লিভারপুল। তবে ম্যাচের বাকি সময়টা তাদের দখলে। এরপর একে একে ৫ গোল দিয়েছে আর্নে স্লটের শিষ্যরা। তাদের নেওয়া ১৭ শটের মধ্যে ১৪টিই লক্ষ্যে ছিল। বলের পজেশনও ছিল ৬৪ শতাংশ। অলদের দাপুটে পারফরম্যান্সের সামনেই ঘরের মাঠেও তটস্থ হয়ে ছিল জার্মান ক্লাবটি। ২৬ মিনিটের মাথায় মারিও গোৎজের পাস ধরে ডিফেন্ডার রাসমুস নিসেন ডি-বক্সে ঢুকে কোনাকুনি শটে গোল করেন।

অলরেডদের পক্ষে সেই গোল শোধ করতে হুগো একিতিকে স্রেফ ৯ মিনিট সময় নিয়েছেন। অ্যান্ডি রবার্টসনের বাড়ানো বল ধরে বক্সে ঢুকে তিনি পরাস্ত করেন স্বাগতিক গোলরক্ষককে। বিরতির আগেই তারা আরও এরপর ৪০ পৃষ্ঠায়

# আইসিসি থেকে বড় সুখবর পেলেন রিশাদ

আজকাল স্পোর্টস



ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ঘরের মাঠে ওয়ানডে সিরিজ খেলছে বাংলাদেশ। ইতোমধ্যে দুই ম্যাচ শেষে উভয়ে ১-১ সমতায় রয়েছে। চলমান এই সিরিজে ব্যাট-বল-ফিল্ডিং প্রতিটি বিভাগেই প্রাণবন্ত পারফর্ম করছেন রিশাদ হোসেন। তারই পুরস্কার মিলেছে আইসিসির ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে। বাংলাদেশি এই লেগস্পিনার বোলিংয়ে ৬৫ এবং অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ে ৮৭ ধাপ উন্নতি করেছেন।

মিরপুর শের-ই বাংলা স্টেডিয়ামে গতকাল (মঙ্গলবার) দ্বিতীয় ওয়ানডেতে মুখোমুখি হয় বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ। সেখানে ব্যাট হাতে ১৪ বলে ৩টি করে চার-ছক্কায় ৩৯ রান করেন রিশাদ। এরপর বোলিংয়ে ১০ ওভারে ৪২ রান খরচায় ৩ উইকেট শিকার করেন। যা বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ। এর আগে প্রথম ওয়ানডেতে ১৩ বলে ২৬ রান করার পর ৩৫ রানে ৬ উইকেট শিকার করেছিলেন রিশাদ। যা ওয়ানডেতে তার ক্যারিয়ারসেরা বোলিং ফিগার।

ব্যাট-বলে দারুণ সময় কাটানো রিশাদ ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে বড় লাফ দিয়েছেন। বোলিং র‍্যাঙ্কিংয়ে ৬৫ ধাপ এগিয়ে তার অবস্থান ৬৮তম, একইসঙ্গে বর্তমান ৪৩০ রেটিং পয়েন্ট রিশাদের ওয়ানডে ক্যারিয়ারে সর্বোচ্চ।

এ ছাড়া ওয়ানডের অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়েও ক্যারিয়ারসেরা রেটিং ১৫১ পয়েন্ট নিয়ে ৮৭ ধাপ এগিয়ে রিশাদের অবস্থান ৩৭তম।

ওয়ানডে বোলারদের র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের অধিনায়ক মেহেদী হাসান মিরাজ ৬ ধাপ এগিয়ে ১৮তম এবং অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ে এক ধাপ এগিয়ে এরপর ৩৮ পৃষ্ঠায়

## আগামী মাসে ফের মুখোমুখি হচ্ছে ভারত-পাকিস্তান

আজকাল স্পোর্টস

ভারত-পাকিস্তানের মধ্যকার রাজনৈতিক অস্থিরতা সাম্প্রতিক সময়ে আরো বেড়েছে। যার প্রভাব পড়েছে ক্রিকেট মাঠেও। সর্বশেষ এশিয়া কাপে দুই দলের মাঠের লড়াইয়েও ছিল দুই দেশের সম্পর্কের নেতিবাচক প্রভাব। ফলে ভারত-পাকিস্তান ম্যাচ ঘিরে বাড়তি উন্মাদনা তৈরি হয় ভক্তদের মধ্যে। দুই দেশের মধ্যে কোনো দ্বিপাক্ষিক সিরিজ না হওয়ায় জাতীয় দলের খেলা দেখতে অপেক্ষা করতে হয় এসিসি কিংবা আইসিসি ইভেন্টের জন্য। এবার জাতীয় দলের বাইরেও দেখা হচ্ছে দুই দলের। সাবেক ও বর্তমান ক্রিকেটারদের সমন্বয়ে হংকংয়ে অনুষ্ঠিত হবে সিক্সেস টুর্নামেন্টে। এই আসরে ভারত, পাকিস্তান দুই দেশই অংশ নিচ্ছে। এরপর ৩৬ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rottoserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


## গোপনে বিয়ের গুঞ্জন যা বললেন ববি

৪৬ পৃষ্ঠার পর

সংলাপের, দীপা খন্দকার ও জয়রাজ প্রমুখ।

এদিকে গণমাধ্যমে প্রচার হয়েছে জনপ্রিয় অভিনেত্রী নাকি গোপনে বিয়ে করেছেন। যদিও তিনি বলেছেন, বর্তমানে ব্যক্তিজীবন নয়, মনোযোগ তার পুরোপুরি কাজের দিকে। অথচ সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে গুঞ্জন শুরু হয়েছে- বিয়ে করেছেন ববি। দীর্ঘদিনের প্রযোজক সাকিব সনেটের সঙ্গে সম্পর্কে থাকার পরও অবশেষে গোপনে বিয়ে করেন মির্জা আবুল বাশার মামুন নামে এক ব্যবসায়ীকে। সম্প্রতি সামাজিক মাধ্যমে এমন খবর ছড়িয়ে পড়লে ববি উড়িয়ে দেন সে কথা। অভিনেত্রী বলেছেনও সবই গুজব।

ব্যবসায়ী মির্জা আবুল বাশার মামুনের সঙ্গে ববির সম্পর্ক নিয়েও কথা ছড়িয়ে পড়ে। এমনকি ওই ব্যবসায়ী পুলিশের হাতে গ্রেফতার হওয়ার পর তাকে ববির 'কথিত স্বামী' হিসেবে উল্লেখ করা হয় কয়েকটি সংবাদে।

এ প্রসঙ্গে ববি বলেন, ওসব খবর পুরোপুরি মিথ্যা। আমি যদি এসব নিয়ে কথা বলি, তাহলে তারা আরও প্রচার পাবে। ওই ব্যক্তির সঙ্গে কেবল রেস্টুরেন্ট ব্যবসা নিয়ে আলোচনা হয়েছিল, এর বাইরে কিছু না। আবার কেউ আমার নাম ব্যবহার করে অপপ্রচার করলে আইনগত ব্যবস্থা নেব বলে জানিয়েছেন অভিনেত্রী।

এর আগে 'নোলক' সিনেমার প্রি-প্রোডাকশনের কাজ করতে গিয়ে প্রযোজক ও পরিচালক সাকিব সনেটের সঙ্গে প্রেম শুরু হয়। ২০১৯ সালে সিনেমাটি যখন প্রেক্ষাগৃহে মুক্তি পায়, তখন দুজনে চুটিয়ে প্রেম করছিলেন। এরপর প্রথম দিকে সম্পর্কের গোপনীয়তা থাকলেও পরে তা প্রকাশ্যে আসে। যেটি একসময় 'ওপেন সিক্রেট' হয়ে যায়। একপর্যায়ে অভিনেত্রী ও সাকিব সনেট তাদের সম্পর্কের কথা স্বীকার করে নেন। ২০২৩ সালে বিয়ে করার কথা বলেছিল তাদের। সেই সময় তারা জানিয়েছিলেন সেই ইচ্ছার কথাও। কিন্তু এরপর থেকে ধীরে ধীরে নীরব হয়ে যান দুজনেই।

সম্পর্ক ভাঙার গুজনের বিষয়ে প্রশ্ন করা হলে এড়িয়ে গিয়ে অভিনেত্রী বলেন, এটা তো অনেক আগের কথা। নোলক সিনেমার সময়কার ঘটনা। তখন আমি কিছু বলেছি কিনা, মনে নেই।

বর্তমানে কারও সঙ্গে সম্পর্কে আছেন কিনা এমন প্রশ্নের উত্তরে ববি বলেন, না, এখন আমি কারও সঙ্গেই সম্পর্কে নেই। কাজ নিয়েই ব্যস্ত আছি। একটা সময় কিছু ছিল, কিন্তু এখন আর নেই। তবে বন্ধুত্ব এখনো আছে।


# BECOME A REALTOR
## রিয়েল এস্টেট পেশায় আসুন

**Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !**

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

**Pass Real Estate Exam**

[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

**Real Estate Productivity Coaching**



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

347-451-7307
347-846-1200
347-846-1201

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com

75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370

realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245


## ফের বিয়ে করেছেন নগর বাউল জেমস

৪৬ পৃষ্ঠার পর

হসপিটালে স্থানীয় সময় মধ্যরাত ৩টা ৩৫মিনিটে জন্ম নেয় প্রথম ছেলে সন্তান জিনহান আনাম।

দুজনের বোঝাপড়াটা দারুন। নামিয়ার পিতা তুহুল আমিন আর মাতা নাহিদ আমিন আমেরিকায় স্থায়ীভাবে বসবাস করছেন। নামিয়া যুক্তরাষ্ট্রে বেড়ে উঠেছেন। সেখানে একজন নৃত্যশিল্পী হিসেবেও তার খ্যাতি রয়েছে। এর আগে চিত্রনায়িকা রথি ও বর্তমানে আমেরিকা প্রবাসী বেনজীরের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিলেন জেমস।

২০১৪ সালে দ্বিতীয় স্ত্রী বেনজির সাজ্জাদের কাছ থেকে জেমস পেশাগত কারণেই আলাদা হয়েছেন। কেননা বেনজীর তাদের একমাত্র কন্যা সন্তান জান্নাতকে নিয়ে যুক্তরাষ্ট্রের আলাস্কা স্থায়ীভাবে বসবাস করার সিদ্ধান্ত বাস্তবায়ন করেছিলেন। আর জেমস কোনভাবেই গান আর দেশ ছাড়বেন না। তখন সমঝোতার ভিত্তিতেই দুজনের ছাড়াছাড়ি হয়। আর প্রথম স্ত্রী রথির ঘরে জেমসের এক পুত্র সন্তান দানিশ ও কন্যা জান্নাত রয়েছে। এরা দুজনে বিশ্ববিদ্যালয়ের গণ্ডি পেরিয়ে নিজ জীবনে ব্যস্ত সময় পার করছেন। নতুন জীবন নিয়ে জেমস বলেন, আল্লাহর অশেষ কৃপায় ভালো আছি। যতদিন বাঁচি, যেন গান গেয়ে যেতে পারি। দোয়া চাই সবার কাছে। সবাই আমাকে প্রার্থনায় রাখবেন।

কে এই মার্কিন নাগরিক নামিয়া আমিন?

সংগীতের সঙ্গে সম্পর্ক কখনও ছিন্ন হয়নি, তবে ব্যক্তিজীবনে একাধিকবার সঙ্গী বদলেছেন বাংলাদেশের ব্যান্ড সংগীতের 'গুরু' মাহফুজ আনাম জেমস। সম্প্রতি তৃতীয় বিয়ের খবর প্রকাশ্যে আনেন এই কিংবদন্তি গায়ক। জানিয়েছেন, ৬১ বছর বয়সে বাবার হওয়ার খবরও। অনেকেই জানতে চাচ্ছেন, জেমসের তৃতীয় স্ত্রী কে এই মার্কিন নাগরিক নামিয়া আমিন?

জানা গেছে, নামিয়া আমিন যুক্তরাষ্ট্রের নাগরিক। জন্ম ও বেড়ে ওঠা সেখানেই। তার বাবা তুহুল আমিন ও মা নাহিদ আমিন দুজনেই মার্কিন নাগরিক এবং স্থায়ীভাবে যুক্তরাষ্ট্রে বসবাস করেন। নামিয়া নিউইয়র্কের জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস থেকে স্নাতক সম্পন্ন করেছেন। পাশাপাশি তিনি একজন প্রশিক্ষিত নৃত্যশিল্পী হিসেবেও পরিচিত।

২০২৩ সালের জুনে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে এক অনুষ্ঠানে জেমস ও নামিয়ার পরিচয় হয়। প্রথম দেখায় বন্ধুত্ব, এরপর ধীরে ধীরে গড়ে ওঠে ঘনিষ্ঠতা। এক বছর পর, ২০২৪ সালের ১২ জুন ঢাকায় পারিবারিকভাবে তাদের বিয়ে হয়।

২০২৫ সালের ৮ জুন নিউইয়র্কের ব্রুকলিন হাসপাতালে তাদের পুত্রসন্তান জিনহানের জন্ম হয়। জন্মের সময় জেমস নিজেও হাসপাতালে উপস্থিত ছিলেন। এক মাস যুক্তরাষ্ট্রে অবস্থানের পর স্ত্রী ও সন্তানকে নিয়ে দেশে ফেরেন তিনি।

এর আগে চিত্রনায়িকা রথি ও প্রবাসী বেনজীর সাজ্জাদ ছিলেন জেমসের প্রথম ও দ্বিতীয় স্ত্রী। ২০১৪ সালে বেনজীরের সঙ্গে তার বিচ্ছেদ হয় পারস্পরিক সমঝোতার ভিত্তিতে। বেনজীর তখন মেয়েকে নিয়ে যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের সিদ্ধান্ত নেন। আর জেমস পেশাগত কারণে দেশ ছাড়তে রাজি ছিলেন না।


# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।





যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


## এক সিনেমার জন্য আরেকটি ছাড়লেন সাবিলা নূর

৪৬ পৃষ্ঠার পর

ছাড়লেন তিনি। 'বনলতা এক্সপ্রেস' ছবিতে অভিনয় করবেন চঞ্চল চৌধুরী, মোশাররফ করিম, শরিফুল রাজ। প্রায় কাছাকাছি সময়ে দুই ছবির শুটিংয়ের সময় নির্ধারণ হওয়ায় 'রাক্ষস'-এর প্রযোজনা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতার মাধ্যমে ছবি থেকে নিজেকে প্রত্যাহার করেন সাবিলা নূর। তার এই দায়িত্বজ্ঞানের কারণে অনেকে প্রশংসা করছেন অভিনেত্রীর।

এ প্রসঙ্গে সাবিলা নূর বলেন, 'তানিম ভাইয়ের সঙ্গে "বনলতা এক্সপ্রেস" নিয়ে অনেক আগে থেকে কথা হচ্ছিল। এর মধ্যে "রাক্ষস" নিয়েও কথা এগোয়। কিন্তু একই সময়ে শুটিং পড়ে যাচ্ছে বলে একটি ছবি ছাড়তে হলো। দুই পরিচালকই আমাকে ভাবতে বলেছিলেন। দুটি ছবিতে কাজ করার ব্যাপারে দুজনই সহযোগিতা করবেন বলে জানিয়েছিলেন। কিন্তু আমার মনে হয়েছে, একই সময়ে দুটি কাজ করলে ঠিকঠাক মনোযোগ দেওয়া মুশকিল। তাই একটি চরিত্রে নিজেকে বেশি মনোযোগী রাখতে চেয়েছি।'

'রাক্ষস' ছবির পরিচালক মেহেদি হাসান জানান, সাবিলার বদলে তারা এখন নতুন নায়িকা খুঁজছেন। কয়েকজনের সঙ্গে এরই মধ্যে কথাবার্তা হয়েছে। শুটিং শুরুর আগে চূড়ান্ত নাম প্রকাশ করবেন তারা। গত ঈদুল আজহায় ১৩০টি হলে মুক্তি পায় শাকিব-জয়া-সাবিলা অভিনীত ছবি 'তাণ্ডব'। এই ছবির মধ্যদিয়ে বড়পর্দার নায়িকা হিসেবে যাত্রা শুরু হয় সাবিলার। বহু বছর পর ছবিতে একসঙ্গে দেখা যায় জয়া আহসান ও শাকিব খানকে। পরে গত আগস্ট মাসে দুটি ওটিটিতে অবমুক্ত হয় 'তাণ্ডব'।

Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite #5/14
Long Island City, NY 11101

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
**TEL: 718-701-2666**



# ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

**Attending Physician
Wyckoff Heights
Medical Center**

## Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

## GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

# মহিলা দাঁতের ডাক্তার

## NAEEMA BHUIYA, D.D.S
## নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: **718-206-0601**, Fax: 718-206-0603

# রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

**Tel: 718-414-4760**

## USR BROKERAGE CORP.

USR BROKERAGE

আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

**MULTI-CARRIER ACCESS:**
**ALLOWS US TO COMPARE PRICES**
**FROM MULTIPLE CARRIERS.**



### MD ABDUR ROUF

President

Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**

